লেকচার

SSC সৃজনশীল

Short সিলেবাসে

# হিসাববিজ্ঞান

TEST PAPERS WITH MADE EASY + Q BANK

EXAM 2023

সকল বোর্ড

অধিকতর ও Smart প্রস্তুতির জন্য

ডাউনলোড করতে QR Code টি স্ক্যান করো

মূল বইয়ের বাইরে আরও মডেল টেস্ট ও শীর্ষস্থানীয় স্কুলের প্রশ্নপত্র ও উত্তরমালা

পর্যায়ক্রমে আপলোড হবে...

# বিস্তারিত সূচি

● পৃষ্ঠা নং দেখে কাঙ্ক্ষিত বিষয়টির অবস্থান জেনে নিই


অধিক অনুশীলনের মাধ্যমে সেরা প্রস্তুতির জন্য মূল বইয়ের বাইরে আরও
**শীর্ষস্থানীয় স্কুলের প্রশ্নপত্র : সৃজনশীল**------ ৩–১২

১. সরকারি করোনেশন বালিকা মাধ্যমিক বিদ্যালয়, খুলনা ...... ৩
২. খুলনা জিলা স্কুল ...... ৫
৩. ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা সেনানিবাস ...... ৭
৪. ইস্পাহানী পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম ...... ৯
৫. জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ ...... ১১

অধিক অনুশীলনের মাধ্যমে সেরা প্রস্তুতির জন্য মূল বইয়ের বাইরে আরও
**শীর্ষস্থানীয় স্কুলের প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি**------ ১৩–১৭

৬. হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা ...... ১৩
৭. মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা ...... ১৪
৮. বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা ...... ১৫
৯. অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ...... ১৬
১০. বাংলাদেশ নৌবাহিনী স্কুল ও কলেজ, চট্টগ্রাম ...... ১৭

অধিক অনুশীলনের মাধ্যমে সেরা প্রস্তুতির জন্য মূল বইয়ের বাইরে আরও
**এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল**------ ১৮–২৭

১১. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১ ...... ১৮
১২. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২ ...... ২০
১৩. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩ ...... ২২
১৪. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪ ...... ২৪
১৫. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫ ...... ২৬

অধিক অনুশীলনের মাধ্যমে সেরা প্রস্তুতির জন্য মূল বইয়ের বাইরে আরও
**এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি**------ ২৮–৩২

১৬. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬ ...... ২৮
১৭. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৭ ...... ২৯
১৮. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৮ ...... ৩০
১৯. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৯ ...... ৩১
২০. এক্সক্লুসিভ মডেল টেস্ট ১০ ...... ৩২


লেকচার

# মূল বইয়ের বাইরে আরও শীর্ষস্থানীয় স্কুলের প্রশ্নপত্র : সৃজনশীল

## ১ সরকারি করোনেশন বালিকা মাধ্যমিক বিদ্যালয়, খুলনা

বিষয় কোড : 1 4 6

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট | হিসাববিজ্ঞান ● সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে **দুটি** ও খ বিভাগ হতে যেকোনো **পাঁচটিসহ** সর্বমোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১** ▶ আলম ব্রাদার্স এর ২০২০ সালের ৩০ জুন তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

**আলম ব্রাদার্স এর রেওয়ামিল**

২০২০ সালের ৩০ জুন সমাপ্ত বছরের জন্য

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | ক্রয় ও পাওনাদার | | ১,৫০,০০০ | ৯০,০০০ |
| ২. | দেনাদার ও বিক্রয় | | ৭৩,০০০ | ১,২৭,০০০ |
| ৩. | ১০% বিনিয়োগ | | ৫০,০০০ | |
| ৪. | বহিঃপরিবহন ও বহিঃফেরত | | ১৫,০০০ | ৬,৫০০ |
| ৫. | ডক চার্জ | | ৫০০ | |
| ৬. | ১৫% ব্যাংক জমাতিরিক্ত (৩১.১.২০২০) | | | ৪০,০০০ |
| ৭. | মূলধন | | | ১,২৫,০০০ |
| ৮. | অগ্রিম ভাড়া | | ১০,০০০ | |
| ৯. | ব্যাংকিং চার্জ ও কুঋণ সঞ্চিতি | | ২,০০০ | ৩,৫০০ |
| ১০. | বাট্টা | | ৭,৫০০ | ১১,০০০ |
| ১১. | শুল্ক | | ১,০০০ | |
| ১২. | বেতন (৯ মাস) | | ৩৬,০০০ | |
| ১৩. | অতিরিক্ত মূলধন | | | ৪০,০০০ |
| ১৪. | আসবাবপত্র | | ২০,০০০ | |
| ১৫. | ইজারা সম্পত্তি (১০ বছর) | | ১,০০,০০০ | |
| ১৬. | উপভাড়া | | | ২২,০০০ |
| | | | ৪,৬৫,০০০ | ৪,৬৫,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) অবিক্রীত পণ্যের মূল্য ৫৮,৮০০ টাকা; (২) অগ্রিম ভাড়া ৬,০০০ টাকা মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (৩) অলিখিত ক্রয় ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (৪) মালিক কর্তৃক পণ্য উত্তোলন ১,৫০০ টাকা এবং মূলধনের সুদ ৪ $\frac{১}{২}$ %; (৫) উক্ত বছরের কুঋণের পরিমাণ ৪,০০০ টাকা এর ৫% কুঋণ সঞ্চিতি ধরতে হবে।

ক. আলম ব্রাদার্স এর নিট দেনাদার কত টাকা? ২

খ. উপর্যুক্ত তথ্য হতে মোট লাভ/ক্ষতি নির্ণয় কর। ৪

গ. আলম ব্রাদার্স এর নিট লাভ/ক্ষতি নির্ণয় কর। ৪

**২** ▶ আহমেদ এন্টারপ্রাইজের ২০২১ সালের ৩০ জুন সমাপ্ত বছরের মোট মুনাফা ১,২৮,০০০ টাকা।

উক্ত তারিখে প্রতিষ্ঠানটির আংশিক রেওয়ামিল ও সমন্বয়সমূহ নিম্নরূপ :

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | উত্তোলন ও মূলধন | | ১০,০০০ | ২,৮০,০০০ |
| ২. | অফিস সরঞ্জাম | | ২,৪০,০০০ | |
| ৩. | ভাড়া (৬ মাস) | | ৭২,০০০ | |
| ৪. | প্রাপ্য নোট ও প্রদেয় নোট | | ৩১,০০০ | ২৬,০০০ |
| ৫. | পুঞ্জীভূত অবচয় (অফিস সরঞ্জাম) | | | ১২,০০০ |
| ৬. | ৮% বিনিয়োগ (১-১-২০২১) | | ১,০০,০০০ | |
| ৭. | কমিশন | | ৩,০০০ | ২,০০০ |
| ৮. | বাড়ি ভাড়া আয় | | | ২০,০০০ |
| ৯. | কর ও অভিকর | | ৮,০০০ | |
| ১০. | বিনিয়োগের সুদ | | | ৪,০০০ |
| ১১. | ১০% বন্ধকি ঋণ (১-২-২০২১) | | | ১,২০,০০০ |
| | | | ৪,৬৪,০০০ | ৪,৬৪,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ১,২৮,০০০ টাকা; (২) কর বাবদ ১,৫০০ টাকা বকেয়া রয়েছে, পক্ষান্তরে অভিকর ৫০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে; (৩) বাড়িভাড়া ২ বছরের জন্য পাওয়া গেছে; (৪) অফিস সরঞ্জামের অবচয় ৭ $\frac{১}{২}$% এবং অনাদায়ি কমিশন ২,০০০ টাকা; (৫) ব্যবসায়ে মালিক অতিরিক্ত বিনিয়োগ করেন ১৫,০০০ টাকা; (৬) উত্তোলনের ওপর ৫% সুদ ধার্য করতে হবে।

ক. অন্যান্য আয়ের মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ. আহমেদ এন্টারপ্রাইজের ২০২১ সালের ৩০ জুন সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. উক্ত প্রতিষ্ঠানের ৩০ জুন তারিখের সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

**৩** ▶ জনাব হাসানের ব্যবসায়ে ২০২০ সালের মার্চ মাসে নিম্নোক্ত লেনদেনগুলো হয়েছে।

মার্চ ১ ব্যবসায়ের বিনিয়োগ করা হলো ১,৫০,০০০ টাকা।
" ৫ অফিস ভাড়া পরিশোধ করা হলো ১২,০০০ টাকা।
" ৭ ধারে যন্ত্রপাতি ক্রয় ২৫,০০০ টাকা।
" ১০ নগদে বিক্রয় ৮,০০০ টাকা।
" ১২ কর্মচারীর বেতন প্রদান ৫,০০০ টাকা।
" ২০ বাকিতে বিক্রয় ১০,০০০ টাকা।

ক. জনাব হাসানের মোট বিক্রয়ের পরিমাণ কত? ২

খ. ৩০ মার্চ জনাব হাসানের স্বত্বাধিকারের পরিমাণ কত? ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখাও। ৪

**৪** ▶ রাসেল ট্রেডার্স এর ২০২১ সালের এপ্রিল মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

এপ্রিল ২ ব্যাংক হতে উত্তোলন ২০,০০০ টাকা।
" ৪ নয়ন ট্রেডার্সের নিকট ১০% বাট্টায় ১২,০০০ টাকার পণ্য বিক্রয় (চালান নং -৩০১) পরিবহন খরচ ১,০০০ টাকা।
" ৮ ১০% বাট্টায় তানহা এন্ড কোং এর নিকট ৮,০০০ টাকার পণ্য বিক্রয় (চালান নং- ৩০২) প্যাকিং চার্জ ২০০ টাকা।
" ১০ 'নগদ উত্তোলন ২,০০০ টাকা।

ক. উক্ত মাসের ২ ও ১০ তারিখের লেনদেন সাধারণ জাবেদায় অন্তর্ভুক্ত করে। (ব্যাখ্যা ব্যতীত) ২

খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ. বিক্রয় জাবেদার তথ্যের ভিত্তিতে সহকারী খতিয়ান প্রস্তুত কর। ৪

**৫** ▶ জনাব হারুন ২০২১ সালে নগদ ২,৫০,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার ঋণ নিয়ে হারুন ফার্নিচার নামে ব্যবসায় শুরু করেন।

জানু ৪ নাবিল ফার্নিচার হতে ৫% বাট্টায় ৬০,০০০ টাকায় ৩০টি আলনা ক্রয় করে ৩০,০০০ টাকা নগদে প্রদত্ত হলো।

" ৭ প্রতিটি ২,৫০০ টাকা দরে ১০টি আলনা সেলিম ট্রেডার্সের নিকট ১০% বাট্টায় বিক্রয় করে ৫০% পাওয়া গেল।

" ৯ নাবিল ফার্নিচারকে নমুনামাফিক না হওয়ায় ৫,০০০ টাকা মূল্যের আলনা ফেরত প্রদান।

" ১৫ তুহিন ইলেকট্রনিক্স হতে ব্যবসায় ব্যবহারের জন্য ১০,০০০ টাকা মূল্যের ফ্যান ক্রয়।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জানুয়ারি ৯ তারিখের আলোকে প্রয়োজনীয় নোট তৈরি কর। ৪

গ. জানুয়ারি ৯ তারিখ ব্যতীত লেনদেনের আলোকে প্রমাণ কর যে, A = L + E ৪

৬ ▶ জনাব কামাল একজন ব্যবসায়ী। ২০১৯ সালের জানুয়ারি মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয়।

(১) স্ত্রীর অলংকার বিক্রয় করে ২,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।

(২) একটি ডেলিভারি ভ্যান ক্রয় করেন ৫০,০০০ টাকায়।

(৩) হাসানের নিকট থেকে ঋণ গ্রহণ ২০,০০০ টাকা।

(৪) ক্রয়কৃত ডেলিভারি ভ্যানের পরিবহন খরচ ৩,০০০ টাকা।

(৫) বিদ্যুৎ সংযোগ ব্যয় ১০,০০০ টাকা।

(৬) আসবাবপত্র ক্রয় ২৫,০০০ টাকা।

ক. ব্যবসায়ের মূলধনজাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় কর। ২

খ. মূলধনজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ক্রয়কৃত ডেলিভারি ভ্যানটি ২০% ক্ষতিতে বিক্রয় করলে মূলধনজাতীয় ক্ষতির পরিমাণ কত হবে? ৪

৭ ▶ মেসার্স সালমা ট্রেডার্স ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে সম্পদ ও দায়-দেনা নিচে দেওয়া হলো :

নগদান হিসাব ৪০,০০০ টাকা, আসবাবপত্র ১,০০,০০০ টাকা, বিনিয়োগ ৫০,০০০ টাকা, পাওনাদার ১০,০০০ টাকা ও মূলধন ১,৮০,০০০ টাকা। ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে ব্যবসায়ের বিষয়গুলো বিবেচনা করা হয় :

(১) মোট প্রদত্ত বেতন ১,২০,০০০ টাকা, যার মধ্যে ২০,০০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে।

(২) ভাড়া প্রদান করা হয়েছে ৫০,০০০ টাকা এবং ১০,০০০ টাকা বকেয়া রয়েছে।

(৩) বিনিয়োগের প্রাপ্য সুদের পরিমাণ ৫,০০০ টাকা।

(৪) আসবাবপত্রের ওপর ১০,০০০ টাকা অবচয় ধার্য করা হয়।

ক. উপর্যুক্ত তথ্য থেকে প্রারম্ভিক জাবেদা দাখিলা দেখাও। ২

খ. বছর শেষে প্রয়োজনীয় সমন্বয় জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. মেসার্স সালমা ট্রেডার্স এর প্রকৃত জাবেদায় সমাপনী দাখিলা প্রদান কর। ৪

৮ ▶ জনাব জামালের ব্যবসায়ের ২০২২ সালের মার্চ মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয়।

মার্চ ১ জনাব হাসানের নিকট থেকে প্রতি কেজি ৪০ টাকা দরে ১২০ কেজি আটা ক্রয়, কারবারি বাট্টা ৪%। চালান নং-৯০, বহন খরচ ৬০০ টাকা।

" ২০ মিরন স্টোরের নিকট ১০০ টাকা লিটার দরে ৮ লিটার তেল বিক্রয়। চালান নং-৯৫

" ২৮ জনাব সেলিমের নিকট থেকে প্রতি কেজি ২৫ টাকা দরে ২০০ কেজি পেঁয়াজ ক্রয়। কারবারি বাট্টা ৬% চালান নং ৩০৬ প্যাকিং খরচ ১০০ টাকা।

ক. আনুষঙ্গিক খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০ তারিখের লেনদেনগুলো দ্বারা একটি চালান তৈরি কর। ৪

গ. উপর্যুক্ত তথ্যাবলির আলোকে একটি ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

৯ ▶ জনাব সিয়ামের ব্যবসায়ের কয়েকটি লেনদেন নিম্নরূপ :

২০২২ সালের

জানু ১ নগদ ৪,০০,০০০ টাকা ও ৭,০০০ টাকার পণ্য নিয়ে ব্যবসায় আরম্ভ করা হলো।

" ৩ ধারে বিক্রয় ৩০,০০০ টাকা।

" ১০ প্রাপ্তি ৪,৫০০ টাকা এবং প্রদত্ত বাট্টা ১,৩০০ টাকা।

" ২০ প্রদান ৫,০০০ টাকা এবং প্রাপ্ত বাট্টা ১,০০০ টাকা।

ক. দেনাদারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. সিয়ামের একটি নগদান হিসাব প্রস্তুত কর। ৪

গ. সিয়ামের একটি মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

১০ ▶ ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে মামুন এন্ড ব্রাদার্স খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

| | |
|---|---|
| হাতে নগদ (০১-০১-২০১৯) | ২০,০০০ টাকা |
| দেনাদার | ৪০,০০০ টাকা |
| অফিস সরঞ্জাম | ৩,০০,০০০ টাকা |
| ৮% সরকারি সঞ্চয়পত্র | ১,০০,০০০ টাকা |
| আন্তঃফেরত | ২০,০০০ টাকা |
| বকেয়া বেতন | ২,০০০ টাকা |
| সমাপনী মজুদ | ৬০,০০০ টাকা |
| মনিহারি | ৪,০০০ টাকা |
| ব্যাংক জমাতিরিক্ত | ২,০০০ টাকা |
| আসবাবপত্র | ১,৪০,০০০ টাকা |
| স্বল্পমেয়াদি ঋণ | ৮০,০০০ টাকা |
| সুদপ্রাপ্তি | ৬০,০০০ টাকা |
| মূলধন | ৬,৬০,০০০ টাকা |
| ট্রেডমার্ক | ৮০,০০০ টাকা |
| সুনাম | ৬০,০০০ টাকা |
| বিজ্ঞাপন | ৬০,০০০ টাকা |

ক. অস্পর্শনীয় সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্যের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

১১ ▶ মেসার্স পদ্মা ট্রেডার্সের ২০২০ সালের মে মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

২০২০ সালের

মে ১ পরিমাপের জন্য নতুন স্কেল ক্রয় ৩৮,৩০০ টাকা।

" ৩ প্রতি টন ৬০,০০০ টাকা দরে ১০ টন রড ক্রয়, কারবারি বাট্টা ৫%।

" ৭ প্রতি বস্তা ৩৫০ টাকা দরে ১,৫০০ বস্তা সিমেন্ট ক্রয়, করবারি বাট্টা ৬%। পরিবহন খরচ ৬,০০০ টাকা।

" ১০ মাহিন ট্রেডার্সের নিকট ৩৮০ টাকা দরে ১৫০ বস্তা সিমেন্ট বিক্রয়, কারবারি বাট্টা ১০%।

" ২৮ ভ্যান গাড়ি ক্রয় ১৬,৫০০ টাকা।

ক. কারবারি বাট্টার পরিমাণ কত? ২

খ. মে-১০ অবলম্বনে একটি ক্যাশমেমো তৈরি কর। ৪

গ. মে-১০ ব্যতীত অন্যান্য লেনদেনের কারণসহ হিসাবের শ্রেণিবিভাগ উল্লেখ কর। ৪

## ২ খুলনা জিলা স্কুল

বিষয় কোড : 1 4 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে **দুটি** ও খ বিভাগ হতে যেকোনো **পাঁচটিসহ** সর্বমোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ শিমুল এন্ড ব্রাদার্সের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ–

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | পণ্য ক্রয় ও বিক্রয় | | ১,১০,০০০ | ২,৭০,০০০ |
| ২. | মজুরি ও বেতন | | ২০,০০০ | |
| ৩. | পণ্য ফেরত | | ১০,০০০ | ৫,০০০ |
| ৪. | আয়কর | | ৪,০০০ | |
| ৫. | কারবারি বাট্টা | | ৬,০০০ | ২,০০০ |
| ৬. | শুল্ক | | ২৪,০০০ | |
| ৭. | দেনাদার | | ৩০,০০০ | |
| ৮. | বাড়িভাড়া (১০ মাস) | | | ৩০,০০০ |
| ৯. | দালানকোঠা | | ৪৮,০০০ | |
| ১০. | কমিশন | | ৫,০০০ | ৩,০০০ |
| ১১. | বাট্টা | | ৩,০০০ | ২,০০০ |
| ১২. | মজুদ পণ্য | | ২৫,০০০ | |
| | | | ৩,১২,০০০ | ৩,১২,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৬০,০০০ টাকা যার বাজার মূল্য ১০% কম; (২) বকেয়া মজুরি ১০,০০০ টাকা ও বাকিতে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা; (৩) দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট দেনাদারের উপর ৫% অনাদায়ি দেনা সঞ্চিতি ধার্য কর।

ক. শিমুল এন্ড ব্রাদার্সের নিট দেনাদারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. শিমুল এন্ড ব্রাদার্সের মোট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. শিমুল এন্ড ব্রাদার্সের নিট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ মেসার্স জনতা ট্রেডার্স

**রেওয়ামিল**

৩১ ডিসেম্বর ২০২১

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | প্রাপ্য বিল ও প্রদেয় বিল | | ৪০,০০০ | ২০,০০০ |
| ২. | উত্তোলন ও মূলধন | | ২৫,০০০ | ৭৫,০০০ |
| ৩. | বিজ্ঞাপন | | ১২,০০০ | |
| ৪. | বেতন (১৫ মাস) | | ১৫,০০০ | |
| ৫. | ১০% বন্ধকি ঋণ | | | ৩৬,০০০ |
| ৬. | বকেয়া ভাড়া | | | ২,০০০ |
| ৭. | বাট্টা | | ৩,০০০ | ২,৫০০ |
| ৮. | হাতে নগদ | | ৩৮,৫০০ | |
| ৯. | শিক্ষানবিশ সেলামি (৫ বছর) | | | ১৫,০০০ |
| ১০. | পাওনাদার | | | ১৩,০০০ |
| ১১. | দালানকোঠা | | ৫৫,০০০ | |
| ১২. | অতিরিক্ত মূলধন (১-৭-২১) | | | ২৫,০০০ |
| | | | ১,৮৮,৫০০ | ১,৮৮,৫০০ |

**সমন্বয়সমূহ :** (১) উত্তোলন ও মূলধনের উপর ৫% হারে সুদ ধার্য কর; (২) বিনামূল্যে পণ্য বিতরণ ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (৩) বিজ্ঞাপনের ⅓ অংশ অবলোপন কর; (৪) সমাপনী মজুদ পণ্যের মূল্য ২০,০০০ টাকা।

ক. মূলধনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উক্ত প্রতিষ্ঠানের মোট মুনাফা ৭৫,০০০ টাকা ধরে নিট মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪

গ. মেসার্স জনতা ট্রেডার্সের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

### খ বিভাগ

৩ ▸ ২০২১ সালের মার্চ মাসে ববি এন্ড সন্সের ব্যবসায় প্রতিষ্ঠানে নিম্নোক্ত লেনদেনগুলো গৃহীত হয়েছে–

মার্চ ১ নগদ ৬০,০০০ টাকা এবং ২৫,০০০ টাকার পাওনাদার নিয়ে ব্যবসা শুরু করা হলো।
" ৩ মালিক তার বাসায় ব্যবহৃত আসবাবপত্র ২,৫০,০০০ টাকায় বিক্রয় করেন।
" ৯ অফিসের জন্য ৫,০০০ টাকা দিয়ে একটা গণনার মেশিন ক্রয় করা হলো।
" ১২ পণ্য বিক্রয় করা হলো ২৫,০০০ টাকা। যার ৪৫% নগদে প্রাপ্ত হলো।
" ১৫ মালিক তার ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে ঋণ গ্রহণ করলেন ২৫,০০০ টাকা।
" ২৯ বাট্টা পাওয়া গেল ১,৫০০ টাকা।

ক. যে ঘটনাগুলো লেনদেন নয় তার পরিমাণ নির্ণয় কর। ২

খ. ১, ৯, ১২ ও ২৯ তারিখের লেনদেনগুলোর ডেবিট ক্রেডিট নির্ণয় কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা হিসাবের শ্রেণিবিভাগ কারণসহ লেখ। ৪

৪ ▸ সুমন ব্রাদার্স এর ২০২১ সালের মে মাসের লেনদেনগুলো ছিল নিম্নরূপ:

মে ১ খুলনা বড় বাজার থেকে দৌলতপুরে ব্যবসায় স্থানান্তর ব্যয় ২০,০০০ টাকা।
" ৩ দালানকোঠা চুনকাম বাবদ ব্যয় ৭,০০০ টাকা।
" ৬ নতুন মেশিন ক্রয় ৩০,০০০ টাকা।
" ১৫ বিজ্ঞাপন (৩ বছর) ১৫,০০০ টাকা।
" ২০ বিদ্যুৎ সংস্থাপন ব্যয় ২২,০০০ টাকা।
" ২৫ নতুন মেশিন আনার জন্য জাহাজ ভাড়া ১০,০০০ টাকা।

ক. বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নিরূপণ কর। ২

খ. মূলধনজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ৬ তারিখের ক্রীত মেশিনটি ৫০,০০০ টাকায় বিক্রয় করলে মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধনজাতীয় আয়ের পরিমাণ কত হবে নির্ণয় কর। ৪

৫ ▸ জনাব মাসুদ তার ব্যবসায়ের বিস্তারিত হিসাব সংরক্ষণ করেন। ১ জানুয়ারি ২০২১ তারিখে তার ব্যবসায়ের মোট সম্পদ ও দায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৩,২০,০০০ টাকা ও ২,৪০,০০০ টাকা। উক্ত বছরে তিনি আরও ৮০,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করেন এবং প্রতি মাসে ৪,০০০ টাকা করে উত্তোলন করেন।

৩১ ডিসেম্বর ২০২১ তারিখে তার ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিল : নগদ ৬০,০০০ টাকা; যন্ত্রপাতি ৫০,০০০ টাকা; পাওনা ২৫,০০০ টাকা; মজুদ পণ্য ৬০,০০০ টাকা; ঋণ ২৫,০০০ টাকা; দেনা ২৫,০০০ টাকা; অগ্রিম মজুরি ১০,০০০ টাকা এবং বকেয়া ভাড়া ৫,০০০ টাকা।

ক. জনাব মাসুদের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জনাব মাসুদের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ২০২১ সালের জনাব মাসুদের ব্যবসায়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৬ ▸ মি. হাসানের ২০২১ সালের এপ্রিল মাসের কতিপয় লেনদেন ছিল নিম্নরূপ:

এপ্রিল ১ নগদ ২,৫০,০০০ টাকা এবং ২৫,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করেন।

" ৩ কাগজ, কালি ও কলম ক্রয় ৪,৫০০ টাকা।

" ৫ ধারে পণ্য ক্রয় ৪৫,০০০ টাকা।

" ১৪ ৫ তারিখের ক্রয়কৃত পণ্য হতে ২০,০০০ টাকার পণ্য ফেরত দেওয়া হলো। (ডেবিট নোট নং-২১০)

" ১৭ কম্পিউটার মেরামত ব্যয় ২,০০০ টাকা।

" ২৪ অফিসের জন্য একটি প্রিন্টার ক্রয় ৭,০০০ টাকা।

" ২৫ বিজ্ঞাপন বাবদ চেক প্রদান ২৫,০০০ টাকা।

ক. ১৪ তারিখের লেনদেন অবলম্বনে একটি ডেবিট নোট তৈরি কর। ২

খ. উপর্যুক্ত তথ্য হতে মুনাফাজাতীয় লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. মি. হাসানের মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

৭ ▸ জনাব রাতুল যশোরের একজন খুলনার একজন পাইকারি ব্যবসায়ী। তার প্রতিষ্ঠানে ২০২১ সালের মার্চ মাসে কতিপয় লেনদেন ছিল নিম্নরূপ:

মার্চ ১ নগদ ৫০,০০০ টাকা এবং ২৫,০০০ টাকার পণ্য নিয়ে ব্যবসায় শুরু করেন।

" ৮ রতন এন্ড কোং এর নিকট ২৫,০০০ টাকা দরে ১৫টি ডিনার সেট বিক্রয়। প্যাকিং খরচ ৫০০ টাকা এবং কারবারি বাট্টা ৫%, চালান নং ১৩৫।

" ১০ রতন এন্ড কোং-এর নিকট হতে ৩টি ডিনার সেট ফেরত পাওয়া গেল। ক্রেডিট নোট নং-২০১।

" ১৫ আয়কর প্রদান করা হলো ৪,৫০০ টাকা।

ক. জনাব রাতুলের নিট মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৮ তারিখের লেনদেনের সাহায্যে একটি চালান প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনের সাহায্যে একটি ক্রেডিট নোট প্রস্তুত কর। ৪

৮ ▸ জনাব আবিদ ১লা মার্চ ২০২১ তারিখে নগদ ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার প্রতিষ্ঠানে অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ:

মার্চ ২ মামুনের নিকট থেকে ৫০,০০০ টাকার পণ্য ক্রয়।

" ৪ জীবন বিমার প্রিমিয়াম প্রদান ৫,০০০ টাকা।

" ৬ কমিশন পাওয়া গেল ১,৫০০ টাকা।

" ১২ নগদে ক্রয় ২০,০০০ টাকা।

" ৩০ মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৩,০০০ টাকা।

ক. জনাব আবিদের মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জনাব আবিদের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. জনাব আবিদের প্রতিষ্ঠানের নগদান হিসাব ও ক্রয় হিসাবের খতিয়ান চলমান জের ছকে প্রস্তুত কর। ৪

৯ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেজা ট্রেডার্সের খতিয়ানের উদ্বৃত্তগুলো নিম্নরূপ:

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| ক্রয় | ৬৬,০০০ | সমাপনী মজুদ পণ্য | ২৫,০০০ |
| বিক্রয় | ৮০,০০০ | ব্যাংক জমাতিরিক্ত | ২,১০,০০০ |
| মূলধন | ২,৫০,০০০ | সুনাম | ২,০০,০০০ |
| বেতন | ৬,৫০০ | নগদ তহবিল | ৩২,৫০০ |
| আমদানি শুল্ক | ৩,৫০০ | বিক্রয় খতিয়ানের জের | ১,০৫,০০০ |
| উপভাড়া | ৫,০০০ | প্রাপ্য বিল | ৫০,০০০ |
| বিজ্ঞাপন | ৩,৫০০ | প্রদেয় বিল | ৩০,০০০ |
| ক্রয় খতিয়ানের জের | ৩০,০০০ | ব্যাংক জমা | ১,৪৪,০০০ |

ক. রেজা ট্রেডার্সের অদৃশ্যমান সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. খতিয়ানের উদ্বৃত্তগুলোর মাধ্যমে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে রেজা ট্রেডার্সের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

১০ ▸ জনাব নিতুলের ২০২১ সালের মার্চ মাসের ব্যবসায়িক লেনদেনগুলো নিম্নরূপ :

মার্চ ১ জনাব হাসানের নিকট থেকে নগদে পণ্য ক্রয় ২২,০০০ টাকা।

" ৩ মাল ক্রয় ১৫,০০০ টাকা।

" ৬ যন্ত্রপাতি ক্রয় ৬০,০০০ টাকা।

" ৯ অনাদায়ি পাওনা ধার্য করা হলো ৫,০০০ টাকা।

" ১০ চেকে বেতন প্রদান ২০,০০০ টাকা।

" ১২ বিক্রয় বাবদ পাওনা অনাদায়ি হলো ২,৫০০ টাকা।

" ১৫ ব্যাংক চার্জ ৫৫০ টাকা।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মার্চ মাসের ১ তারিখের লেনদেন দ্বারা একটি ডেবিট ভাউচার তৈরি কর। ৪

গ. জনাব নিতুলের জাবেদা বইতে মার্চ ৯ তারিখ থেকে ১৫ তারিখ পর্যন্ত সংঘটিত লেনদেনগুলো লিপিবদ্ধ কর। ৪

১১ ▸ জনাব তাহমিদের ব্যবসায়ে ২০২০ সালের মার্চ মাসে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়েছে।

মার্চ ১ ৯৫,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।

" ৪ ১০,০০০ টাকা বেতনে একজন বিক্রয়কর্মী নিয়োগ করা হলো।

" ৭ জনতা ব্যাংকে ১০,০০০ টাকা দিয়ে একটি হিসাব খোলা হলো।

" ১০ চেকের মাধ্যমে পণ্য বিক্রয় ৫,০০০ টাকা।

" ১২ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে ঋণ গ্রহণ ৪৫,০০০ টাকা।

" ১৫ ব্যক্তিগত প্রয়োজনে নগদ উত্তোলন ১৫,০০০ টাকা।

ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ. বিবরণী ছকে হিসাব সমীকরণের ওপর উপর্যুক্ত লেনদেনসমূহের প্রভাব দেখাও। ৪

গ. উপর্যুক্ত লেনদেনসমূহের ডেবিট ও ক্রেডিট নির্ণয় কর। ৪

## ৩ ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা সেনানিবাস

বিষয় কোড : 1 4 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে **দুটি** ও খ বিভাগ হতে যেকোনো **পাঁচটিসহ** সর্বমোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

**১** ▶ সিমান্ত এন্টারপ্রাইজের ২০১৭ সালের ৩০ জুন সমাপ্ত বছরের অর্জিত মোট মুনাফা ১,২৮,০০০ টাকা। উক্ত তারিখে প্রতিষ্ঠানটির আংশিক রেওয়ামিল ও প্রয়োজনীয় সমন্বয়সমূহ নিম্নরূপ :

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১৩. | উত্তোলন ও মূলধন | | ১০,০০০ | ২,৮০,০০০ |
| ১৪. | অফিস সরঞ্জাম | | ২,৪০,০০০ | |
| ১৫. | বেতন (৬ মাসের) | | ৭২,০০০ | |
| ১৬. | প্রাপ্য নোট ও প্রদেয় নোট | | ২৫,০০০ | ২৬,০০০ |
| ১৭. | বাড়িভাড়া আয় | | | ৬,০০০ |
| ১৮. | পুঞ্জীভূত অবচয় (অফিস সরঞ্জাম) | | | ১২,০০০ |
| ১৯. | ৮% বিনিয়োগ (১-১-২০১৬) | | ১,০০,০০০ | |
| ২০. | কমিশন | | ৩,০০০ | ২,০০০ |
| ২১. | বিনিয়োগের সুদ | | | ৪,০০০ |
| ২২. | ১০% বন্ধকি ঋণ ১-২-২০১৭) | | | ১,২০,০০০ |
| | | | ৪,৫০,০০০ | ৪,৫০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ১,২৮,০০০ টাকা, কিন্তু বাজারমূল্য ২০,০০০ টাকা বেশি; (২) বাড়িভাড়া ২ বছরের জন্য পাওয়া গেছে; (৩) অফিস সরঞ্জামের ৭.৫% অবচয় ধরতে হবে; (৪) কমিশন বাবদ ২,০০০ টাকা অনাদায়ি রয়েছে।

ক. নিট বিক্রয় ৩,৫৬,০০০ টাকা ধরে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. সিমান্ত এন্টারপ্রাইজের ২০১৭ সালের ৩০ জুন সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. নিট ক্ষতি ২৭,০০০ টাকা ধরে হিসাবকালের শেষ তারিখের আর্থিক অবস্থা নিরূপণ কর। ৪

**২** ▶ আমান ট্রেডার্স ২০১৭ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,৫০,০০০ টাকা ও ৮০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করল। সারা মাসে প্রতিষ্ঠানের নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়—

জানু. ১ প্রাইম ব্যাংকে ৫০,০০০ টাকা জমা দিয়ে প্রতিষ্ঠানের নামে একটি ব্যাংক হিসাব খোলা হলো।

" ৪ বেলাল এন্টারপ্রাইজের নিকট হতে ৪৫,০০০ টাকার পণ্য ক্রয় করে নগদ প্রদান ২০,০০০ টাকা ও চেকে প্রদান ১৫,০০০ টাকা।

" ৬ ৮০,০০০ টাকার পণ্য বিক্রয় করে, নগদ ৩০,০০০ টাকা ও চেকে ২৫,০০০ টাকা পাওয়া গেল।

" ১৮ মালিক নিজ প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন করলেন ৮,০০০ টাকা।

" ২৮ বিজ্ঞাপন খরচ প্রদান ৮,০০০ টাকা।

ক. আমান ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরিউক্ত লেনদেনগুলোর মাধ্যমে প্রমাণ কর যে, A = L + E। ৪

গ. আমান ট্রেডার্সের মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

**৩** ▶ ঝর্ণা এন্টারপ্রাইজের ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখের কতিপয় খতিয়ান উদ্বৃত্ত ও প্রয়োজনীয় সমন্বয়সমূহ নিম্নরূপ :

| হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ৩০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | | ২,৯০,০০০ | ৪,২০,০০০ |
| আন্তঃপরিবহন | | ৬,০০০ | |
| ফেরত | | ১২,০০০ | ৫,০০০ |
| বাট্টা | | ৭,০০০ | ১০,০০০ |
| বেতন (৯ মাসের) | | ৫৪,০০০ | |
| আমদানি শুল্ক | | ৫,০০০ | |
| মনিহারি | | ৪,০০০ | |
| বিজ্ঞাপন | | ১২,০০০ | |
| প্রাপ্য বিল | | ১৫,০০০ | |
| | | ৪,৩৫,০০০ | ৪,৩৫,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৪০,০০০ টাকা যার বাজারমূল্য ২,০০০ টাকা বেশি; (২) প্রারম্ভিক মজুদ পণ্যের মধ্যে ৫০০ টাকার মনিহারি অন্তর্ভুক্ত আছে; (৩) সম্ভাব্য ক্রেতাদের মাঝে ৬,০০০ টাকার পণ্য বিনামূল্যে বিতরণ করা হয়েছে, যা হিসাবভুক্ত হয়নি; (৪) পরিবহন খরচ ৩,০০০ টাকা বকেয়া রয়েছে, পক্ষান্তরে শুল্ক বাবদ ১,০০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে।

ক. উপর্যুক্ত তথ্য হতে নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ঝর্ণা এন্টারপ্রাইজের বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. মোট মুনাফা ১,২৬,৫০০ টাকা ধরে বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

**৪** ▶ জনাব রিপন একজন ব্যবসায়ী। ২০১৮ সালের আগস্ট মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনসমূহ সম্পাদিত হয় :

আগস্ট ৩ কবির এন্ড সন্স এর নিকট থেকে মনিহারি দ্রব্য ক্রয় ২৬,০০০ টাকা।

" ৮ খোকা এন্ড কোং এর নিকট নগদে বিক্রয় ৪০,০০০ টাকা।

" ১৮ পণ্য ফেরত দেওয়া হলো ৩,০০০ টাকা।

" ২৫ কর্মচারীদের বেতন দেওয়া হলো ৫,০০০ টাকা।

" ৩০ বিজ্ঞাপন ব্যয় ২,০০০ টাকা।

ক. জনাব রিপনের ৩ ও ৮ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা দাও। ২

খ. T ছকে 'কবির এন্ড সন্স হিসাব' এবং 'নগদান হিসাব' প্রস্তুত কর। ৪

গ. চলমান জের ছকে ক্রয় হিসাব, বিক্রয় হিসাব, বেতন হিসাব এবং বিজ্ঞাপন হিসাবসমূহ তৈরি কর। ৪

**৫** ▶ আশা ইলেকট্রনিক্স, নবাবপুর রোড, ঢাকা এর ২০২১ সালের আগস্ট মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

আগস্ট ৫ ট্রান্সটেক ট্রেডিং কোং এর কাছ থেকে প্রতি ডজন ৩,২০০ টাকা দরের ৮ ডজন বিদ্যুৎ সাশ্রয়ী এলইডি বাল্ব নষ্ট হওয়ায় ফেরত আসল। কারবারি বাট্টা ৫%। নোট নং ৩০১।

" ১০ মারুফ ইলেকট্রনিক্স এর কাছ থেকে প্রতিটি ২,৪০০ টাকা দরের দুই ডজন সোয়ান ফ্যান নমুনামাফিক না হওয়ায় ফেরত আসল। কারবারি বাট্টা ৪%। নোট নং ৩২৫।

ক. আশা ইলেকট্রনিক্স এর আন্তঃফেরত জাবেদা প্রস্তুত কর। ২

খ. আশা ইলেকট্রনিক্স এর সাধারণ খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. আশা ইলেকট্রনিক্স এর সহকারী খতিয়ান প্রস্তুত কর। ৪

৬ ▶ মেসার্স মেঘনা স্টিলের ২০২১ সালের মে মাসের লেনদেনসমূহ নিম্নরূপ:

মে ১ পরিমাপের জন্য একটি নতুন স্কেল ক্রয় ৩৫,০০০ টাকা।

" ৪ প্রতি টন ৬০,০০০ টাকা করে ১৫ টন রড ক্রয়। কারবারি বাট্টা ৫%।

" ৭ প্রতি বস্তা ৩৫০ টাকা করে ১,২০০ বস্তা সিমেন্ট ক্রয়। কারবারি বাট্টা ৬%। পরিবহন খরচ ৪,৫০০ টাকা।

" ১২ রবি স্টোর্স এর নিকট ৩৮৫ টাকা দরে ১৪৫ বস্তা সিমেন্ট বিক্রয়। কারবারি বাট্টা ৮%।

" ১৮ একটি ভ্যান গাড়ি ক্রয় ১৭,৫০০ টাকা।

ক. কারবারি বাট্টার পরিমাণ কত? ২

খ. মে ১২ তারিখের লেনদেন অবলম্বনে একটি চালান প্রস্তুত কর। ৪

গ. মে ১২ তারিখের লেনদেন ব্যতীত অন্যান্য লেনদেনসমূহের কারণসহ হিসাবের শ্রেণিবিভাগ উল্লেখ কর। ৪

৭ ▶ মেসার্স আলফা ট্রেডার্সের ২০১৭ সালের ১ জানুয়ারি তারিখে সম্পদ ও দায়-দেনা ছিল নিম্নরূপ :

নগদান হিসাব ৪০,০০০ টাকা, আসবাবপত্র ১,০০,০০০ টাকা, বিনিয়োগ ৫০,০০০ টাকা, পাওনাদার ১০,০০০ টাকা ও মূলধন ১,৮০,০০০ টাকা।

৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে ব্যবসায়ের নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করা হয় :

১। মোট প্রদত্ত বেতন ১,২০,০০০ টাকা, যার মধ্যে ২০,০০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে।

২। ভাড়া প্রদান করা হয়েছে ৫০,০০০ টাকা এবং ১০,০০০ টাকা বকেয়া রয়েছে।

৩। বিনিয়োগের প্রাপ্য সুদের পরিমাণ ৫,০০০ টাকা।

৪। আসবাবপত্রের উপর ১০,০০০ টাকা অবচয় ধার্য করা হয়।

ক. উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক জাবেদা দাখিলা দাও। ২

খ. বছর শেষে প্রয়োজনীয় সমন্বয় জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. মেসার্স আলফা ট্রেডার্সের প্রকৃত জাবেদায় সমাপনী দাখিলা প্রদান কর। ৪

৮ ▶ আমানত স্টোরের মালিক ব্যবসার হিসাব নিকাশ একতরফা দাখিলা পদ্ধতিতে সংরক্ষণ করেন। ২০২০ সালের ০১ জানুয়ারি তার ব্যবসায়ে নগদ ২৫,০০০ টাকা, দেনাদার ৮০,০০০ টাকা, সরঞ্জাম ৯০,০০০ টাকা, পাওনাদার ৩০,০০০ টাকা ছিল।

২০২০ সালের ৩১ ডিসেম্বর তার ব্যবসায়ে নগদ ২০,০০০ টাকা; ব্যাংক জমা ১,২০,০০০ টাকা, প্রদেয় হিসাব ৪০,০০০ টাকা, সরঞ্জাম ৮০,০০০ টাকা, মজুদ পণ্য ৫০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৭০,০০০ টাকা, অগ্রিম ভাড়া ৩০,০০০ টাকা এবং বকেয়া বেতন ৫,০০০ টাকা দেখা যায়।

সারা বছর মালিক প্রতিমাসে ২,০০০ টাকা করে উত্তোলন করেন এবং ব্যবসায়ের ভাড়া বাবদ প্রদত্ত ৩০,০০০ টাকা ব্যক্তিগত তহবিল থেকে প্রদান করেন। তাছাড়া ব্যবসা থেকে তার আয়কর বাবদ ৬,০০০ টাকা পরিশোধ করা হয়।

ক. উপর্যুক্ত তথ্য হতে মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. আমানত স্টোরের সামপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. আমানত স্টোরের বছর শেষে লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৯ ▶ জাহানারা ট্রেডার্স এর হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাইয়ের জন্য ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিম্নলিখিত হিসাব উদ্বৃত্তগুলো সরবরাহ করে।

হাতে নগদ (১/১/১৩) ১৫,০০০ টাকা, বিক্রয় খতিয়ান জের ২৫,০০০ টাকা, ক্রয় খতিয়ান জের ২০,০০০ টাকা, মূলধন ৯৬,৮০০ টাকা, ক্রয় ৪০,০০০ টাকা, বিনিয়োগের সুদ ৩,০০০ টাকা, বিক্রয় ৫০,০০০ টাকা, আসবাবপত্র ৪৫,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ২০,০০০ টাকা, উত্তোলন ১০,০০০ টাকা, আমদানি শুল্ক ৭,০০০ টাকা, বিনিয়োগ ২৫,০০০ টাকা, বিমা সেলামি ৬,০০০ টাকা, ব্যাংক জমার সুদ ৭০০ টাকা, ব্যাংক জমা (৩১/১২/১৩) ১০,০০০ টাকা, প্রারম্ভিক মজুদ পণ্য ৩০,০০০ টাকা, কমিশন প্রাপ্তি ২,৫০০ টাকা, গৃহীত ঋণ ২৫,০০০ টাকা।

ক. জাহানারা ট্রেডার্স এর মূলধনজাতীয় প্রাপ্তির পরিমাণ কত? ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে জাহানারা ট্রেডার্স এর রেওয়ামিলটি প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে মুনাফাজাতীয় আয় এবং মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

১০ ▶ ২০২১ সালের ১ জানুয়ারি জনাব ফারহান নগদ ২,৫০,০০০ টাকা; যন্ত্রপাতি ৪০,০০০ টাকা এবং ৩৫,০০০ টাকার পণ্যদ্রব্য নিয়ে "ফারহান ব্রাদার্স" নামে ব্যবসা শুরু করেন। তার অন্যান্য লেনদেনেসমূহ হলো—

জানু. ১ ১৮,০০০ টাকা বেতনে একজন ম্যানেজার নিয়োগ দেওয়া হলো।

" ৭ সুমনা ট্রেডার্সের নিকট পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা।

" ১০ যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা পরিশোধ করেন।

" ১২ মালিক ব্যাংক থেকে ব্যক্তিগত প্রয়োজনে ঋণ গ্রহণ করেন ৫০,০০০ টাকা।

" ২০ সুমনা ট্রেডার্সের নিকট হতে ৩০,০০০ টাকা পাওয়া গেল।

ক. লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ. ফারহান ব্রাদার্স এর লেনদেনগুলোর সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা লিখ। ৪

গ. ফারহান ব্রাদার্স এর লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের উপর প্রভাব দেখাও। ৪

১১ ▶ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে আনোয়ার ব্রাদার্স এর খতিয়ান উদ্বৃত্তগুলো ছিল নিম্নরূপ :

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (১-১-২১) | ২৫,০০০ | স্থায়ী হিসাব | ৩,০০,০০০ |
| হাতে নগদ (৩১-১২-২১) | ৩৫,০০০ | অবচয় সঞ্চিতি | ১৫,০০০ |
| পুস্তক ঋণ (৩১-১২-২১) | ৬০,০০০ | প্রদেয় নোটস | ১০,০০০ |
| ব্যাংক জমা (১-১-২১) | ২০,০০০ | অর্জিত দস্তুরি | ২০,০০০ |
| ব্যাংক ও/ডি | ৩০,০০০ | উত্তোলন | ৫০,০০০ |
| বিক্রয় খতিয়ান জের | ৪০,০০০ | অগ্রিম বেতন | ২৫,০০০ |
| ক্রয় খতিয়ান জের | ৩০,০০০ | অনুপার্জিত ভাড়া | ১৫,০০০ |
| প্রদেয় হিসাব (৩১-১২-২১) | ৫০,০০০ | সাধারণ সঞ্চিতি | ৪৫,০০০ |

ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন দফাগুলোর সমষ্টি কত? ২

খ. ২০২১ সালের চলতি সম্পদ এবং চলিত দায়ের পরিমাণ কত? ৪

গ. উপরিউক্ত খতিয়ান উদ্বৃত্তগুলো দিয়ে একটি রেওয়ামিল তৈরি করা ৪

## ৪ ইস্পাহানী পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 1 4 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে **দুটি** ও খ বিভাগ হতে যেকোনো **পাঁচটিসহ** সর্বমোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ রহিম ২০২১ সালের জানুয়ারি মাসে অনলাইন বাজার এর নিকট হতে নিম্নোক্ত পণ্য ক্রয় করেন।

জানু. ১ নগদ ৫০ টাকা করে ৫০ কেজি ডাল ক্রয়।
" ১৫ ৮০ টাকা করে ২৫ কেজি সুজি ক্রয়।
" ২৮ প্রতিটি ১০০ টাকা করে ৩ হালি সাবান ক্রয়।

৫% কারবারি বাট্টা বিবেচনা করা হবে।

ক. মোট কারবারি বাট্টার পরিমাণ কত? ২
খ. একটি ক্যাশমেমো তৈরি কর। ৪
গ. ২৮ তারিখের লেনদেন দ্বারা একটি চালান প্রস্তুত কর। ৪

২ ▶ জান্নাত এন্ড সন্স ফেব্রুয়ারি ২০২২ সালের জানুয়ারি ১ তারিখে ৫,০০,০০০ টাকা নগদ এবং ১,০০,০০০ টাকা ব্যাংক জমা নিয়ে একটি ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার লেনদেনগুলো নিম্নরূপ :

জানু. ২ ব্যাংক থেকে ৭০,০০০ টাকা উত্তোলন করা হলো।
" ৫ নগদে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ৮ নগদে পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা।
" ১৫ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে কর্জ ৭০,০০০ টাকা।
" ২৫ ৫০,০০০ টাকার একটি টেবিল ক্রয়ের চুক্তি করা হলো।
" ২৮ পাওনাদারকে পরিশোধ ২০,০০০ টাকা।

ক. লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২
খ. লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে তার কারণ ব্যাখ্যা কর। ৪
গ. হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

### খ বিভাগ

৩ ▶ আরমান ট্রেডার্স ২০২১ সালের ডিসেম্বর মাসের কতিপয় হিসাবের উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

মূলধন ৫০,০০০ টাকা, ক্রয় ১৭,০০০ টাকা, বিক্রয় ৪০,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ২,০০০ টাকা, পাওনাদার ৬,০০০ টাকা, প্রারম্ভিক মজুদ পণ্য ৮,০০০ টাকা, বেতন খরচ ১০,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ৫,০০০ টাকা, হাতে নগদ ৬৩,০০০ টাকা, ভাড়া আয় ৫,০০০ টাকা, বিজ্ঞাপন খরচ ৫,০০০ টাকা, উত্তোলন ৩০,০০০ টাকা, অগ্রিম আয় ১৫,০০০ টাকা, ব্যাংক জমার সুদ ৫,০০০ টাকা, স্বল্পমেয়াদি ঋণ ১০,০০০ টাকা।

ক. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. চলতি দায় ও মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

৪ ▶ ২০২১ সালের নভেম্বর মাসে জনাব মান্নানের ব্যবসায়ের নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়।

নভেম্বর ৫ অনুপার্জিত কমিশন ৮,০০০ টাকা।
" ৯ অফিস ভাড়া অগ্রিম পরিশোধ ৬,০০০ টাকা।
" ১২ ৫% বাট্টায় রহমানের কাছ হতে ৫০,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং-৭৫।
" ১৬ ২৫,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে কাজলের নিকট হতে ২২,৫০০ টাকা প্রাপ্তি।
" ২২ ২.৫% বাট্টায় ১০,০০০ টাকার দেনার পূর্ণনিষ্পত্তিতে প্রদান করা হলো।
" ২৫ ৫% বাট্টায় জসিমের নিকট হতে ৪০,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং -৬৫।
" ৩০ আসবাবপত্র ক্রয় ৫০,০০০ টাকা (যার অর্ধেক মালিকের ব্যক্তিগত ব্যবহারের জন্য)

ক. নগদ বাট্টার পরিমাণ নিরূপণ কর। ২
খ. বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
গ. বিক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা প্রস্তুত কর। ৪

৫ ▶ আস্থা বাজারের মালিক ব্যবসায়ের হিসাব নিকাশ দুতরফা দাখিলা পদ্ধতিতে সংরক্ষণ করেন না। ২০২১ সালের জানুয়ারি মাসে নগদ ২৫,০০০ টাকা, দেনাদার ৮০,০০০ টাকা, যন্ত্রপাতি ৯০,০০০ টাকা ও ঋণ ৩০,০০০ টাকা ছিল। ২০২১ সালের ডিসেম্বর নগদ ২০,০০০ টাকা, ব্যাংক জমা ১,২০,০০০ টাকা, প্রদেয় হিসাব ৪০,০০০ টাকা, যন্ত্রপাতি ৮০,০০০ টাকা, মজুদ পণ্য ৫০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৭০,০০০ টাকা, অগ্রিম ভাড়া ৩০,০০০ টাকা এবং বকেয়া বেতন ৫,০০০ টাকা দেখা গেল। সারা বছর মালিক প্রতি সপ্তাহে ১৫০ টাকা করে উত্তোলন করেন এবং ব্যবসায়ের ভাড়া বাবদ প্রদত্ত ৩০,০০০ টাকা ব্যক্তিগত তহবিল থেকে প্রদান করেন। তাছাড়া ব্যবসায় থেকে আয়কর বাবদ ৬,০০০ টাকা দেওয়া হলো।

ক. মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. প্রারম্ভিক মূলধন ও সমাপনী মূলধন যথাক্রমে ২,২৫,০০০ টাকা ও ৩,২৫,০০০ টাকা বিবেচনা করে লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

৬ ▶ ২০২১ সালের ১ মে জনাব রবিন নগদ ১,২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করলেন। তার অন্যান্য লেনদেন ছিল নিম্নরূপ :

মে ২ আসবাবপত্র ক্রয় ২২,০০০ টাকা।
" ৮ বাকিতে পণ্য ক্রয় ১৮,০০০ টাকা।
" ১৫ পণ্য বিক্রয় ৪৮,০০০ টাকা।
" ১৮ বহিঃফেরত ৩,০০০ টাকা।
" ২১ পাওনাদারকে পরিশোধ ১৫,০০০ টাকা।
" ৩০ পণ্য বিক্রয় বাবদ চেক প্রাপ্তি ৩৭,০০০ টাকা।

ক. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে পাওনাদার হিসাব প্রস্তুত কর। ২
খ. উপর্যুক্ত মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ক্রয় হিসাব ও বিক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

৭ ▶ কামাল সাহেব ১ মার্চ ২০২০ তারিখে নগদ ৫০,০০০ টাকা, অফিস সরঞ্জাম ৪০,০০০ টাকা ও ১৫,০০০ টাকা ব্যাংক কর্জ নিয়ে ব্যবসা শুরু করলেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেন ছিল :

মার্চ ১০ জনতা ব্যাংকে একটি হিসাব খোলা হলো ৫,০০০ টাকা।
" ১৫ বাবুলকে ৩,০০০ টাকার পণ্য ফেরত দেওয়া হলো।
" ২৭ ব্যাংক কর্জ পরিশোধ করা হলো ১২,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। ৪
গ. উদ্দীপকের আলোকে নগদান হিসাব ও ব্যাংক হিসাব প্রস্তুত কর। ৪

৮ ▶ ২০২১ সালে ৩১ ডিসেম্বর তারিখে রজনী ট্রেডার্সের রেওয়ামিলটি নিম্নরূপ :

**রজনী ট্রেডার্সের**
**রেওয়ামিল**
২০২১ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | মূলধন | | | ৪,৫০,০০০ |
| ২. | উত্তোলন | | ৫০,০০০ | |
| ৩. | কর্জ | | | ৬৪,০০০ |
| ৪. | ভূমি | | ১,৫০,০০০ | |
| ৫. | পাওনাদার | | | ২০,০০০ |
| ৬. | মজুদ পণ্য (১-১-২০২১) | | ৫০,০০০ | |
| ৭. | দেনাদার | | ৬০,০০০ | |
| ৮. | নগদ তহবিল | | ২০,০০০ | |
| ৯. | দালানকোঠা | | ৮০,০০০ | |
| ১০. | ঘোড়া ও গাড়ি | | ২০,০০০ | |
| ১১. | প্রাপ্যবিল ও প্রদেয় বিল | | ১০,০০০ | ২০,০০০ |
| ১২. | কলকব্জা | | ৩০,০০০ | |
| ১৩. | ব্যাংক জমা | | ৫০,০০০ | |
| ১৪. | ক্রয় পরিবহন | | ৫,০০০ | |
| ১৫. | মজুরি ও বেতন | | ১০,০০০ | |
| ১৬. | সাধারণ খরচ | | ২০,০০০ | |
| ১৭. | বিজ্ঞাপন | | ২০,০০০ | |
| ১৮. | ক্রয় ও বিক্রয় | | ৩০,০০০ | ৫০,০০০ |
| ১৯. | বাট্টা | | ৫,০০০ | ৭,০০০ |
| ২০. | ফেরত | | ৩,০০০ | ২,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৫০,০০০ টাকা যার বাজারমূল্য ২,০০০ টাকা কম। (২) ৫০০ টাকা মনিহারি দ্রব্য অব্যবহৃত রয়েছে; (৩) বিজ্ঞাপনের এক-তৃতীয়াংশ বিলম্বিত করতে হবে; (৪) বাকিতে বিক্রয় ১,০০০ টাকা; হিসাবভুক্ত হয়নি; (৫) পাওনাদারের বাট্টা সঞ্চিতি ৫%। (৬) স্থায়ী সম্পদের ওপর ৫% হারে অবচয় ধার্য করতে হবে।

ক. স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. রজনী ট্রেডার্সের মোট লাভ বা মোট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
গ. বছর শেষে রজনী ট্রেডার্সের নিট মুনাফা বা নিট ক্ষতি নির্ণয় কর। ৪

৯ ▶ জনাব সালাম একজন ব্যবসায়ী। ২০২০ সালের মে মাসে তার ব্যবসায়ে লেনদেনসমূহ নিম্নরূপ :

মে ৫ ব্যাংক থেকে কর্জ গ্রহণ ২০,০০০ টাকা।
" ৮ আসবাবপত্র বিক্রয় ১০,০০০ টাকা।
" ১০ ভাড়া প্রদান ৫,০০০ টাকা।
" ১৫ ব্যক্তিগত অর্থ দিয়ে ব্যবসায়ের জন্য কলকব্জা ক্রয় ৫০,০০০ টাকা।

ক. মোট বহির্দায়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. সনাতন পদ্ধতিতে কারণসহ শ্রেণিবিন্যাস কর। ৪
গ. আধুনিক পদ্ধতিতে ডেবিট-ক্রেডিট নির্ণয় কর। ৪

১০ ▶ ২০২১ সালে ৩১ ডিসেম্বর তারিখে রহিম ট্রেডার্সের রেওয়ামিলটি নিম্নরূপ :

**রহিম ট্রেডার্সের রেওয়ামিল**
২০২১ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | নগদ | | ৭০,০০০ | |
| ২. | প্রাপ্য হিসাব | | ৯০,০০০ | |
| ৩. | উত্তোলন | | ৮,০০০ | |
| ৪. | অফিস সরঞ্জাম | | ১,২০,০০০ | |
| ৫. | প্রদেয় হিসাব | | | ৪০,০০০ |
| ৬. | অনুপার্জিত আয় | | | ৭০,০০০ |
| ৭. | বেতন খরচ | | ২০,০০০ | |
| ৮. | মূলধন | | | ৮০,০০০ |
| ৯. | ভাড়া খরচ | | ২২,০০০ | |
| ১০. | সেবা আয় | | | ১,৩০,০০০ |
| ১১. | উপযোগ খরচ | | ৪,০০০ | |
| ১২. | সুদ আয় | | | ২০,০০০ |
| ১৩. | অফিস খরচ | | ৬,০০০ | |

**অন্যান্য তথ্যাবলি :** (১) দুই মাসের বেতন বকেয়া রয়েছে; (২) অনুপার্জিত আয়ের ৪০,০০০ টাকা উপার্জিত হয়েছে; (৩) ভাড়া প্রতিমাসে ২,০০০ টাকা করে প্রদান করা হয়; (৪) অফিস সরঞ্জামের ওপর ১০% অবচয় ধার্য কর।

ক. চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২১ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণী তৈরি কর। ৪
গ. ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখের আর্থিক অবস্থার বিবরণীতে দায় ও মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

১১ ▶ হাবিবা এন্টারপ্রাইজের ২০২১ সালের খতিয়ানের জের নিম্নরূপ :

হাতে নগদ (১-১-২১) ৬০,০০০ টাকা; দেনাদার ৩০,০০০ টাকা; গৃহীত কর্জ ৭০,০০০ টাকা; শিক্ষানবিশ ভাতা ১০,৫০০ টাকা; প্রদেয় বিল ১১,০০০ টাকা, বেতন ১৭,০০০ টাকা, মজুদ পণ্য (১-১-২১) ৩০,০০০ টাকা, মূলধন ৭৪,৭০০ টাকা, বকেয়া মজুরি ২,০০০ টাকা, মজুদ পণ্য (৩১-১২-২১) ৪০,০০০ টাকা, বিক্রয় ১,৭৬,০০০ টাকা, ক্রয় ৮০,০০০ টাকা, নগদ তহবিল ১২,৫০০ টাকা, স্থায়ী সম্পত্তি ১,৭০,০০০ টাকা, খাজনা ও কর ৬,৭০০ টাকা পাওনাদার ২৫,০০০ টাকা, আন্তঃফেরত ২,০০০ টাকা।

ক. যে জেরগুলো রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তাদের মোট পরিমাণ কত? ২
খ. মুনাফাজাতীয় আয় ও মূলধনজাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় কর। ৪
গ. রেওয়ামিল প্রস্তুত কর। ৪

## ৫ জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

বিষয় কোড : 1 4 6

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে **দুটি** ও খ বিভাগ হতে যেকোনো **পাঁচটিসহ** সর্বমোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

**১ ▸** রাশেদ কোম্পানি এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ৬০,০০০ | ২,৪০,০০০ |
| মজুরি | ১০,০০০ | |
| ফেরত | ১০,০০০ | ৫,০০০ |
| বহিঃপরিবহন | ৮,০০০ | |
| আয়কর | ২,০০০ | |
| কারবারি বাট্টা | ৩,০০০ | |
| শুল্ক | ১২,০০০ | |
| বিবিধ দেনাদার | ১৫,০০০ | |
| বাড়িভাড়া (১০ মাস) | - | ১৫,০০০ |
| ১০% বিনিয়োগ (১-৪-২০২০) | ১,২৫,০০০ | |
| মনিহারি | ১,০০০ | |
| কমিশন | ২,৫০০ | ১,৫০০ |
| বাট্টা | ১,৫০০ | ১,০০০ |
| মজুদ পণ্য (১-১-২০২০) | ১৩,৫০০ | |
| | ২,৬৩,৫০০ | ২,৬৩,৫০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ২৫,৫০০ টাকা; (২) বকেয়া মজুরি ৫,০০০ টাকা; (৩) দেনাদারের ১,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট দেনাদারের ৫% কুঋণ সঞ্চিতি ধার্য কর; (৪) ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ২,০০০ টাকা।

ক. প্রকৃত দেনাদারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরিউক্ত তথ্যের আলোকে মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. মোট মুনাফা ৮৫,০০০ টাকা দরে নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

**২ ▸** শাকের ট্রেডার্স-এর ২০২০ সালের নিট মুনাফার পরিমাণ ছিল ১৮,০০০ টাকা। ২০২০ সালের উক্ত প্রতিষ্ঠানের রেওয়ামিলটি নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১০,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ৩৮,০০০ | ৫৫,০০০ |
| উত্তোলন ও মূলধন | ১৫,০০০ | ১,১০,০০০ |
| যন্ত্রপাতি | ৩০,০০০ | |
| দালানকোঠা | ৪৫,০০০ | |
| বেতন | ৯,০০০ | |
| মজুরি | ৬,০০০ | |
| হাতে নগদ | ৭,০০০ | |
| ভাড়া (১৫ মাস) | ১৮,০০০ | |
| বিবিধ দেনাদার ও পাওনাদার | ১৮,০০০ | ২৪,০০০ |
| কুঋণ ও কুঋণ সঞ্চিতি | ৪,০০০ | ২,০০০ |
| প্রদেয় বিল | | ৮৫,০০০ |
| ১০% সঞ্চয়পত্র | ৮০,০০০ | |
| | ২,৮০,০০০ | ২,৮০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৩৫,০০০ টাকা এবং বাজারমূল্য ৩০,০০০ টাকা; (২) বাকিতে পণ্য বিক্রয়ের ৭,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (৩) দেনাদারের ১,০০০ টাকা আদায়যোগ্য নয়; (৪) স্থায়ী সম্পদের ওপর ২% হারে অবচয় ধার্য করতে হবে।

ক. কুঋণ খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. শাকের ট্রেডার্স-এর আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে শাকের ট্রেডার্সের স্বল্পমেয়াদি দায় পরিশোধ ক্ষমতা যাচাই কর। ৪

### খ বিভাগ

**৩ ▸** রতন তালুকদার ব্যবসায়ের যাবতীয় লেনদেন দু'তরফা পদ্ধতি অনুযায়ী হিসাবভুক্ত করেন। ২০১৯ সালের মার্চ মাসের ব্যবসায়িক লেনদেন ছিল নিম্নরূপ :

মার্চ ১ মূলধন আনয়ন ১,০০,০০০ টাকা।
" ১০ হাবিবের নিকট ১০% বাট্টায় পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা।
" ১৫ পণ্য ক্রয় ৫,০০০ টাকা। শর্ত ২/১০, নিট ৩০।
" ২০ কর্মচারীকে বেতন প্রদান ৮,০০০ টাকা।

ক. মালিকানাস্বত্ব বৃদ্ধি করে এমন লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উক্ত লেনদেনের দ্বারা হিসাবের শ্রেণিবিভাগ ব্যাখ্যাসহ ছকের সাহায্যে দেখাও। ৪

গ. উদ্দীপকের লেনদেন দ্বারা কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় কর। ৪

**৪ ▸** মি. রাজু ২০১৯ সালের ১ জুলাই তারিখে নগদ ৯০,০০০ টাকা, ব্যাংক জমা ৫০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার পণ্যদ্রব্য নিয়ে ব্যবসায় শুরু করলেন। উক্ত মাসের ব্যবসায়ের অন্যান্য লেনদেন ছিল :

জুলাই ২ হাবিবের নিকট পণ্য বিক্রয় ৮০,০০০ টাকা যার ৫০% নগদে।
" ১০ রুমির নিকট বিক্রয় বাবদ চেক প্রাপ্তি ৫০,০০০ টাকা।
" ১৫ রহিমের নিকট হতে ৫% বাট্টায় ক্রয় ২০,০০০ টাকা।
" ২০ রহিমের নিকট পণ্য ফেরত পাঠানো হলো ৬,০০০ টাকা।
" ২২ অগ্রিম বিমা ৫,০০০ টাকা।
" ২৮ বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় ২,০০০ টাকা যা আসবাবপত্র হিসাবে লেখা হয়েছে।

ক. জুলাই ২২ ও ২৮ তারিখের লেনদেন জাবেদা দাখিলা প্রদান কর। ২

খ. নগদান হিসাব, ক্রয় হিসাব T ছকে খতিয়ানভুক্ত করে জের নির্ণয় কর। ৪

গ. পাওনাদার হিসাব ও ব্যাংক হিসাব চলমান জের ছকে লিপিবদ্ধ কর। ৪

**৫ ▸** শাহেদের ব্যবসায় ২০১৮ সালের মার্চ মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

মার্চ ১ নতুন মেশিন ক্রয় ৫০,০০০ টাকা।
" ২ নতুন মেশিনের সংস্থাপন ব্যয় ৪,০০০ টাকা।
" ৪ নিউ মার্কেট হতে ধানমন্ডি স্থানান্তর ব্যয় ১৫,০০০ টাকা।
" ৮ পুরাতন কম্পিউটার মেরামত ব্যয় ২,০০০ টাকা।
" ১২ বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা।
" ১৪ বিদ্যুৎ বিল পরিশোধ ২,০০০ টাকা।
" ১৬ বিজ্ঞাপন খরচ (৩ বছরের জন্য) ১৮,০০০ টাকা।
" ২০ নতুন ক্রীত মেশিন মেরামত ব্যয় ৩,০০০ টাকা।

ক. বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মূলধনজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ১ তারিখের ক্রীত মেশিন ৬০,০০০ টাকায় বিক্রয় করা হলো, মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধনজাতীয় আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৬ ▶ জনাব নাজিম সিলেটের একজন পাইকারি ব্যবসায়ী। ২০২০ সালের জুন মাসের তার প্রতিষ্ঠানের নিম্নোক্ত লেনদেনসমূহ :

জুন ৭ রাজুর নিকট ৫% বাট্টায় ৮০,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং-১৮৫
" ১০ বাকিতে মনিহারি দ্রব্য ক্রয় ১,২০০ টাকা।
" ১২ কমিশন অর্জিত হয়েছে কিন্তু পাওয়া যায়নি ১,০০০ টাকা।
" ১৫ রমিজা ট্রেডার্সের নিকট ২½% বাট্টায় ৬০,০০০ টাকার জন্য বিক্রয়। চালান নং-১৮৬।
" ২০ বাট্টা প্রদত্ত হলো ৫০০ টাকা।
" ২৫ পাওনাদারকে পরিশোধ ২৮,৫০০ টাকা এবং বাট্টা প্রাপ্তি ১,৫০০ টাকা।

ক. মোট ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
গ. বিক্রয় জাবেদায় সংঘটিত লেনদেন ব্যতীত লেনদেনসমূহ সাধারণ জাবেদায় লিপিবদ্ধ কর। ৪

৭ ▶ জনি ট্রেডার্সের ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

মূলধন ৩২,৫০০ টাকা; আসবাবপত্র ২০,০০০ টাকা; পাওনাদার ২৫,০০০ টাকা; উপভাড়া ২,০০০ টাকা; প্রারম্ভিক মজুদ পণ্য ২৫,০০০ টাকা; হাতে নগদ ১০,০০০ টাকা; ট্রেডমার্ক ৫,০০০ টাকা; অগ্রিম শিক্ষানবিশ সেলামি ৪,০০০ টাকা; ক্রয় ৫০,০০০ টাকা; বকেয়া বিনিয়োগের সুদ ২,৫০০ টাকা; প্রদত্ত ঋণ ১০,১২০ টাকা; বকেয়া বেতন ৫,০০০ টাকা; বিক্রয় ৬০,০০০ টাকা; প্রাপ্য কমিশন ২,০০০ টাকা; উত্তোলন ১০,০০০ টাকা; প্রদেয় বিল ১৫,০০০ টাকা; সুনাম ৮,৫০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যাদির ভিত্তিতে জনি ট্রেডার্সের অস্পর্শনীয় সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যাদির ভিত্তিতে চলতি সম্পত্তি ও চলতি দায়ের পরিমাণ নিরূপণ কর। ৪
গ. বছর শেষে জনি ট্রেডার্সের রেওয়ামিল তৈরি কর। ৪

৮ ▶ রামীম ট্রেডার্স ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,৮০,০০০ টাকা; ৩০,০০০ টাকার যন্ত্রপাতি; ১০,০০০ টাকার আসবাবপত্র এবং ১৫,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসা শুরু করেন।

জানু. ৬ বাকিতে পণ্য ক্রয় ৮,০০০ টাকা।
" ১০ রাফির নিকট ১০% বাট্টায় পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।
" ১৪ দেনাদারের ২,৫০০ টাকা অবলোপন কর।
" ২০ পাওনাদারকে পরিশোধ ৬,৫০০ টাকা এবং বাট্টা প্রাপ্তি ৫০০ টাকা।
" ২৫ আসবাবপত্রের অবচয় ধার্য কর ৫০০ টাকা।
" ৩০ শাফি স্টোরের নিকট প্রতি কেজি ৮০ টাকা দরে ১০ কুইন্টাল ডাল বিক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং ২০২।

ক. প্রারম্ভিক সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. জানুয়ারি ৩০ তারিখের আলোকে প্রয়োজনীয় দলিল তৈরি কর। ৪
গ. উদ্দীপকের লেনদেনগুলো দ্বারা প্রমাণ কর, $A = L + OE$। ৪

৯ ▶ জনাব শফিক তার ব্যবসায়ে বিস্তারিত হিসাব সংরক্ষণ করেন না। ১ জানুয়ারি ২০২১ সালে নগদ ১,৫০,০০০ টাকা; ২০,০০০ টাকার কম্পিউটার এবং ১০,০০০ টাকার পাওনাদার নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত বছরে তিনি তার ব্যক্তিগত মোটরগাড়ি ২৫,০০০ টাকায় বিক্রয় করে ব্যবসায়ে বিনিয়োগ করেন। এছাড়া প্রতি মাসে ১,৫০০ টাকা করে নগদ উত্তোলন করেন।

৩১ ডিসেম্বর ২০২১ সালে তার ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায় ছিল—

নগদ ১,৮০,০০০ টাকা; ব্যাংক জমাতিরিক্ত ৩০,০০০ টাকা; প্রাপ্য হিসাব ২৫,০০০ টাকা; প্রদেয় হিসাব ২০,০০০ টাকা; মজুদ পণ্য ৭০,০০০ টাকা; বকেয়া বেতন ৫,০০০ টাকা; আসবাবপত্র ৮০,০০০ টাকা এবং অগ্রিম উপভাড়া ২,০০০ টাকা; কম্পিউটার ২০,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে সমাপনী মূলধনের পরিমাণ নিরূপণ কর। ৪
গ. উদ্দীপকের আলোকে বছর শেষে জনাব শফিকের লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

১০ ▶ মি. রাতুল ২০২০ সালের ১ জুন তারিখে নগদ ১,৫০,০০০ টাকা; ৬০,০০০ টাকার যন্ত্রপাতি এবং ২০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন।

জুন ২ আকাশের নিকট হতে ৫% বাট্টায় ৮০,০০০ টাকার পণ্য ক্রয় করে ৫০% নগদে প্রদত্ত হলো।
" ৩ আকাশকে ১০,০০০ টাকার পণ্য ফেরত দেওয়া হলো।
" ৭ সজীবের নিকট ১০% বাট্টায় ৯০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ৬০% নগদে পাওয়া গেল।
" ৮ সজীবের নিকট হতে পণ্য ফেরত আসল ৪,০০০ টাকা।
" ১০ আকাশকে ৭,০০০ টাকা প্রদত্ত হলো এবং বাট্টা প্রাপ্তি ৫০০ টাকা।
" ১২ সজীবের নিকট হতে ১০,০০০ টাকা পাওয়া গেল এবং বাট্টা মঞ্জুর ৫০০ টাকা।
" ২৮ বাকিতে যন্ত্রাংশ ক্রয় ১০,০০০ টাকা।

ক. নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. জুন ২, ৩, ১০, ২৮ তারিখের লেনদেন দ্বারা হিসাব সমীকরণে লেনদেনগুলোর কারণসমূহ ব্যাখ্যা কর। ৪
গ. জুন ১, ৭, ৮, ১২ তারিখের লেনদেনগুলো হিসাবের শ্রেণি উল্লেখসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় কর। ৪

১১ ▶ আদীব ব্রাদার্স ২০২০ সালের আগস্ট মাসের নিম্নোক্ত ফেরতসমূহ সংঘটিত হয়েছে—

আগস্ট ৬ রাজু ট্রেডার্স-এর নিকট হতে প্রতি প্যাকেট ৩০০ টাকা দরে ৫০ প্যাকেট গুঁড়ো দুধ মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ফেরত পাওয়া গেল। কারবারি বাট্টা ৫%। ক্রেডিট নোট-১০২।
" ১২ শুকরিয়া ব্রাদার্সের নিকট প্রতি কেজি ৯০ টাকা দরে ১০০ কেজি চিনি নিম্নমানের হওয়ায় ফেরত পাঠানো হলো। কারবারি বাট্টা ১০%। ডেবিট নোট-১০৪।
" ২০ আজগর ট্রেডার্সের নিকট প্রতি পাউন্ড ২০০ টাকা দরে ৩০ পাউন্ড চা-পাতা নমুনামাফিক না হওয়ায় ফেরত পাঠানো হলো। ডেবিট নোট-২০২।
" ২৮ আসাদ ব্রাদার্সের নিকট হতে প্রতিটি ২৫ টাকা দরে ২৫০ টি লাক্স সাবান ফরমায়েশ অপেক্ষা বেশি সরবরাহ করায় ফেরত পাওয়া গেল। কারবারি বাট্টা ৪%। ক্রেডিট নোট-২০৫।

ক. মোট কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উদ্দীপকের আলোকে ক্রয় ফেরত জাবেদা প্রস্তুত কর। ৪
গ. বিক্রয় ফেরত জাবেদার আলোকে সহকারী খতিয়ান প্রস্তুত কর। ৪

## ৬ হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা

বিষয় কোড : 1 4 6

### হিসাববিজ্ঞান ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময়– ৩০ মিনিট — পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. লেনদেনের একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য কোনটি?**
ⓚ অর্থের অঙ্কে পরিমাপযোগ্য
ⓚ আর্থিক অবস্থার পরিবর্তন
ⓖ দ্বৈত সত্তা ⓖ স্বয়ংসম্পূর্ণ ও স্বতন্ত্র

**২. বকেয়া বেতন সমন্বয় ক্ষেত্রে হিসাব সমীকরণে–**
(ক) A বৃদ্ধি E বৃদ্ধি (খ) L বৃদ্ধি E হ্রাস
(গ) A হ্রাস E হ্রাস (ঘ) L হ্রাস E হ্রাস

**৩. মালিক কর্তৃক পণ্য উত্তোলন। ফলে–**
i. মালিকানাস্বত্ব হ্রাস পায়
ii. ব্যয় হ্রাস পায়
iii. মালিকানাস্বত্ব বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

**৪. বিক্রীত পণ্যের সাথে বিক্রেতা, ক্রেতাকে কী প্রদান করেন?**
(ক) বহির্চালান (খ) আন্তঃচালান
(গ) ক্রয় চালান (ঘ) বিক্রয় চালান

**৫. ভাউচার হলো–**
i. ক্রয় ii. বিক্রয় iii. ভাড়া
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

**৬. একতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব সংরক্ষণে গুরুত্ব কম দেওয়া হয়–**
i. আয় ii. ব্যয় iii. দায়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

**৭. বছরান্তে বন্ধ করতে হয়–**
i. ক্রয় হিসাবের জের
ii. বিক্রয় হিসাবের জের
iii. উত্তোলন হিসাবের জের
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
প্রারম্ভিক মূলধন ৩০,০০,০০০ টাকা; আয়কর ১০,০০০ টাকা; পণ্য উত্তোলন ১৫,০০০ টাকা; সাধারণ সঞ্চিতি ১০,০০০ টাকা; নিট মুনাফা ৪০,০০০ টাকা।

**৮. বছর শেষে মালিকানাস্বত্ব পরিমাণ কত?**
(ক) ৩,৩৫,০০০ টাকা (খ) ৩,২৫,০০০ টাকা
(গ) ৩,১৫,০০০ টাকা (ঘ) ৩,০৫,০০০ টাকা

**৯. বছর শেষে মোট উত্তোলনের পরিমাণ কত?**
(ক) ১০,০০০ টাকা (খ) ১৫,০০০ টাকা
(গ) ২৫,০০০ টাকা (ঘ) ৫০,০০০ টাকা

**১০. মূলধনজাতীয় হ্রাসের ফলে–**
i. সম্পদ সম্প্রসারিত হয়
ii. সম্পদের আয়ুষ্কাল বৃদ্ধি পায়
iii. সম্পদের মূল্য বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

**১১. মুনাফাজাতীয় ব্যয় হলো–**
i. যন্ত্রপাতি মেরামত ii. জাহাজ ভাড়া
iii. যন্ত্রপাতির অবচয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**১২. মুনাফাজাতীয় প্রাপ্তি হলো–**
i. লভ্যাংশ প্রাপ্তি ii. পণ্য বিক্রয়
iii. পুরাতন খবরের কাগজ বিক্রয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

**১৩. অগ্রিম ভাড়া প্রাপ্তি ক্রেডিট। কারণ–**
i. অনুপার্জিত আয় ii. সম্ভাব্য আয়
iii. ভবিষ্যত সেবা প্রদানের দায়বদ্ধতা সৃষ্টি
**নিচের কোনোটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

**১৪. হিসাববিজ্ঞানের অন্যতম প্রধান উদ্দেশ্য হলো–**
i. আর্থিক ফলাফল নির্ণয়
ii. আর্থিক অবস্থা নির্ণয়
iii. লেনদেনের সুষ্ঠু লিপিবদ্ধকরণ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

**১৫. T ছকের বৈশিষ্ট্য কয়টি?**
(ক) ৩টি (খ) ৪টি (গ) ৫টি (ঘ) ৬টি

**১৬. প্রারম্ভিক পাওনাদার ৫,০০০ টাকা; ধারে ক্রয় ৫,০০০ টাকা; সমাপনী পাওনাদার ২,০০০ টাকা। পাওনাদারকে কত টাকার চেক ইস্যু করা হয়েছে?**
(ক) ২,০০০ টাকা (খ) ৮,০০০ টাকা
(গ) ১০,০০০ টাকা (ঘ) ১২,০০০ টাকা

**১৭. জনাব হাকিমের ব্যবসায়ে যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা; ভুলবশত ক্রয় হিসাবে ২০,০০০ টাকা দ্বারা ডেবিট করা হয়েছে। উক্ত ভুল সংশোধনের জন্য কোন হিসাবটি ক্রেডিট হবে?**
(ক) ক্রয় হিসাব (খ) পাওনাদার হিসাব
(গ) নগদান হিসাব (ঘ) সমাপনী হিসাব

**১৮. মিতালীর নিকট থেকে ১২০০ টাকা দরে ১০০ পিছ শাড়ি ক্রয়, কারবারি বাট্টা ১২%। এখানে কারবারি বাট্টার পরিমাণ কত?**
(ক) ১৭,৫০০ টাকা (খ) ১৬,৩০০ টাকা
(গ) ১৫,৪০০ টাকা (ঘ) ১৪,৪০০ টাকা

**১৯. বিক্রয় শর্ত ৫/১০, নিট ৩০ এর অর্থ কী?**
(ক) ৩০ দিনে মূল্য পরিশোধে ১০% বাট্টা প্রদান
(খ) ৩০ দিনে মূল্য পরিশোধে ৫% বাট্টা প্রদান
(গ) ১০ দিনে মূল্য পরিশোধে ৫% বাট্টা প্রদান
(ঘ) ৫ দিনে মূল্য পরিশোধে ১০% বাট্টা প্রদান

**২০. জনাব আকরাম একজন ব্যবসায়ী। তার সকল লেনদেন হিসাবের পাকা বইতে সংরক্ষণ করেন। নিচে একটি ব্যাংক হিসাব দেখানো হলো :**

| তারিখ | বিবরণ | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের/উদ্বৃত্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডে. | ক্রে. |
| ২০১২ জানু১ | ব্যালেন্স বি/ডি | | | | ১৫,০০০ | |
| " ৭ | রায়হান হিসাব | | ৯,০০০ | | | |
| "১২ | উত্তোলন হিসাব | | | ১০,০০০ | | |
| "১৮ | ক্রয় হিসাব | | | ১৭,০০০ | | |

**২৮ তারিখে ব্যাংক হিসাবের উদ্বৃত্তের পরিমাণ কত?**
(ক) ৩,০০০ টাকা ডেবিট (খ) ৩,০০০ টাকা ক্রেডিট
(গ) ৭,০০০ টাকা ডেবিট (ঘ) ২৪,০০০ টাকা ডেবিট

**২১. C/D দ্বারা কী বোঝায়?**
(ক) সম্মুখে নীত (খ) পেছনে থেকে আনীত
(গ) উপর থেকে আনীত (ঘ) নিচে নীত

**২২. ডেবিট ব্যালেন্স নির্দেশ করে–**
(ক) মূলধন হিসাব (খ) প্রাপ্ত সুদ হিসাব
(গ) বকেয়া বেতন হিসাব (ঘ) প্রাপ্য কমিশন হিসাব

**২৩. নিচের কোনটি রেওয়ামিলের ডেবিট দিকে বসবে?**
(ক) অনাদায়ি পাওনা সঞ্চিতি
(খ) সাধারণ সঞ্চিতি
(গ) পাওনাদারের বাট্টা সঞ্চিতি
(ঘ) দেনাদারের বাট্টা সঞ্চিতি

**২৪. কলকব্জা ক্রয় ৫০,০০০ টাকা কলকব্জা হিসাবে ডেবিট না করে ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে এটি রেওয়ামিলের কোন ধরনের ভুল?**
(ক) পরিপূরক ভুল (খ) বেদাখিলার ভুল
(গ) বাদ পড়ার ভুল (ঘ) নীতিগত ভুল

**২৫. ব্যাংকে ৫,০০০ টাকা জমার ফলে ব্যাংক ১২% হারে সুদ প্রদান করে। এ ক্ষেত্রে রেওয়ামিলে ব্যাংক জমার সুদ কত এবং কোথায় অন্তর্ভুক্ত হবে?**
(ক) ৫৫০ টাকা, ডেবিট দিকে
(খ) ৬০০ টাকা, ক্রেডিট দিকে
(গ) ৬০০ টাকা, ডেবিট দিকে
(ঘ) ৫৫০ টাকা, ক্রেডিট দিকে

**২৬. যদি মোট মুনাফা ৮০,০০০ টাকা, পরিচালন ব্যয় ২০,০০০ টাকা, অপরিচালন আয় ২৫,০০০ টাকা হয় তবে নিট মুনাফা হবে–**
(ক) ৮৫,০০০ টাকা (খ) ৭৫,০০০ টাকা
(গ) ১,০৫,০০০ টাকা (ঘ) ১,২৫,০০০ টাকা

**২৭. দশ মাসের বেতন ২০,০০০ টাকা এ ক্ষেত্রে দুই মাসের বেতনের পরিমাণ কত?**
(ক) ২,০০০ টাকা (খ) ৪,০০০ টাকা
(গ) ৬,০০০ টাকা (ঘ) ১০,০০০ টাকা

**২৮. মোট বিজ্ঞাপন ব্যয় ১০,০০০ টাকা এবং ৭০% বিলম্বিত হলে বিজ্ঞাপন ব্যয় কত?**
(ক) ৩,০০০ টাকা (খ) ৫,০০০ টাকা
(গ) ৭,০০০ টাকা (ঘ) ১০,০০০ টাকা

**২৯. জনাব রবিনের ২০১৯ সালের ব্যবসায়ের নিট মুনাফা ২০,০০০ টাকা; আসবাবপত্র ১,৩০,০০০ টাকা ও পাওনাদারের ৩০,০০০ টাকা হলে বিনিয়োজিত মূলধনের ওপর মুনাফার হার কত?**
(ক) ১০% (খ) ১৫% (গ) ১৮% (ঘ) ২০%

**৩০. একটি ব্যবসায় প্রতিষ্ঠানের পাওনাদার ২০,০০০ টাকা, ব্যাংকে জমা ৫০,০০০ টাকা; হাতে নগদ ১০,০০০ টাকা হলে উক্ত প্রতিষ্ঠানের তারল্য অনুপাত কত?**
(ক) ১ : ২ (খ) ৩ : ১ (গ) ১ : ৩ (ঘ) ২ : ১

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তরমালা | ১ ক | ২ খ | ৩ ঘ | ৪ ক | ৫ ঘ | ৬ ক | ৭ ঘ | ৮ খ | ৯ গ | ১০ ক | ১১ খ | ১২ ঘ | ১৩ গ | ১৪ ক | ১৫ গ |
| | ১৬ খ | ১৭ ক | ১৮ ঘ | ১৯ গ | ২০ খ | ২১ ঘ | ২২ ঘ | ২৩ গ | ২৪ ঘ | ২৫ খ | ২৬ ক | ২৭ খ | ২৮ ক | ২৯ ঘ | ৩০ খ |

# ৭ ✔ মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 4 6

## হিসাববিজ্ঞান ➤ বহুনির্বাচনি অভীক্ষা

সময়– ৩০ মিনিট পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কোন লেনদেনটি অভ্যন্তরীণ?**
ক ভাড়া প্রদান
খ বেতন প্রদান
গ আসবাবপত্রের অবচয়
ঘ পণ্য বিক্রয়

**২. বকেয়া বেতন হিসাব সমীকরণের উপর কী প্রভাব পড়বে?**
ক সম্পদ ও স্বত্বাধিকার বৃদ্ধি
খ সম্পদ ও স্বত্বাধিকার হ্রাস
গ দায় হ্রাস ও স্বত্বাধিকার বৃদ্ধি
ঘ দায় বৃদ্ধি ও স্বত্বাধিকার হ্রাস

**৩. কোনটির জন্য ভাউচার প্রস্তুত করা হয়?**
i. ক্রয়
ii. বিক্রয়
iii. বেতন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৪. বিক্রয় ফেরত জাবেদার উৎস দলিল কী?**
ক ডেবিট নোট খ ক্রেডিট নোট
গ চালান ঘ ক্যাশমেমো

**৫. দু'তরফা দাখিলা পদ্ধতির বৈশিষ্ট্য কোনটি?**
ক ব্যয় নিয়ন্ত্রণ
খ সহজ প্রয়োগ
গ ডেবিট ও ক্রেডিট নির্ণয়
ঘ পরিপূর্ণ হিসাব সংরক্ষণ

**৬. হিসাবচক্রের ৮ম ধাপ কোনটি**
ক রেওয়ামিল প্রস্তুতকরণ
খ কার্যপত্র প্রস্তুত
গ সমন্বয় দাখিলা
ঘ আর্থিক বিবরণী

**৭. কীসের মাধ্যমে মুনাফাজাতীয় আয়, মুনাফাজাতীয় ব্যয় ও উত্তোলন হিসাব বন্ধ করা হয়?**
ক প্রারম্ভিক দাখিলা
খ সমাপনী দাখিলা
গ সমন্বয় দাখিলা
ঘ ভুল সংশোধনী দাখিলা

**৮. একতরফা দাখিলা পদ্ধতিতে কোন হিসাব সংরক্ষণে গুরুত্ব দেওয়া হয় না?**
ক মূলধন ও উত্তোলন
খ সম্পদ ও দায়
গ আয় ও ব্যয়
ঘ দায় ও মালিকানাস্বত্ব

**৯. জাবেদাকে বলা হয়–**
i. স্থায়ী বই
ii. প্রাথমিক বই
iii. সহকারী বই
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১০. প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ করা হয় কোনটি?**
ক ধারে ক্রয় খ বাকিতে বিক্রয়
গ বাকিতে যন্ত্রপাতি ক্রয়
ঘ নগদে ক্রয়

**১১. কোনটি বিক্রয় জাবেদায় লিপিবদ্ধ হবে?**
ক নগদে বিক্রয় খ বাকিতে বিক্রয়
গ চেকে বিক্রয় ঘ বিলের মাধ্যমে বিক্রয়

**১২. প্রাপ্ত চেক প্রত্যাখ্যাত হলে কোন হিসাব ক্রেডিট হবে?**
ক দেনাদার হিসাব খ পাওনাদার হিসাব
গ নগদান হিসাব ঘ ব্যাংক হিসাব

**১৩. লেনদেনের সর্বশেষ আশ্রয়স্থল কোনটি?**
ক জাবেদা খ খতিয়ান
গ রেওয়ামিল ঘ আর্থিক বিবরণী

**১৪. খতিয়ান প্রস্তুতকরণের প্রথম ধাপ কোনটি?**
ক জের টানা খ জের স্থানান্তর
গ ব্যালেন্সিং ঘ পোস্টিং

**১৫. বি/ডি দ্বারা কী বুঝায়?**
ক পেছন থেকে আনীত খ উপর থেকে আনীত
গ সম্মুখে নীত ঘ নিচে নীত

**১৬. খতিয়ানের ডেবিট উদ্বৃত্ত দ্বারা প্রকাশ পায়–**
i. সম্পদ
ii. ব্যয়
iii. আয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৭. প্রাপ্য হিসাব কোন শ্রেণির হিসাব?**
ক দায় খ রেভিনিউ
গ সম্পদ ঘ মালিকানাস্বত্ব

**১৮. অফিসে ব্যবহারের জন্য ক্যালকুলেটর ক্রয় করা হলে কোন হিসাবে লিপিবদ্ধ হবে?**
ক অফিস সরঞ্জম খ অফিস সাপ্লাইজ
গ যন্ত্রপাতি ঘ মনিহারি

**১৯. একই শ্রেণিভুক্ত হিসাবগুলো হলো–**
i. শিক্ষানবিশ সেলামি
ii. বিমা সেলামি
iii. উপভাড়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব হাসান ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৬০,০০০ টাকা, যন্ত্রপাতি ৫০,০০০ টাকা, পণ্যদ্রব্য ২০,০০০ টাকা এবং ১,০০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।

**২০. জনাব হাসানের ব্যবসায়ে মূলধনের পরিমাণ কত?**
ক ১,৬০,০০০ টাকা খ ১,৩০,০০০ টাকা
গ ১,১০,০০০ টাকা ঘ ২,১০,০০০ টাকা

**২১. ১ জানুয়ারি ২০২১ তারিখে নগদ টাকার পরিমাণ কত?**
ক ১,৬০,০০০ টাকা খ ১,৩০,০০০ টাকা
গ ১,৫০,০০০ টাকা ঘ ৮০,০০০ টাকা
* [বি.দ্র: সঠিক উত্তর ৬০,০০০ টাকা]

**২২. নিচের কোনটির মাধ্যমে হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা হয়?**
ক জাবেদা খ খতিয়ান
গ রেওয়ামিল ঘ আর্থিক বিবরণী

**২৩. আসবাবপত্র বিক্রয় ৫,০০০ টাকা বিক্রয় হিসাবে ক্রেডিট করা হয়েছে। এক্ষেত্রে কোন ধরনের ভুল হয়েছে?**
ক বাদ পড়ার ভুল খ লেখার ভুল
গ নীতিগত ভুল ঘ পরিপূরক ভুল

**২৪. রেওয়ামিলে ডেবিট দিকে লিপিবদ্ধ হবে–**
i. অগ্রিম উপভাড়া
ii. প্রদত্ত ঋণ
iii. পাওনাদার বাট্টা সঞ্চিতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৫. কোনটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে?**
ক সমাপনী মজুদ
খ প্রারম্ভিক মজুদ
গ প্রারম্ভিক ব্যাংক জমা
ঘ প্রারম্ভিক নগদ তহবিল

**২৬. আন্তর্জাতিক হিসাবমান-০১ অনুযায়ী আর্থিক বিবরণী কয়টি অংশে প্রস্তুত করা হয়?**
ক ৩ খ ৪
গ ৫ ঘ ৬

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
প্রারম্ভিক মজুদ পণ্য ১০,০০০ টাকা, পণ্য ক্রয় ২,৮০,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ২,৫০,০০০ টাকা, মোট মুনাফা ৪০,০০০ টাকা।

**২৭. সমাপনী মজুদ পণ্যের পরিমাণ কত?**
ক ৩০,০০০ টাকা খ ৪০,০০০ টাকা
গ ৭০,০০০ টাকা ঘ ১,৭০,০০০ টাকা

**২৮. বিক্রয়ের পরিমাণ কত?**
ক ২,৯০,০০০ টাকা খ ২,৪০,০০০ টাকা
গ ২,৩০,০০০ টাকা ঘ ২,২০,০০০ টাকা

**২৯. আর্থিক অবস্থার বিবরণীতে সম্পদ ও দায় সাজানোর পদ্ধতি কয়টি?**
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

**৩০. সমাপনী মজুদ পণ্য মূল্যায়নে কোন নীতি অনুসরণ করা হয়?**
ক সামঞ্জস্যতা নীতি খ ক্রয়মূল্য নীতি
গ রক্ষণশীলতা নীতি ঘ ব্যবসায়িক সত্তা নীতি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | গ | ১০ | গ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | খ |
| ১৬ | ক | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | খ | ২১ | * | ২২ | গ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | গ |

## ৮ ✓ বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 4 6

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. নিচের কোনটি ডেবিট ব্যালেন্স প্রকাশ করে?**
ক আয় খ ব্যয়
গ দায় ঘ মালিকানাস্বত্ব

**২. লেনদেনকে স্থায়িভাবে, সারিবদ্ধ ও শ্রেণিবদ্ধ করে লেখা হয় নিচের কোনটিতে?**
ক বিশেষ জাবেদায়
খ প্রকৃত জাবেদায়
গ সাধারণ খতিয়ানে
ঘ আর্থিক বিবরণীতে

**৩. '৫০০ টাকার পণ্য নষ্ট হলো'**
**– উপরিউক্ত লেনদেনের ক্রেডিট দাখিলা হবে কোনটি?**
ক বিবিধ ক্ষতি হিসাব ৫০০ টাকা
খ পণ্য হিসাব ৫০০ টাকা
গ ক্রয় হিসাব ৫০০ টাকা
ঘ সমাপনী মজুদ পণ্য হিসাব ৫০০ টাকা

**৪. "থিয়েটারের নাটক প্রদর্শনের টিকিট বিক্রয় ৮০,০০০ টাকা"**
**– উপরিউক্ত লেনদেনের ক্রেডিট দাখিলা কোনটি?**
ক নগদান হিসাব ৮০,০০০ টাকা
খ বিক্রয় হিসাব ৮০,০০০ টাকা
গ থিয়েটার হিসাব ৮০,০০০ টাকা
ঘ সেবা আয় হিসাব ৮০,০০০ টাকা

**৫. পেপার ওয়েট ও পাঞ্চিং মেশিন ক্রয় কোন হিসাবে লিপিবদ্ধ হবে?**
ক মনিহারি হিসাব খ অফিস সরঞ্জাম হিসাব
গ অফিস সাপ্লাইজ ঘ উত্তর নাই

**৬. কোনটি একই হিসাবের শ্রেণিভুক্ত নয়?**
ক শিক্ষানবিশ সেলামি খ শিক্ষানবিশ ভাতা
গ বিজ্ঞাপন ঘ পরিবহন

**৭. হিসাববিজ্ঞানে দু'তরফা দাখিলা পদ্ধতি কত সালে উদ্ভাবিত হয়েছিল?**
ক ১৪৮৪ খ ১৩৯৪
গ ১৪৪৯ ঘ ১৪৯৪

**৮. নিচের কোনটি মালিকানাস্বত্বের অন্তর্ভুক্ত?**
ক দেনাদার খ ঋণ হিসাব
গ মূলধন হিসাব ঘ নগদান হিসাব

**৯. অদৃশ্যমান লেনদেন কোনটি?**
ক ধারে ক্রয় ৩০,০০০ টাকা
খ ধারে বিক্রয় ৩৫,০০০ টাকা
গ ব্যাংক থেকে উত্তোলন ২,০০০ টাকা
ঘ যন্ত্রপাতির অবচয় ১,০০০ টাকা

**১০. হিসাব সমীকরণের বর্ধিত রূপ কোনটি?**
ক $A = L + (C + R - E - D)$
খ $A = (C + R - E + D) + L$
গ $A = L + (C + R + E + D)$
ঘ $A = L + (C - R + E + D)$

**১১. মোট মুনাফা হলো–**
ক পরিচালন মুনাফা + পরিচালন ব্যয়
খ বিক্রয় + ক্রয়
গ বিক্রীত পণ্যের ব্যয় + প্রারম্ভিক মজুদ পণ্য
ঘ নিট মুনাফা + পরিচালন ব্যয়

**১২. অপরিচালন আয়–**
i. বিনিয়োগের সুদ
ii. বিক্রয়
iii. শিক্ষানবিশ সেলামি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩. বিক্রয় ১৮,০০০ টাকা, প্রারম্ভিক মজুদ ২,৫০০ টাকা, সমাপনী মজুদ ১,৭০০ টাকা, ক্রয় ১৩,৪০০ টাকা এবং ক্রয় পরিবহন ৭০০ টাকা হলে; বিক্রীত পণ্যের ব্যয় কত?**
ক ১৬,৬০০ টাকা খ ১৪,৯০০ টাকা
গ ১৫,৯০০ টাকা ঘ ১৮,৩০০ টাকা

**১৪. অবচয় হলো –**
ক স্থায়ী সম্পদের ক্রয়কৃত মূল্য
খ পুরাতন স্থায়ী সম্পদ বিক্রয়লব্ধ অর্থ
গ ব্যবহারের ফলে স্থায়ী সম্পদের যে অংশ ক্ষয়প্রাপ্ত হয়েছে
ঘ পুরাতন স্থায়ী সম্পদের প্রতিস্থাপন ব্যয়

**১৫. সম্ভাব্য অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখা হয় যখন–**
ক দেনাদার দেউলিয়া হয়ে যায়
খ দেনাদারকে খুঁজে পাওয়া যায় না
গ দেনাদারের নিকট প্রাপ্য অর্থ নিশ্চিত পাওয়া যাবে না
ঘ দেনাদারের নিকট প্রাপ্য অর্থ আদায় নাও হতে পারে

**১৬. যদি মোট মুনাফা ৭০,০০০ টাকা, পরিচালন ব্যয় ৩৫,০০০ টাকা, অপরিচালন আয় ১৫,০০০ টাকা হয়, তবে নিট মুনাফা হবে–**
ক ২০,০০০ টাকা খ ২৫,০০০ টাকা
গ ৩৫,০০০ টাকা ঘ ৫০,০০০ টাকা

**১৭. কোনটি বিশদ আয় বিবরণীর পরিচালন ব্যয়?**
ক অফিস খরচ
খ মালিক কর্তৃক পণ্য উত্তোলন
গ কাঁচামাল
ঘ পণ্য ক্রয়ের ভাড়া

**১৮. পাওনাদার আর্থিক অবস্থার বিবরণীর কোন অংশে থাকে?**
ক চলতি সম্পদ খ চলতি দায়
গ স্থায়ী সম্পদ ঘ দীর্ঘমেয়াদি দেনা

**১৯. ফারাবী ব্যবসায়ের জন্য ৮০,০০০ টাকার যন্ত্রপাতি ক্রয় করেন। কিন্তু বছর শেষে দেখা গেল যন্ত্রপাতির মূল্য ৮,০০০ টাকা কমে গেল। এক্ষেত্রে যন্ত্রপাতির অবচয়ের শতকরা হার কত?**
ক ৫% খ ১০%
গ ১৫% ঘ ২০%

**২০. আর্থিক বিবরণীর ধাপ কোনটি?**
ক ক্রয়-বিক্রয় হিসাব খ আয়-ব্যয় হিসাব
গ নগদান হিসাব ঘ মালিকানাস্বত্ব বিবরণী

**২১. নিচের কোনটি ব্যবসায়ের লেনদেনের সাথে সরাসরি জড়িত নয়?**
ক বেতন খ ডাক ও তার
গ সুনামের অবলোপন ঘ ব্যাংক চার্জ

**২২. যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা, যন্ত্রপাতি হিসাবে ডেবিট না করে মজুরি হিসাবে ডেবিট করায় কোন ধরনের ভুল হয়েছে?**
ক করণিক খ পরিপূরক
গ নীতিগত ঘ লেখার

**২৩. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না কোনটি?**
ক প্রারম্ভিক নগদ খ ক্রয় ফেরত
গ নগদ তহবিল ঘ ব্যাংক উদ্বৃত্ত

**২৪. কোনটি প্রস্তুত করা জরুরি নয়?**
ক খতিয়ান খ উদ্বৃত্তপত্র
গ আর্থিক বিবরণী ঘ রেওয়ামিল

**২৫. জনাব হিন্দোলের ব্যবসায়ে যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা, ভুলবশত ক্রয় হিসাবে ২০,০০০ টাকা দ্বারা ডেবিট করা হয়েছে। উক্ত ভুল সংশোধনের জন্য কোনাটি ক্রেডিট হবে?**
ক পাওনাদার হিসাব খ নগদান হিসাব
গ ক্রয় হিসাব ঘ যন্ত্রপাতি হিসাব

**২৬. মূলধনজাতীয় ব্যয়কে মুনাফাজাতীয় ব্যয় হিসাবে লিপিবদ্ধ করলে কোন ধরনের ভুল হয়?**
ক লেখার ভুল খ বেদাখিলার ভুল
গ পরিপূরক ভুল ঘ নীতিগত ভুল

**২৭. নিচের কোনটি রেওয়ামিলের ডেবিট দিকে বসবে?**
ক অনাদায়ি পাওনা সঞ্চিতি
খ সাধারণ সঞ্চিতি
গ পাওনাদারের বাট্টা সঞ্চিতি
ঘ দেনাদারের বাট্টা সঞ্চিতি

**২৮. খতিয়ানের চলমান জের ছকের উপরের ডানদিকে কী লিখতে হয়?**
ক হিসাবের কোড নং খ ক্রেডিট
গ পৃষ্ঠা নম্বর ঘ হিসাবের নাম

**২৯. স্থায়িভাবে হিসাব লিপিবদ্ধ করা হয়–**
ক খতিয়ানে খ জাবেদায়
গ নগদান বইতে ঘ রেওয়ামিলে

**৩০. B/F-এর অর্থ কোনটি?**
ক নিচে নীত খ সম্মুখে নীত
গ উপর থেকে আনীত ঘ পেছন থেকে আনীত

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ খ | ২ গ | ৩ গ | ৪ ঘ | ৫ গ | ৬ ক | ৭ ঘ | ৮ গ | ৯ ঘ | ১০ ক | ১১ ক | ১২ খ | ১৩ খ | ১৪ গ | ১৫ ঘ |
| ১৬ ঘ | ১৭ ক | ১৮ খ | ১৯ খ | ২০ ঘ | ২১ গ | ২২ গ | ২৩ ক | ২৪ ঘ | ২৫ গ | ২৬ ঘ | ২৭ গ | ২৮ ক | ২৯ ক | ৩০ ঘ |

## ৯ অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া

বিষয় কোড : 1 4 6

### হিসাববিজ্ঞান ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়– ৩০ মিনিট  পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. অকেজো মোটরগাড়ি চালু করার খরচ কোন ধরনের লেনদেন?**
ⓚ মুনাফাজাতীয়
ⓛ মূলধনজাতীয়
ⓜ বিলম্বিত মূলধনজাতীয়
ⓝ আবর্তক ব্যয়

**২. জনাব রহিম একজন ব্যবসায়ী। তার ব্যবসায়ের সংঘটিত মুনাফাজাতীয় লেনদেনগুলোর প্রকৃতি–**
i. নিয়মিত সংঘটিত হয় না
ii. অপেক্ষাকৃত ছোট অঙ্কের
iii. স্বল্পমেয়াদি সুবিধা প্রদান করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
২০১৭ সালের ১ জানুয়ারি খালেদ এন্টারপ্রাইজ ১০,৫০,০০০ টাকায় একটি মাইক্রোবাস ক্রয় করে আমদানি শুল্ক বাবদ ১০,০০০ টাকা প্রদান করে। প্রতি বছর মাইক্রোবাসের ওপর ১০,৫০০ টাকা করে অবচয় ধরা হয় এবং ২০২০ সালের ১ জানুয়ারি মাইক্রোবাসটি ১১,০০,০০০ টাকায় বিক্রয় করা হয়।

**৩. উদ্দীপকের তথ্য অনুযায়ী খালেদ এন্টারপ্রাইজের মূলধনজাতীয় ব্যয় কত?**
ⓚ ১০,৫০,০০০ ⓛ ১০,৬০,০০০
ⓜ ১০,৬০,৫০০ ⓝ ১১,০০,০০০

**৪. খালেদ এন্টারপ্রাইজের ২০২০ সালে–**
i. মূলধনজাতীয় আয় ৭১,৫০০ টাকা হবে
ii. মূলধনজাতীয় প্রাপ্তি ১১,০০,০০০ টাকা হবে
iii. মুনাফাজাতীয় ব্যয় ২০,৫০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**৫. মুনাফার ওপর একমাত্র দাবি কার?**
ⓚ দেনাদারের ⓛ মালিকের
ⓜ পাওনাদারের ⓝ শ্রমিকের

**৬. কোনটি পরোক্ষ খরচ?**
ⓚ আন্তঃপরিবহন ⓛ বহিঃপরিবহন
ⓜ আমদানি শুল্ক ⓝ জাহাজ ভাড়া

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
সামিয়া এন্টারপ্রাইজের মূলধন ২,০০,০০০ টাকা, নিট মুনাফা ৬০,০০০ টাকা, সাধারণ সঞ্চিতি ১২,০০০ টাকা, আয়কর ২২,০০০ টাকা এবং পণ্য উত্তোলন ২০,০০০ টাকা।

**৭. বছর শেষে সামিয়া এন্টারপ্রাইজের মালিকানাস্বত্বের পরিমাণ কত?**
ⓚ ২,৬০,০০০ টাকা ⓛ ২,৪০,০০০ টাকা
ⓜ ২,৩০,০০০ টাকা ⓝ ২,০৬,০০০ টাকা

**৮. বছর শেষে মোট উত্তোলনের পরিমাণ কত?**
ⓚ ২০,০০০ টাকা ⓛ ২২,০০০ টাকা
ⓜ ৪২,০০০ টাকা ⓝ ৫৪,০০০ টাকা

**৯. হিসাবরক্ষণের মূল ভিত্তি–**
ⓚ জাবেদাভুক্তকরণ
ⓛ খতিয়ানভুক্তকরণ
ⓜ আর্থিক বিবরণী প্রস্তুতকরণ
ⓝ লেনদেন

**১০. বাহ্যিক লেনদেনগুলো হলো–**
i. অবচয় ধার্য
ii. পণ্য বিক্রয়
iii. ক্রয় ফেরত
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**১১. নিচের কোনটি ভবিষ্যৎ ঘটনা?**
ⓚ কুঋণ ⓛ কুঋণ সঞ্চিতি
ⓜ আগুনে বিনষ্ট পণ্য
ⓝ ব্যবসায় প্রতিষ্ঠানের মালিকের মৃত্যু

**১২. সম্পদ ও দায় হ্রাসের উদাহরণ হলো–**
i. বকেয়া বেতন পরিশোধ ৬,০০০ টাকা
ii. চেয়ার ক্রয় বাকিতে ৪,০০০ টাকা
iii. পাওনাদারকে পরিশোধ ১০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**১৩. কে সুবিধা গ্রহণকারী?**
ⓚ পাওনাদার ⓛ ব্যাংক
ⓜ দেনাদার ⓝ মালিক

**১৪. দুতরফা দাখিলা পদ্ধতির সুবিধা কোনটি?**
ⓚ গাণিতিক শুদ্ধতা যাচাই
ⓛ দ্বৈত সত্তা
ⓜ সামগ্রিক ফলাফল
ⓝ ডেবিট ও ক্রেডিট করা

**১৫. হিসাবচক্রের সংক্ষিপ্তকরণ বলা হয় কোনটিকে?**
ⓚ জাবেদা ⓛ খতিয়ান
ⓜ রেওয়ামিল ⓝ নগদান

**১৬. ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন করা হলো–**
i. ব্যাংক হিসাব ক্রেডিট হবে
ii. নগদান হিসাব ডেবিট হবে
iii. উত্তোলন হিসাব ডেবিট হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**১৭. বিক্রয় ফেরত কোন জাতীয় হিসাব?**
ⓚ সম্পদ হিসাব ⓛ দায় হিসাব
ⓜ আয় হিসাব ⓝ ব্যয় হিসাব

**১৮. কোনটি অফিস সাপ্লাইজ?**
ⓚ পেপারওয়েট ⓛ ফটোকপি মেশিন
ⓜ প্রিন্টার ⓝ কম্পিউটার

**১৯. কোনটির ফলে সম্পদ একই সাথে হ্রাস ও বৃদ্ধি পায়?**
ⓚ নগদ উত্তোলন ⓛ বিক্রয়
ⓜ ব্যাংকে নগদ জমাদান
ⓝ নগদে খরচ পরিশোধ

**২০. হিসাব খাত ডেবিট হবে –**
i. মালিকানাস্বত্ব হ্রাস পেলে
ii. আয় হ্রাস পেলে
iii. সম্পদ বৃদ্ধি পেলে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মনির নগদ ৩০,০০০ টাকা, ১২,০০০ টাকার পণ্যদ্রব্য ও ১৫,০০০ টাকার ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন।

**২১. জনাব মনিরের মূলধনের পরিমাণ কত?**
ⓚ ৩০,০০০ টাকা ⓛ ৪২,০০০ টাকা
ⓜ ৪৫,০০০ টাকা ⓝ ৫৭,০০০ টাকা

**২২. নগদান হিসাবকে কত টাকা দ্বারা ডেবিট করা হবে?**
ⓚ ২৭,০০০ টাকা ⓛ ৩০,০০০ টাকা
ⓜ ৪৫,০০০ টাকা ⓝ ৫৭,০০০ টাকা

**২৩. প্রতিষ্ঠানকে কেমন চেক প্রদান করা হয়?**
ⓚ দেয় চেক ⓛ প্রদেয় চেক
ⓜ দাগকাটা চেক ⓝ নির্দিষ্ট পরিমাণ

**২৪. প্রদেয় হিসাবের সাথে সম্পর্ক হতে পারে–**
i. ধারে ক্রয়
ii. পাওনাদার
iii. দেনাদার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**২৫. সাধারণ খতিয়ানে কোন হিসাবদ্বয়কে মূল হিসাব নামে অভিহিত করা হয়?**
ⓚ নগদান ও মূলধন ⓛ দেনাদার ও বিক্রয়
ⓜ পাওনাদার ও ক্রয় ⓝ দেনাদার ও পাওনাদার

**২৬. হিসাবের ডেবিট দিকের যোগফল ক্রেডিট দিকের যোগফল অপেক্ষা বেশি হলে প্রকাশ করবে–**
ⓚ ডেবিট উদ্বৃত্ত ⓛ ক্রেডিট উদ্বৃত্ত
ⓜ সম্পদ ⓝ খরচ

**২৭. সহকারী খতিয়ান হিসাব প্রস্তুত করা যায়–**
i. ক্রয় বই থেকে
ii. বিক্রয় বই থেকে
iii. নগদান বই থেকে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**২৮. প্রকৃতপক্ষে কোনটি একটি অস্থায়ী হিসাব?**
ⓚ নগদান হিসাব ⓛ অনিশ্চিত হিসাব
ⓜ ব্যাংক হিসাব ⓝ চলতি হিসাব

**২৯. পরিপূরক ভুলের অপর নাম কী?**
ⓚ বেদাখিলার ভুল ⓛ লেখার ভুল
ⓜ নীতিগত ভুল ⓝ স্বয়ংসংশোধিত ভুল

**৩০. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয় কোনটি?**
ⓚ প্রারম্ভিক নগদ তহবিল
ⓛ প্রারম্ভিক ব্যাংক ব্যালেন্স
ⓜ সমাপনী মজুদ পণ্য
ⓝ সমাপনী ব্যাংক ব্যালেন্স

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ⓛ | ২ | ⓜ | ৩ | ⓛ | ৪ | ⓚ | ৫ | ⓛ | ৬ | ⓛ | ৭ | ⓜ | ৮ | ⓜ | ৯ | ⓝ | ১০ | ⓜ | ১১ | ⓛ | ১২ | ⓛ | ১৩ | ⓜ | ১৪ | ⓚ | ১৫ | ⓜ |
| ১৬ | ⓚ | ১৭ | ⓜ | ১৮ | ⓚ | ১৯ | ⓜ | ২০ | ⓝ | ২১ | ⓛ | ২২ | ⓜ | ২৩ | ⓜ | ২৪ | ⓚ | ২৫ | ⓝ | ২৬ | ⓚ | ২৭ | ⓚ | ২৮ | ⓛ | ২৯ | ⓝ | ৩০ | ⓝ |

## ১০ বাংলাদেশ নৌবাহিনী স্কুল ও কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 1 4 6

### হিসাববিজ্ঞান ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময়– ৩০ মিনিট পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. নিচের কোনটি সঠিক?**
ক A = L – OE খ OE = A – L
গ L = A + OE ঘ A + L = OE

**২. কোনটি ভুল? লেনদেন দ্বারা–**
i. মোট সম্পদ হ্রাস পেলে, মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে
ii. মোট সম্পদ বৃদ্ধি পেলে, মোট দায় হ্রাস পাবে
iii. একটি সম্পদ বৃদ্ধি পেলে অপর একটি সম্পদ হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৩. মালিকানাস্বত্বের উপাদান কয়টি?**
ক ৩টি খ ৪টি
গ ৫টি ঘ ৬টি

**৪. ব্যক্তিগত প্রয়োজনে নগদ অর্থ উত্তোলন। এই লেনদেনের ফলে হিসাব সমীকরণের–**
i. সম্পদ হ্রাস পাবে
ii. দায় হ্রাস পাবে
iii. মালিকানাস্বত্ব হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৫. চালান কে প্রস্তুত করেন?**
ক ক্রেতা খ বিক্রেতা
গ ব্যবস্থাপক ঘ হিসাবরক্ষক

**৬. একতরফা দাখিলা পদ্ধতিতে সাধারণত কোন শ্রেণির হিসাব সংরক্ষণ করা হয়?**
i. সম্পদ
ii. দায়
iii. ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৭, ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
১লা জানুয়ারি ২০২১ তারিখে কামাল ট্রেডার্সের মোট সম্পদ ১,৮০,০০০ টাকা এবং মোট দায় ৭৫,০০০ টাকা।
৩১ ডিসেম্বর ২০২১ তারিখে নগদ ৮০,০০০ টাকা, মজুদ পণ্য ৩৪,০০০ টাকা, দেনাদার ৯৬,০০০ টাকা, আসবাবপত্র ৪০,০০০ টাকা, পাওনাদার ৪৫,০০০ টাকা, ব্যাংক ঋণ ৫০,০০০ টাকা।
উক্ত বছরে মালিক ৬০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করেন এবং ৩৫,০০০ টাকা নগদ উত্তোলন করেন।

**৭. প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত টাকা?**
ক ১,০৫,০০০ টাকা খ ১,৫৫,০০০ টাকা
গ ১,৮০,০০০ টাকা ঘ ২,৫০,০০০ টাকা

**৮. সমাপনী দায়ের পরিমাণ কত?**
ক ৭৫,০০০ টাকা খ ৯৫,০০০ টাকা
গ ১,৫৫,০০০ টাকা ঘ ১,৭০,০০০ টাকা

**৯. ২০২১ সালে মুনাফার পরিমাণ কত?**
ক ২৫,০০০ টাকা খ ৭৫,০০০ টাকা
গ ১,২৫,০০০ টাকা ঘ ১,৭৫,০০০ টাকা

**১০. আর্থিক বিবরণীর খসড়াস্বরূপ ব্যবহার করা হয় কোনটি?**
ক রেওয়ামিল খ সমন্বয় দাখিলা
গ সমাপনী দাখিলা ঘ কার্যপত্র

**১১. নিচের কোনটি মূলধনজাতীয় ব্যয়?**
ক সুদ প্রদান খ ভাড়া প্রদান
গ মেশিন ক্রয় ঘ পণ্য ক্রয়

**১২. জনাব রহমান একখণ্ড জমি ক্রয় করেন। উক্ত জমি রেজিস্ট্রেশন করতে তিনি ১০,০০০ টাকা খরচ করেন। এই রেজিস্ট্রেশন খরচ কোন জাতীয় ব্যয়?**
ক মূলধনজাতীয় ব্যয়
খ মুনাফাজাতীয় ব্যয়
গ বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়
ঘ মূলধনায়িত ব্যয়

**১৩. নিচের কোনটি বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়?**
ক ব্যবসায় স্থানান্তর ব্যয়
খ আসবাবপত্র ক্রয়
গ অফিস খরচ
ঘ পণ্য ক্রয়

**১৪. দেনাদার কোন শ্রেণির হিসাব?**
ক সম্পদ হিসাব খ দায় হিসাব
গ আয় হিসাব ঘ মালিকানাস্বত্ব হিসাব

**১৫. কোনো হিসাবের মোট ডেবিট টাকা এবং মোট ক্রেডিট টাকার পার্থক্যকে কী বলে?**
ক লাভ খ ক্ষতি
গ দায় ঘ উদ্বৃত্ত

**১৬. একই শ্রেণিভুক্ত হিসাবগুলো হলো–**
i. বেতন
ii. বিক্রয়
iii. বিজ্ঞাপন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৭. বিক্রয় ফেরত জাবেদার উৎস দলিল কোনটি?**
ক ডেবিট নোট খ ক্রেডিট নোট
গ ডেবিট ভাউচার ঘ ক্রেডিট ভাউচার

**১৮. জাবেদাকে বলা হয় হিসাবের–**
i. প্রাথমিক বই
ii. দৈনিক বই
iii. স্থায়ী বই
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৯. ক্রয় ফেরত জাবেদার ছকে ঘর থাকে কয়টি?**
ক ৩টি খ ৪টি
গ ৫টি ঘ ৬টি

**২০. ব্যয় বা খরচ হিসাব কোন উদ্বৃত্ত প্রকাশ করে?**
ক ডেবিট খ ক্রেডিট
গ প্রারম্ভিক ঘ সমাপনী

**২১. খতিয়ান হিসাবের–**
i. প্রাথমিক বই
ii. পাকা বই
iii. স্থায়ী বই
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২২. C/D দ্বারা কী বোঝায়?**
ক সম্মুখে নীত খ নিচে নীত
গ উপর থেকে আনীত ঘ পেছন থেকে আনীত

**২৩. খতিয়ানের উদ্বৃত্ত দ্বারা কোনটি প্রস্তুত করা হয়?**
ক নগদান বই খ প্রাপ্য হিসাব
গ প্রদেয় হিসাব ঘ রেওয়ামিল

**২৪. খতিয়ানের ডেবিট উদ্বৃত্ত দ্বারা প্রকাশ পায়–**
i. সম্পদ
ii. খরচ
iii. দায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৫. নিচের কোনটি অন্য ৩টি হতে ভিন্ন?**
ক প্রশিক্ষণ ভাতা খ বিক্রয়
গ বিমা সেলামি ঘ খাজনা ও কর

**২৬. রেওয়ামিলের ডেবিট দিকে বসে–**
i. মূলধন
ii. উত্তোলন
iii. বিক্রয় ফেরত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৭. আসবাবপত্র বিক্রয় ৫০০০ টাকা, বিক্রয় হিসাব ক্রেডিট করা হয়েছে। এক্ষেত্রে কোন ধরনের ভুল হয়েছে?**
ক বাদ পড়ার ভুল খ লেখার ভুল
গ পরিপূরক ভুল ঘ নীতিগত ভুল

**২৮. চলতি অনুপাতের আদর্শ মান কত?**
ক ১ ঃ ২ খ ২ ঃ ১
গ ৩ ঃ ২ ঘ ২ ঃ ৩

**২৯. পাওনাদার আর্থিক বিবরণীর কোথায় বসে?**
ক চলতি সম্পদ খ চলতি দায়
গ স্থায়ী সম্পদ ঘ দীর্ঘমেয়াদি দায়

**৩০. নিচের কোনটি পরিচালন ব্যয়?**
ক অফিস খরচ খ উত্তোলন
গ বিবিধ ক্ষতি ঘ ঋণের সুদ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ঘ |
| ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | গ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ক |

## ১১ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১

বিষয় কোড : 1 4 6

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে **দুটি** ও খ বিভাগ হতে যেকোনো **পাঁচটিসহ** সর্বমোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ ফারিয়াল এন্ড ব্রাদার্স এর রেওয়ামিল ও সংযুক্ত তথ্যাদি নিম্নরূপ :

**ফারিয়াল এন্ড ব্রাদার্স-এর রেওয়ামিল**

২০২১ সালের ৩০ জুন সমাপ্ত বছরের জন্য

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | নিট বিক্রয় | | | ১,৫০,০০০ |
| ২. | সমাপনী মজুদ পণ্য | | ৪০,০০০ | |
| ৩. | বিক্রীত পণ্যের ব্যয় | | ৭৭,৭০০ | |
| ৪. | দেনাদার ও পাওনাদার | | ১৬,০০০ | ৩৮,০০০ |
| ৫. | মূলধন | | | ১,১০,০০০ |
| ৬. | হাতে নগদ | | ১৮,৬০০ | |
| ৭. | উত্তোলন | | ৪১,০০০ | |
| ৮. | দালান মেরামত | | ২,৬০০ | |
| ৯. | বেতন ও সম্মানি | | ১৮,০০০ | |
| ১০. | সাধারণ খরচ | | ১১,৬০০ | |
| ১১. | বিমা প্রিমিয়াম | | ১,৫০০ | |
| ১২. | লিগ্যাল চার্জ ও কু-ঋণ সঞ্চিতি | | ৩,০০০ | ২,৫০০ |
| ১৩. | বিজ্ঞাপন | | ১৫,৫০০ | |
| ১৪. | প্রাপ্ত বাট্টা | | | ৪,০০০ |
| ১৫. | প্রাপ্ত বাড়িভাড়া | | | ১১,০০০ |
| ১৬. | দালানকোঠা | | ৭০,০০০ | |
| | | | ৩,১৫,৫০০ | ৩,১৫,৫০০ |

**সমন্বয়সমূহ :** (১) বিমা প্রিমিয়াম ৩০ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত এক বছরের জন্য পরিশোধিত; (২) অব্যবহৃত মনিহারি ১,০০০ টাকা এবং ১ মাসের বাড়ি ভাড়া অনাদায়ি; (৩) দেনাদারের ২,০০০ টাকা অবলোপন কর এবং অবশিষ্ট দেনাদারের ১০% কু-ঋণ সঞ্চিতি রাখতে হবে; (৪) ক্যাশ বাক্সে ৫০০ টাকা মূল্যের ২টি জাল নোট রয়েছে যা হিসাবে সমন্বয় করা হয়নি।

ক. ফারিয়াল এন্ড ব্রাদার্স এর মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ২

খ. ফারিয়াল এন্ড ব্রাদার্স এর নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. সমাপনী মালিকানাস্বত্ব ১,০৪,৫৭৫ ধরে ফারিয়াল এন্ড ব্রাদার্স এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▸ তুহিন বেপারী এর ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | মজুদ পণ্য (০১-০১-২০২১) | | ৪০,০০০ | |
| ২. | ক্রয় ও বিক্রয় | | ১,৫০,০০০ | ৩,১০,০০০ |
| ৩. | পরিবহন | | ৩,০০০ | |
| ৪. | কু-ঋণ সঞ্চিতি | | | ৬,৫০০ |
| ৫. | দফতর খরচ | | ৫০,০০০ | |
| ৬. | কারবার খরচ | | ১৫,০০০ | |
| ৭. | প্রাপ্ত বাট্টা | | | ৭০০ |
| ৮. | দেনাদার ও পাওনাদার | | ৬৩,০০০ | ২৫,০০০ |
| ৯. | বিবিধ ক্ষতি | | ২,৫০০ | |
| ১০. | সরঞ্জাম বিক্রয়জনিত মুনাফা | | | ২,৫০০ |
| ১১. | ব্যাংক চার্জ | | ৩,৫০০ | |
| ১২. | ডক চার্জ | | ১,২০০ | |
| ১৩. | ডাক ও তার খরচ | | ১,৫০০ | |
| ১৪. | হাতে নগদ | | ১৫,০০০ | |
| | মোট | | ৩,৪৪,৭০০ | ৩,৪৪,৭০০ |

**সমন্বয়সমূহ :** (১) নগদে বিক্রয় ১৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (২) দেনাদারের ২,৫০০ টাকা আদায়যোগ্য নয় এবং সম্ভাব্য কু-ঋণের জন্য ৫% সঞ্চিতি ধরতে হবে। এছাড়াও দেনাদারের ২% বাট্টা সঞ্চিতির ব্যবস্থা করতে হবে; (৩) ব্যবসায়ের মামলা পরিচালনা খরচ ৫,০০০ টাকা, যা হিসাবভুক্ত হয়নি; (৪) অলিখিত আন্তঃফেরত ২,০০০ টাকা ও বহিঃফেরত ১,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে সমাপনী নগদ তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২

খ. তুহিন বেপারীর মোট মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪

গ. মোট মুনাফা ১,১৯,৮০০ টাকা ধরে নিট মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ আব্বাস ট্রেডার্স ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৮০,০০০ টাকা, ৭০,০০০ টাকার ব্যাংক জমা এবং ৫০,০০০ টাকার পণ্য নিয়ে ব্যবসায় শুরু করেন। সারা মাসে প্রতিষ্ঠানের নিম্নোক্ত লেনদেনের সংঘটিত হয়—

জানু. ৪ বেলাল স্টোরের নিকট হতে ৩৫,০০০ টাকার পণ্য ক্রয়, যার ১৫,০০০ টাকা নগদ ও ১০,০০০ টাকার চেক প্রদান।

" ৮ ৫০,০০০ টাকার পণ্য বিক্রয়, নগদ ২০,০০০ টাকা ও ১৫,০০০ টাকার চেক প্রাপ্তি।

" ১২ বেলাল স্টোরকে ৫,০০০ টাকার পণ্য ফেরত দেওয়া হলো।

" ১৮ মালিক নিজ প্রয়োজনে উত্তোলন করলেন ৮,০০০ টাকা।

" ২৮ বিজ্ঞাপন খরচ প্রদান ৫,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরোক্ত লেনদেনগুলোর মাধ্যমে প্রমাণ কর যে, A = L + E ৪

গ. আব্বাস ট্রেডার্সের লেনদেনগুলোর কারণসহ হিসাবের শ্রেণি নির্ণয় কর। ৪

৪ ▸ নরেশ সুজ এর ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের কতিপয় হিসাব উদ্বৃত্তের পরিমাণ নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ২,৫০,০০০ | আসবাবপত্র | ৯০,০০০ |
| বন্ধকি ঋণ | ১,০০,০০০ | প্রাপ্য হিসাব | ৬৫,০০০ |
| অগ্রিম ভাড়া | ২০,০০০ | প্রদেয় হিসাব | ৪০,০০০ |
| আয়কর | ১৫,০০০ | অনাদায়ি সুদ | ৫,০০০ |
| বকেয়া বেতন | ১২,০০০ | যন্ত্রপাতি | ১,২০,০০০ |
| জীবন বিমা প্রিমিয়াম | ৫,০০০ | ব্যাংক হিসাব | ৫৫,০০০ |
| প্রদেয় বিল | ৩০,০০০ | নগদান হিসাব | ২৫,০০০ |
| অগ্রিম প্রাপ্ত কমিশন | ৪,০০০ | সুনাম | ১৫,০০০ |
| অনুপার্জিত উপ-ভাড়া | ২,০০০ | ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন | ৮,৫০০ |
| বকেয়া মনিহারি | ৩,০০০ | | |

ক. উপর্যুক্ত তথ্য হতে মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. নরেশ সুজ এর সম্পদ হিসাব চিহ্নিত করে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. নরেশ সুজ এর মোট দায় হিসাবের পরিমাণ নির্ণয় কর। ৪

**৫ ▶** জনাব তোহা তার ব্যবসায়ের বিস্তারিত হিসাব রাখেন না। তার ব্যবসায়ের অবস্থা নিম্নরূপ :

| বিবরণ | ১ জানুয়ারি ২০২১ | ৩১ ডিসেম্বর ২০২১ |
|---|---|---|
| নগদ ও ব্যাংক জমা | ৮১,০০০ | ৯৪,০০০ |
| প্রাপ্য বিল | ২২,০০০ | ১৭,০০০ |
| মজুদ পণ্য | ৪৩,৭০০ | ৬০,৩০০ |
| দালানকোঠা | ৩,৭০,০০০ | ৩,৭০,০০০ |
| পাওনাদার | ২১,০০০ | ২৮,০০০ |
| প্রদেয় বিল | ৭,০০০ | ১০,০০০ |

জনাব তোহা অত্র ২০২১ সনে ব্যবসায়ে আরও ৭০,০০০ টাকা বিনিয়োগ করলেন এবং প্রতিমাসে ১,৫০০ টাকা উত্তোলন করলেন। ব্যবসায়ের জন্য ০১-০৭-২০২১ তারিখে ৪৮,০০০ টাকা দিয়ে একটি ডেলিভারী ভ্যান ক্রয় করলেন।

ক. জনাব তোহার প্রারম্ভিক সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২১ সনের সমাপ্ত বছরের জন্য জনাব তোহার সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. প্রারম্ভিক মূলধন ৪,৮৮,৭০০ টাকা ধরে জনাব তোহার নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

**৬ ▶** নাজিম এন্ড কোং ২০২১ সালের জানুয়ারি মাসে নগদ ৫০,০০০ টাকা, ২০,০০০ টাকার মেশিন, ৩০,০০০ টাকার পণ্যদ্রব্য এবং ২৫,০০০ টাকা ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করে। উক্ত মাসে ব্যবসায়ের অন্যান্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

| | |
|---|---|
| জানু. ৪ | নগদে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা। |
| " ৮ | পণ্য ক্রয় ২৫,০০০ টাকা যার ১২,০০০ টাকা ধারে। |
| " ১২ | মালিক কর্তৃক অতিরিক্ত মূলধন আনয়ন ১২,০০০ টাকা। |
| " ২০ | ৮,০০০ টাকার পণ্য ক্রয়ের প্রস্তাব গৃহীত হলো। |

ক. নাজিম এন্ড কোং -এর মোট মূলধনের পরিমাণ কত? ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলো জাবেদা বইতে দেখাও। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা নগদান হিসাব ও মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

**৭ ▶** ২০২২ সালের জানুয়ারি মাসে মিসেস বিপাশার ধারে ক্রয়সংক্রান্ত লেনদেনগুলো নিম্নরূপ ছিল :

| | |
|---|---|
| জানু. ২ | নেত্রকোনার মেসার্স করিম এন্ড কোং-এর নিকট হতে চালান নং ১৪ মোতাবেক ক্রয় : প্রতি পাউন্ড ৫০ টাকা দরে ১০০ পাউন্ড গুঁড়া দুধ, প্রতি পাউন্ড ৮০ টাকা দরে ২০০ পাউন্ড কনডেন্সড দুধ এবং প্রতি কৌটা ১১০ টাকা দরে ৬০০ কৌটা হরলিকস। মঞ্জুরিকৃত কারবারি বাট্টা ১০%। |
| " ১৮ | জামালপুরের মেসার্স রহমান এন্ড কোং-এর নিকট হতে চালান নং ৭৫ মোতাবেক ক্রয় : প্রতি পাউন্ড ৫৯ টাকা দরে ৫০০ পাউন্ড গুঁড়া দুধ, প্রতি কৌটা ১২০ টাকা দরে ১০০ কৌটা হরলিকস, প্রতি পাউন্ড ১৫০ টাকা দরে ১০০ পাউন্ড মাখন এবং প্রতি পাউন্ড ২০ টাকা দরে ২০০ পাউন্ড পাউরুটি। কারবারি বাট্টা ১০%। |
| " ২৩ | নষ্ট থাকার কারণে মেসার্স রহমান এন্ড কোং এর নিকট ১২ কৌটা হরলিকস এবং ২০ পাউন্ড মাখন ফেরত পাঠানো হলো। ডেবিট নোট নং ৫০৩। |

ক. মিসেস বিপাশার জানুয়ারি মাসের ফেরত পণ্যের মূল্য নির্ণয় কর। ২

খ. জানুয়ারি মাসের তথ্য অবলম্বনে একটি ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত ক্রয় জাবেদার সাহায্যে সহকারী খতিয়ানসমূহ প্রস্তুত কর। ৪

**৮ ▶** জনাব আতাউর রহমান বেঙ্গল ইঞ্জিনিয়ারিং ফার্ম-এর মালিক। ২০২১ সালের ৩১ মার্চ বেঙ্গল ইঞ্জিনিয়ারিং ফার্ম এর হিসাবের বই থেকে নিম্নোক্ত তথ্য পাওয়া গেল :

১। ব্যবসায়ে মূলধন আনয়ন ৩,০০,০০০ টাকা।

২। শিক্ষানবিশ সেলামি ৫,০০০ টাকা।

৩। পুরাতন যন্ত্রপাতি বিক্রয় ৭৫,০০০ টাকা।

৪। ভাড়া প্রদান ৭৫০ টাকা।

৫। বৈদ্যুতিক খরচ (যার মধ্যে আছে নতুন বিদ্যুৎ ক্যাবল ৬,০০০ টাকা) ৮,৭০০ টাকা।

৬। আনয়ন ভাড়া (যার মধ্যে ৫,০০০ টাকা আছে নতুন সিমেন্ট মিকচার আনয়নে) ৭,৫০০ টাকা।

৭। ড্রিলিং মেশিন ক্রয় ৪,১০০ টাকা।

৮। ব্যাংক সুদ মঞ্জুর ৫০০ টাকা।

ক. মূলধনজাতীয় প্রাপ্তির পরিমাণ কত? ২

খ. মূলধনজাতীয় ব্যয় ও মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ কত? ৪

গ. জনাব আতাউর রহমানের মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

**৯ ▶** ফারজানা কবিরের ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ান উদ্বৃত্ত নিম্নরূপ ছিল :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩৫,৮০০ | ব্যাংক জমাতিরিক্ত | ৩৩,০০০ |
| মূলধন | ২,০৫,০০০ | পাওনাদার | ৪২,৫০০ |
| বিক্রয় | ৩,০৭,৮০০ | আমদানি শুল্ক | ৭,২০০ |
| বরাদ্দকৃত বাট্টা | ৮,৫০০ | ক্রয় | ২,০৯,৫৬৫ |
| সুনাম | ২,৩৭,০০০ | প্রদত্ত সুদ | ৩,৫০০ |
| বিমা সেলামি | ২,২৮০ | পাওনাদার বাট্টা সঞ্চিতি | ১,৫২৫ |
| ভাড়া ও কর | ২১,৩৯০ | দেনাদার | ৬২,০১০ |
| প্রাপ্ত কমিশন | ২,৬১০ | সাধারণ সঞ্চিতি | ১,০০০ |
| নগদ তহবিল | ১,১৪০ | অগ্রিম বেতন | ২,০০০ |

ক. ফারজানা কবিরের এন্ড নিয়মিত আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ফারজানা কবিরের খতিয়ান উদ্বৃত্তগুলোর সাহায্যে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ. উদ্দীপকের আলোকে ফারজানা কবিরের চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় কর। ৪

**১০ ▶** ২০২১ সালের মার্চ মাসে জনাব জাকিয়ার কারবার প্রতিষ্ঠানে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয় :

মার্চ ১ মালিক ২০,০০০ টাকার আসবাবপত্র মূলধন হিসেবে আনয়ন করলেন।

" ৫ ক্যালকুলেটর ক্রয় ১,০০০ টাকা।

" ১০ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে ঋণ নিলেন ১০,০০০ টাকা।

" ১৫ বিলের মাধ্যমে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা।

" ২০ পণ্য বিক্রয় করে ১০,০০০ টাকার একটি চেক এবং নগদ ৫,০০০ টাকা পাওয়া গেল।

" ২৫ আয়কর প্রদান ২,০০০ টাকা।

ক. জনাব জাকিয়ার মালিকানাস্বত্বের পরিমাণ কত? ২

খ. যেসব ঘটনা দ্বারা জনাব জাকিয়ার ব্যবসায়ের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটেছে সেগুলো দ্বারা হিসাব সমীকরণের উপাদানে হ্রাস বৃদ্ধি উল্লেখ কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলোর ডেবিট ক্রেডিট কারণসহ নির্ণয় কর। ৪

**১১ ▶** জনাব শিপন নগদ ১,০০,০০০ টাকা ও ৫০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে ২০১৪ সালের মার্চ মাসে একটি কাপড়ের ব্যবসায় শুরু করেন। উক্ত মাসের অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ ছিল :

মার্চ ২ ১০% কারবারি বাট্টায় কপিল ট্রেডার্সের নিকট থেকে ২৫,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো।

" ৪ ৩,০০০ টাকার পণ্য সরবরাহের ফরমায়েশ গ্রহণ করেন।

" ১০ ২০,০০০ টাকার পণ্য দাগ কাটা চেকে বিক্রয় করা হলো।

" ১৮ নমুনামাফিক না হওয়ায় প্রতিটি ৫০০ টাকা দরে ৩ খানা শাড়ি পাবনার কপিল ট্রেডার্সের নিকট ফেরত দেওয়া হলো।

" ১৯ ব্যাংক ঋণ পরিশোধ করা হলো ৬,০০০ টাকা।

" ২০ ২০,০০০ টাকায় একটি রেফ্রিজারেটর ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

" ২৮ ক্যাশবাক্স থেকে একটি ১,০০০ টাকার নোট চুরি হয়ে গেছে।

ক. উপরের কোন কোন ঘটনাগুলো লেনদেন নয় তাদের সমষ্টি নির্ণয় কর। ২

খ. মার্চ ১৮ তারিখের লেনদেন অনুসারে একটি ডেবিট নোট তৈরি কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো থেকে নগদান হিসাব ও কপিল ট্রেডার্স হিসাবের খতিয়ান সনাতন ছকে প্রস্তুত কর। ৪

## ১২ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 1 4 6

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## হিসাববিজ্ঞান ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে **দুটি** ও খ বিভাগ হতে যেকোনো **পাঁচটিসহ** সর্বমোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ কনক এন্টারপ্রাইজের ২০১৯ সালের ৩০ জুন তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বহিঃফেরত | ১,৩৫,০০০ | ৩,৫০০ |
| বিক্রয় | | ২,২৬,০০০ |
| দেনাদার | ৫০,০০০ | |
| কুঋণ সঞ্চিতি | | ২,৫০০ |
| বিজ্ঞাপন | ৪৮,০০০ | |
| ব্যাংক জমার সুদ | | ৩,০০০ |
| সুনাম | ২৪,০০০ | |
| প্রাপ্ত বাট্টা | | ৬,০০০ |
| ১০% ব্যাংক জমাতিরিক্ত (৩১-১২-১৮) | | ৩৬,০০০ |
| কলকব্জা | ৫,০০০ | |
| ১২% প্রদত্ত ঋণ (০১-০১-১৯) | ১৫,০০০ | |
| ঋণপত্রের সুদ | ৭,৫০০ | |
| কমিশন | | ৯,০০০ |
| আসবাবপত্রের বিক্রয়জনিত ক্ষতি | ১,৫০০ | |
| | ২,৮৬,০০০ | ২,৮৬,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ২৩,৫০০ টাকা এবং স্থায়ী সম্পদের অবচয় ১০%। (২) দেনাদারের ২,০০০ টাকা কুঋণ এবং অবশিষ্ট দেনাদারের ৫% কুঋণ সঞ্চিতি ধার্য কর। (৩) সুনাম ও বিজ্ঞাপন ৪ বছরের জন্য প্রযোজ্য।

ক. উপর্যুক্ত তথ্য হতে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. মোট মুনাফা ৩৭,০০০ টাকা ধরে পরিচালন মুনাফা নির্ণয় কর। ৪

গ. পরিচালন মুনাফা ৩৩,০০০ টাকা ধরে কনক এন্টারপ্রাইজের নিট মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪

২ ▸ শতদল এন্টারপ্রাইজের ২০২১ সালের ৩০ জুন সমাপ্ত বছরের অর্জিত মোট মুনাফা ১,২৮,০০০ টাকা। উক্ত তারিখে প্রতিষ্ঠানটির আংশিক রেওয়ামিল ও প্রয়োজনীয় সমন্বয়সমূহ নিম্নরূপ :

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | উত্তোলন ও মূলধন | | ১০,০০০ | ২,৮০,০০০ |
| ২. | অফিস সরঞ্জাম | | ২,৪০,০০০ | |
| ৩. | বেতন (৬ মাসের) | | ৭২,০০০ | |
| ৪. | প্রাপ্য নোট ও প্রদেয় নোট | | ২৫,০০০ | ২৬,০০০ |
| ৫. | বাড়িভাড়া আয় | | | ৬,০০০ |
| ৬. | পুঞ্জীভূত অবচয় (অফিস সরঞ্জাম) | | | ১২,০০০ |
| ৭. | ৮% বিনিয়োগ (১/১/২০২০) | | ১,০০,০০০ | |
| ৮. | কমিশন | | ৩,০০০ | ২,০০০ |
| ৯. | বিনিয়োগের সুদ | | | ৪,০০০ |
| ১০. | ১০% বন্ধকি ঋণ (১/২/২০২১) | | | ১,২০,০০০ |
| | | | ৪,৫০,০০০ | ৪,৫০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ১,২৮,০০০ টাকা। কিন্তু বাজারমূল্য ২০,০০০ টাকা বেশি; (২) বাড়িভাড়া ২ বছরের জন্য পাওয়া গেছে; (৩) অফিস সরঞ্জামের ৭.৫% অবচয় ধরতে হবে; (৪) কমিশন বাবদ ২,০০০ টাকা অনাদায়ি রয়েছে।

ক. নিট বিক্রয় ৩,৫৬,০০০ টাকা ধরে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. শতদল এন্টারপ্রাইজের ২০২১ সালের ৩০ জুন সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. নিট ক্ষতি ২৭,০০০ টাকা ধরে হিসাব কালের শেষ তারিখের আর্থিক অবস্থা নিরূপণ কর। ৪

### খ বিভাগ

৩ ▸ ২০১৮ সালের জানুয়ারি মাসে রাহা ট্রেডার্সের সংঘটিত কতিপয় ঘটনা নিম্নরূপ :

১. নগদ ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করা হলো।
২. ধারে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
৩. মালিকের ব্যক্তিগত তহবিল হতে ২,০০০ টাকা হারিয়ে গেল।
৪. ধারে বিক্রয় ১৫,০০০ টাকা।
৫. ১০,০০০ টাকা মূল্যের আসবাবপত্র ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।
৬. ধারে ক্রয়কৃত ৫,০০০ টাকার পণ্য ফেরত দেওয়া হলো।

ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনা চিহ্নিত কর। ২

খ. সমীকরণ পদ্ধতিতে লেনদেনের কারণ ব্যাখ্যা কর। ৪

গ. বিবরণী ছকে ব্যবসায়িক লেনদেন দ্বারা প্রমাণ কর : $A = L + E$ । ৪

৪ ▸ জনাব মালেক একজন ব্যবসায়ী। ২০১৬ সালের মার্চ মাসে তার ব্যবসায়ের ঘটনাগুলো নিম্নরূপ—

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | জনাব মালেক ২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করলেন। |
| " | ৪ | রূপালী ট্রেডার্সের নিকট ৫,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ দিলেন। |
| " | ৬ | কপিলের নিকট থেকে পণ্য ফেরত এলো ৪,০০০ টাকা। |
| " | ১০ | নমুনা মাফিক না হওয়ায় প্রতিটি ৫০০ টাকা দরে ৩০০ খানা শাড়ি নোয়াখালীর আলম ট্রেডার্সকে ফেরত দেওয়া হলো। |
| " | ১৫ | ব্যাংক ঋণ পরিশোধ করা হলো ১০,০০০ টাকা। |
| " | ২০ | দোকানের একজন সুদক্ষ কর্মচারী দুর্ঘটনায় মারা গেল। |
| " | ২৮ | তার গুদামে ৩,০০০ টাকার পণ্য নষ্ট হয়ে গেল। |

ক. উপরের যে ঘটনাগুলো লেনদেন নয়, তাদের মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ. মার্চ ১০ তারিখের লেনদেন অনুসারে একটি ডেবিট নোট তৈরি কর। ৪

গ. মার্চ ১০ তারিখ বাদে উপর্যুক্ত ঘটনাগুলোর মধ্যে কোনটি লেনদেন তা সমীকরণ পদ্ধতিতে কারণসহ উল্লেখ কর। ৪

৫ ▸ মিসেস শাহীনার ব্যবসায়ের ২০১৯ সালের জানুয়ারি মাসের হিসাবের তথ্যাদি নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানু. | ১ | নগদ ৯০,০০০ টাকা, আসবাবপত্র ৪০,০০০ টাকা এবং ৩৫,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় শুরু। |
| " | ৩ | জীবন বিমা প্রিমিয়াম প্রদান ৫,০০০ টাকা। |
| " | ৫ | ব্যক্তিগত প্রয়োজনে কারবার হতে উত্তোলন ২৫,০০০ টাকা। |
| " | ১০ | ব্যবসায়ে অতিরিক্ত মূলধন আনয়ন ১৫,০০০ টাকা। |

এছাড়া বছর শেষে তার ব্যবসায়ে ব্যাংক জমা ১,০০,০০০ টাকা, অফিস সরঞ্জাম ৪০,০০০ টাকা, দেনাদার ২০,০০০ টাকা. পাওনাদার ৩৫,০০০ টাকা ও প্রদেয় বিলের পরিমাণ ছিল ১৫,০০০ টাকা।

ক. মিসেস শাহীনার ব্যবসায়ে প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত ১, ৩, ৫ ও ১০ তারিখের লেনদেনসমূহের ডেবিট ও ক্রেডিট নির্ণয় কর। ৪
গ. ২০১৯ সালে মিসেস শাহীনার ব্যবসায়ে লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৬ ▶ মিলন ফার্মেসির ২০১৮ সালের কতিপয় লেনদেন নিম্নরূপ—

(১) বিভিন্ন ঔষধ কোম্পানির নিকট হতে ঔষধ ক্রয় ১,২০,০০০ টাকা। (২) ফার্মেসিতে ডাক্তারের চেম্বারের জন্য আসবাবপত্র ক্রয় ৫০,০০০ টাকা। (৩) স্থানীয় কেবল অপারেটরকে ফার্মেসির প্রচারণা ২ বছর চালানোর জন্য ৪৮,০০০ টাকা প্রদান। (৪) ফার্মেসির ডেকোরেশন বাবদ ব্যয় ১,০০,০০০ টাকা। (৫) ফার্মেসির মোট ঔষধ বিক্রয় ২,০০,০০০ টাকা। (৬) ফার্মেসিতে স্থান সংকুলান না হওয়ায় ৩,০০,০০০ টাকা মূল্যে ক্রয়কৃত ইসিজি মেশিনটি ৩,২০,০০০ টাকায় বিক্রয়। (৭) ক্লিনিক থেকে কমিশন প্রাপ্তি ২০,০০০ টাকা। (৮) ব্যবসায় সম্প্রসারণের জন্য সুরমা ব্যাংক হতে ঋণ গ্রহণ ৫,০০,০০০ টাকা।

ক. মূলধনজাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় কর। ২
খ. মুনাফাজাতীয় আয় ও মূলধনজাতীয় আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. মূলধনজাতীয় ব্যয় ও মুনাফাজাতীয় ব্যয়ের পার্থক্যের পরিমাণ নির্ণয় কর। ৪

৭ ▶ রত্না ট্রেডার্স ২০১৬ সালের ১ মার্চ তারিখে নগদ ১,২০,০০০ টাকা ও ৭০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে একটি ব্যবসায় শুরু করল। উক্ত মাসে প্রতিষ্ঠানের নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয় :

২০১৬

| | | |
|---|---|---|
| মার্চ | ২ | ৬০,০০০ টাকা জমা দিয়ে প্রতিষ্ঠানের নামে একটি ব্যাংক হিসাব খোলা হলো। |
| ” | ৪ | খলিল এন্টারপ্রাইজের নিকট হতে ৫৫,০০০ টাকার পণ্য ক্রয় নগদ প্রদান ২০,০০০ টাকা ও চেকে প্রদান ২৫,০০০ টাকা। |
| ” | ৯ | খলিল এন্টারপ্রাইজের অবশিষ্ট পাওনা ১০,০০০ টাকা পরিশোধ করা হলো। |
| ” | ১৮ | মালিক নিজ প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন করলেন ৫,০০০ টাকা। |

ক. খলিল এন্টারপ্রাইজের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২, ৪, ৯ ও ১৮ তারিখের লেনদেনগুলোর সাথে জড়িত হিসাবের শ্রেণি কারণসহ দেখাও। ৪
গ. ১ থেকে ৯ তারিখ পর্যন্ত লেনদেনগুলোর মাধ্যমে প্রমাণ কর যে, $A = L + E$. ৪

৮ ▶ শিমুল এন্টারপ্রাইজ ২০১৮ সালের এপ্রিল ১ তারিখে নগদ ৩,০০,০০০ টাকা, ৮০,০০০ টাকার যন্ত্রপাতি, ২৫,০০০ টাকার পণ্যদ্রব্য নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে অন্যান্য লেনদেন :

| | | |
|---|---|---|
| এপ্রিল | ২ | মাহি ট্রেডার্সের নিকট থেকে পণ্য ক্রয় ৪০,০০০ টাকা। |
| ” | ৫ | শাওন স্টোরস এর নিকট নগদে বিস্কুট বিক্রয় ২০,০০০ টাকা। |
| ” | ১৮ | দোকান ভাড়া প্রদান ১৭,০০০ টাকা। |
| ” | ২৭ | নগদে পণ্য বিক্রয় ৮০,০০০ টাকা। |
| ” | ৩০ | মালিক নিজ প্রয়োজনে ব্যবসায় থেকে উত্তোলন করেন ৫,০০০ টাকা। |

ক. শিমুল এন্টারপ্রাইজ এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. এপ্রিল ৫ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ক্যাশ মেমো তৈরি কর। ৪
গ. এপ্রিল ২, ১৮, ২৭ ও ৩০ তারিখের লেনদেনগুলো দ্বারা একটি জাবেদা বই প্রস্তুত কর। ৪

৯ ▶ জনাব রাফি একজন ব্যবসায়ী। ২০১৭ সালের জানুয়ারি মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনগুলো সম্পাদিত হয়—

| | | |
|---|---|---|
| জানু. | ৩ | ব্যাংক থেকে উত্তোলন ১,০০,০০০ টাকা। |
| ” | ৮ | কর্মচারীকে বেতন প্রদান ২০,০০০ টাকা। |
| ” | ১৫ | ব্যাংকে জমা ৩০,০০০ টাকা। |
| ” | ২০ | বাকিতে বিক্রয় ২০,০০০ টাকা। |
| ” | ২৫ | অনাদায়ি পাওনা ৫,০০০ টাকা। |
| | ২৮ | নগদে বিক্রয় ১০,০০০ টাকা। |

ক. জনাব রাফির ২০ ও ২৫ তারিখের লেনদেন দুটির জাবেদা দাখিলা দাও। ২
খ. (৩-১৫) জানুয়ারির লেনদেন অবলম্বনে নগদান হিসাব ও ব্যাংক হিসাবের খতিয়ান T ছকে প্রস্তুত কর। ৪
গ. ২০ থেকে ২৮ তারিখের লেনদেন দ্বারা চলমান জের ছকে দেনাদার হিসাব ও বিক্রয় হিসাবের খতিয়ান প্রস্তুত কর। ৪

১০ ▶ হাসান ট্রেডার্সের ব্যবসায়ে ২০১৯ সালের সেপ্টেম্বর মাসে ব্যবসায়ে সংঘটিত লেনদেনসমূহ নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| সেপ্টে. | ৫ | পদ্মা সিল্ক হতে প্রতিটি ১,০০০ টাকা দরে ১০০টি পাঞ্জাবী ক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং-১০০। শর্ত : ২/১০, নিট ৩০। |
| ” | ১০ | গোমতী খাদিঘর হতে প্রতিটি ৫০০ টাকা দরে ৫০টি চাদর নগদে ক্রয়। |
| ” | ১৫ | নাগর ট্রেডিং হতে প্রতিটি ৭০০ টাকা দরে ২০০টি কম্বল ক্রয়। কারবারি বাট্টা ১০%। চালান নং-১০১। শর্ত : ৩/২০, নিট ৪৫। |
| ” | ৩০ | যমুনা তাঁতঘর হতে প্রতিটি তাঁত শাড়ি ৫০০ টাকা দরে ৩০০টি শাড়ি নগদে ক্রয়। |

ক. উপর্যুক্ত যে লেনদেনগুলো ক্রয় জাবেদায় অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত লেনদেনের সাহায্যে হাসান ট্রেডার্সের ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
গ. ক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত লেনদেন দ্বারা চলমান জের ছকে সাধারণ খতিয়ান প্রস্তুত কর। ৪

১১ ▶ জনাব জাকিরের ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ানের উদ্বৃত্তগুলো নিম্নরূপ—

মূলধন ১,৫০,০০০ টাকা; উত্তোলন ২০,০০০ টাকা; বিমা ৫,০০০ টাকা; অগ্রিম শিক্ষানবিশ সেলামি ৫,০০০ টাকা; ব্যাংক ওভারড্রাফট ৭,০০০ টাকা; পাওনাদার ২০,০০০ টাকা; দালানকোঠা ৫০,০০০ টাকা; সাধারণ সঞ্চিতি ৭,০০০ টাকা; প্রাপ্য বিল ২৫,০০০ টাকা; বহিঃপরিবহন ৫,০০০ টাকা; কুঋণ ৫,০০০ টাকা; নগদ তহবিল (১-১-১৭) ৮,০০০ টাকা; বেতন ১০,০০০ টাকা; আন্তঃফেরত ৫,০০০ টাকা; ব্যাংকে জমা (১-১-১৭) ১২,০০০ টাকা; ক্রয় ৬৭,০০০ টাকা; জমি ক্রয় ১,০০,০০০ টাকা।

ক. জনাব জাকিরের রেওয়ামিলে যে উদ্বৃত্তগুলো অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত উদ্বৃত্তগুলো দ্বারা জনাব জাকিরের ব্যবসায়ের রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. জনাব জাকিরের মূলধনজাতীয় ব্যয় ও মুনাফাজাতীয় ব্যয়ের পার্থক্য নির্ণয় কর। ৪

## ১৩ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 1 4 6

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে **দুটি** ও খ বিভাগ হতে যেকোনো **পাঁচটিসহ** সর্বমোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ মোহন ট্রেডার্সের ২০১৯ সালের ৩০ জুন তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

**মোহন ট্রেডার্সের রেওয়ামিল**

৩০ জুন ২০১৯

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ১,৫৪,০০০ | ৩,২০,০০০ |
| ফেরত | ১৫,৫০০ | ১০,৫০০ |
| কমিশন | ৭,০০০ | ১২,৫০০ |
| বন্দর চার্জ | ৮,৪০০ | |
| মনিহারি | ৫,০০০ | |
| বিজ্ঞাপন | ১০,০০০ | |
| প্রশিক্ষণ ভাতা | ৪,৫০০ | |
| ব্যাংক জমাতিরিক্তের সুদ | ৪,৬০০ | |
| ইজারা সম্পত্তি (৮ বছরের) | ৮৪,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৫০,০০০ | |
| | ৩,৪৩,০০০ | ৩,৪৩,০০০ |

**অন্যান্য তথ্যাদি :** (১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ৫৫,৫০০ টাকা। (২) প্রারম্ভিক মজুদ পণ্যের মধ্যে ৫০০ টাকার মনিহারি অন্তর্ভুক্ত আছে। (৩) সম্ভাব্য ক্রেতাদের মাঝে ৭,০০০ টাকার পণ্য বিনামূল্যে বিতরণ করা হয়েছে। (৪) বিজ্ঞাপন ৫ বছরের জন্য পরিশোধ করা হয়েছে।

ক. উপর্যুক্ত তথ্য হতে নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোহন ট্রেডার্সের মোট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. মোট মুনাফা ৫২,৫০০ টাকা ধরে মোহন ট্রেডার্সের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▸ ২০২১ সালে ৩১ ডিসেম্বর তারিখে রহিম ট্রেডার্সের রেওয়ামিলটি নিম্নরূপ :

**রহিম ট্রেডার্সের রেওয়ামিল**

২০২১ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১৪. | নগদ | | ৭০,০০০ | |
| ১৫. | প্রাপ্য হিসাব | | ৯০,০০০ | |
| ১৬. | উত্তোলন | | ৮,০০০ | |
| ১৭. | অফিস সরঞ্জাম | | ১,২০,০০০ | |
| ১৮. | প্রদেয় হিসাব | | | ৪০,০০০ |
| ১৯. | অনুপার্জিত আয় | | | ৭০,০০০ |
| ২০. | বেতন খরচ | | ২০,০০০ | |
| ২১. | মূলধন | | | ৮০,০০০ |
| ২২. | ভাড়া খরচ | | ২২,০০০ | |
| ২৩. | সেবা আয় | | | ১,৩০,০০০ |
| ২৪. | উপযোগ খরচ | | ৪,০০০ | |
| ২৫. | সুদ আয় | | | ২০,০০০ |
| ২৬. | অফিস খরচ | | ৬,০০০ | |

**অন্যান্য তথ্যাবলি :** (১) দুই মাসের বেতন বকেয়া রয়েছে; (২) অনুপার্জিত আয়ের ৪০,০০০ টাকা উপার্জিত হয়েছে; (৩) ভাড়া প্রতিমাসে ২,০০০ টাকা করে প্রদান করা হয়; (৪) অফিস সরঞ্জামের ওপর ১০% অবচয় ধার্য কর।

ক. চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২১ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণী তৈরি কর। ৪

গ. ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখের আর্থিক অবস্থার বিবরণীতে দায় ও মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ শ্যামল ট্রেডার্সের ২০১৯ সালের জানুয়ারি মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয় :

জানু. ১ নগদ ২,৫০,০০০ টাকা এবং ২৫,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু হলো।
" ৫ জহির ট্রেডার্সের নিকট থেকে ৭০,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো।
" ১০ ৪০,০০০ টাকার পণ্য বিক্রয়ের চুক্তি করা হলো।
" ১৫ ব্যাংকে জমা দেওয়া হলো ১০,০০০ টাকা।
" ২০ মাসিক ১৮,০০০ টাকা বেতনে একজন ম্যানেজার নিয়োগ করা হলো।
" ২৫ আসবাবপত্রের ওপর অবচয় ধরা হলো ১,৫০০ টাকা।

ক. লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ. শ্যামল ট্রেডার্সের লেনদেনগুলো সমীকরণ পদ্ধতিতে কারণসমূহ ব্যাখ্যা কর। ৪

গ. শ্যামল ট্রেডার্সের লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখাও। ৪

৪ ▸ নাজিবা ফ্যাশন ২০১৫ সালের ১ জুন ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ–

জুন ৫ সেলাই মেশিন ক্রয় ২০,০০০ টাকা।
" ১০ সেলাই বাবদ আয় ৫,০০০ টাকা।
" ১৩ প্রচারণা বাবদ ব্যয় ১০,০০০ টাকা।
" ২৫ দোকান ভাড়া পরিশোধ ৫,০০০ টাকা।
" ২৮ মেশিন সংস্থাপন ব্যয় ২,৫০০ টাকা।

ক. নাজিবা ফ্যাশন এর মূলধনজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনসমূহ হিসাব সমীকরণের উপাদানগুলোর ওপর প্রভাব নিরূপণ কর। ৪

গ. উদ্দীপকের লেনদেনগুলো বিবরণী ছকে হিসাব সমীকরণের ওপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

৫ ▸ শিমুল ট্রেডার্স দুতরফা দাখিলা পদ্ধতি অনুসারে যথাযথভাবে প্রতিটি হিসাবের বই সংরক্ষণ করে থাকেন। ২০১৬ সালের ডিসেম্বর মাসে ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

ডিসে. ২ নগদ ৫,০০,০০০ টাকা মূলধন ব্যবসায়ে আনা হলো।
" ১০ একজন ক্রেতার নিকট থেকে ১০,০০০ টাকার পণ্যের ফরমায়েশ পাওয়া গেল।

” ১২ ৫০,০০০ টাকার (কাপড়) ধারে ক্রয় করা হলো।

” ২০ নগদে ১,০০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করা হলো।

” ২৫ ম্যানেজার পান্নাকে বেতন প্রদান করা হলো ৪০,০০০ টাকা। ভাউচার নং-১০৫।

” ২৭ নগদে কমিশন প্রাপ্তি ১০,৫০০ টাকা।

” ৩১ ৫% বাট্টায় চেক দ্বারা পণ্য ক্রয় ৮০,০০০ টাকা।

ক. ডিসেম্বর মাসে মোট কত টাকার পণ্য ক্রয় করা হয়েছে? ২

খ. শিমুল ট্রেডার্স-এর ২৫ ডিসেম্বর তারিখের লেনদেন অবলম্বনে একটি ভাউচার প্রস্তুত কর। ৪

গ. শিমুল ট্রেডার্স-এর ২, ২০, ২৭ ও ৩১ ডিসেম্বর তারিখের লেনদেনগুলোর ডেবিট ও ক্রেডিট নির্ণয় কর। ৪

৬ ▸ জনাব ইশরাক তার লেনদেনসমূহ দু'তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করেন। ২০১৪ সালের জুলাই মাসে তার নিম্নলিখিত লেনদেনগুলো সম্পন্ন হয়েছে–

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| ট্রেডমার্ক | ১০,০০০ | দালান নির্মাণ | ৪০,০০০ |
| পণ্য ক্রয় | ১,০০,০০০ | গহনা বিক্রয় | ৬০,০০০ |
| পুরাতন আসবাবপত্র বিক্রয় | ২০,০০০ | পুরাতন খবরের কাগজ বিক্রয় | ১,০০০ |
| মূলধন | ১,৫০,০০০ | আমদানি শুল্ক | ৪,০০০ |
| পণ্য ক্রয়ের জাহাজ ভাড়া | ২০,০০০ | কমিশন প্রাপ্তি | ১৫,০০০ |
| পণ্য বিক্রয় | ১,৬০,০০০ | | |

ক. জনাব ইশরাকের অপরিচালন ব্যয় নির্ণয় কর। ২

খ. মোট মুনাফাজাতীয় প্রাপ্তি এবং মূলধনজাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. মূলধনজাতীয় প্রাপ্তি ও মূলধনজাতীয় ব্যয়ের পার্থক্য কত? ৪

৭ ▸ জনাব রহমান এপ্রিল ১, ২০১৬ তারিখে একটি ব্যবসায় শুরু করেন। উক্ত মাসের লেনদেনুলো নিম্নরূপ–

এপ্রিল ১ জনাব রহমান ২,০০,০০০ টাকা কারবারে বিনিয়োগ করে।

” ৭ কর্মচারী নিয়োগ করেন মাসে বেতন ১০,০০০ টাকা করে।

” ১০ বাকিতে পণ্য ক্রয় করেন ২০,০০০ টাকা।

” ১২ প্রচারের জন্য যানবাহন ভাড়া ২,৫০০ টাকা।

” ১৮ নতুন মেশিন ক্রয় ১,০০,০০০ টাকা।

” ২৫ প্রদেয় বিলের অর্থ পরিশোধ ৮,০০০ টাকা।

” ২৭ ব্যক্তিগত অর্থ দিয়ে অফিসের জন্য মোবাইল ক্রয় ১২,০০০ টাকা।

ক. মাস শেষে রহমানের মূলধনের পরিমাণ কত? ২

খ. রহমানের (১০-২৫) তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় কর। ৪

গ. জনাব রহমানের লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের ওপর প্রভাব বিবরণী ছকে নির্ণয় কর। ৪

৮ ▸ মি. তন্ময় ২০১৬ সালের ১ মে ৭০,০০০ টাকা নগদ এবং ৫০,০০০ টাকার ব্যাংক ব্যালেন্স নিয়ে ব্যবসা শুরু করলেন। উক্ত মাসে অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ–

মে ৫ পণ্য ক্রয় ২০,০০০ টাকা।

” ৯ মাল ক্রয় করে চেক প্রদান করা হলো ১০,০০০ টাকা।

” ১৫ কুঋণ লেখা হলো ২,৫০০ টাকা।

” ২২ সায়নকে পরিশোধ ১০,০০০ টাকা।

ক. মি. তন্ময় এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ১ তারিখের লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনগুলোর সাথে জড়িত সংশ্লিষ্ট হিসাবগুলোর শ্রেণিবিভাগ কর। ৪

গ. উদ্দীপকের লেনদেনগুলোর আলোকে সাধারণ জাবেদা প্রস্তুত কর। ৪

৯ ▸ ২০১৯ সালের জুন ১ তারিখে জনাব মাহবুব নগদ ১,২০,০০০ টাকা নিয়ে ব্যবসা শুরু করলেন। উক্ত মাসে তার ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

জুন ২ মেশিন ক্রয় ২৫,০০০ টাকা।

” ৫ বাকিতে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।

” ১০ পণ্য বিক্রয় ৩৫,০০০ টাকা।

” ১২ ব্যক্তিগত প্রয়োজনে ব্যবসায় থেকে উত্তোলন ৫,০০০ টাকা।

” ১৫ পাওনাদারকে পরিশোধ ১০,০০০ টাকা।

” ২০ পণ্য বিক্রয় বাবদ চেক প্রাপ্তি ৯,০০০ টাকা।

” ২৫ আরিফের নিকট হতে চেকের মাধ্যমে ক্রয় ৭,০০০ টাকা।

ক. জনাব মাহবুবের ব্যবসায়ে নিট ক্রয়ের পরিমাণ কত? ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলো হতে ৫ থেকে ১৫ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. চলমান জের ছক ব্যবহার করে মূলধন হিসাব এবং বিক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

১০ ▸ জনি স্টোরসের ২০১৯ সালের এপ্রিল মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

এপ্রিল ৫ তপু এন্টারপ্রাইজ, টঙ্গি এর নিকট থেকে প্রতি বস্তা ১,১০০ টাকা দরে ১০০ বস্তা আটা ক্রয়। কারবারি বাট্টা ৬%। শর্ত ২/৭, নিট ৩০। পরিবহন খরচ ২,০০০ টাকা।

” ১৫ মিলি ট্রেডার্স থেকে প্রতি পাউন্ড ২০০ টাকা দরে ১৫০০ পাউন্ড চা ক্রয়। কারবারি বাট্টা ৫%। শর্ত ৩/১৫, নিট ২৫। প্যাকিং খরচ ১,৫০০ টাকা।

ক. জনি স্টোরসের ক্রয় সংক্রান্ত আনুষঙ্গিক খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনের সাহায্যে জনি স্টোরসের ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে সহকারী খতিয়ানসমূহ প্রস্তুত কর। ৪

১১ ▸ মেসার্স অলক ট্রেডার্সের নিম্নলিখিত খতিয়ান উদ্বৃত্তসমূহ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের :

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ১৬,০০০ | বহিঃফেরত | ১০০ |
| ক্রয় | ১৫,০০০ | বেতন | ২,০০০ |
| মজুরি | ৩০০ | সাধারণ খরচ | ১,৫০০ |
| বিক্রয় | ২৫,০০০ | প্রদত্ত বাট্টা | ১০০ |
| আন্তঃফেরত | ১,১০০ | প্রাপ্ত বাট্টা | ৫০০ |
| প্রারম্ভিক মজুদ | ৫,০০০ | হাতে নগদ | ৫০০ |
| ভূমি | ১০,০০০ | প্রাপ্য ভাড়া | ৩০০ |
| যন্ত্রপাতি | ১৫,০০০ | প্রদেয় বিমা | ১,০০০ |
| প্রাপ্য হিসাব | ১৫,০০০ | ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন | ৫০০ |
| প্রদেয় হিসাব | ২২,০০০ | প্রাপ্ত কমিশন | ৭০০ |

ক. স্পর্শনীয় স্থায়ী সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ২

খ. উদ্বৃত্তসমূহ নিয়ে একটি রেওয়ামিল তৈরি কর। ৪

গ. প্রত্যক্ষ খরচ ও পরোক্ষ খরচের পরিমাণ নির্ণয় কর। ৪

# ১৪ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 1 4 6

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## হিসাববিজ্ঞান ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে **দুটি** ও খ বিভাগ হতে যেকোনো **পাঁচটিসহ** সর্বমোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ সুহানা এন্টারপ্রাইজের ৩১ ডিসেম্বর, ২০১৭ সালের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ–

**সুহানা এন্টারপ্রাইজ-এর রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০১৭

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (১-১-১৭) | ২৫,০০০ | |
| পণ্য ক্রয় ও পণ্য বিক্রয় | ৬০,০০০ | ১,৩০,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ৮০,০০০ | ২৫,০০০ |
| ভাড়া প্রাপ্তি (১৫ মাস) | | ৩০,০০০ |
| আন্তঃপরিবহন | ২,০০০ | |
| বিমা সেলামি (৩০-০৪-১৮ সাল পর্যন্ত বাৎসরিক) | ২,৪০০ | |
| পণ্য ফেরত | ৪,০০০ | |
| আমদানি শুল্ক | ১৬,৬০০ | |
| ১০% ঋণ | | ৫০,০০০ |
| ব্যাংক জমা | ৫০,০০০ | |
| ব্যাংক জমার সুদ | | ৫,০০০ |
| | ২,৪০,০০০ | ২,৪০,০০০ |

**অন্যান্য তথ্যাদি :** (১) অবিক্রীত পণ্যের মজুদ ২৫,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে। (২) দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়। (৩) অলিখিত বহিঃফেরত ৩,০০০ টাকা।

ক. অপরিচালন আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উদ্দীপকের আলোকে মোট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. সুহানা এন্টারপ্রাইজের দীর্ঘমেয়াদি দায় পরিশোধ ক্ষমতা যাচাই নির্ণয় কর। ৪

২ ▸ মুহূর্ত এন্টারপ্রাইজ এবং মুখর এন্টারপ্রাইজের ২০১৮ সালে হিসাব বই হতে নিম্নোক্ত তথ্যাদি নেওয়া হয়েছে–

| বিবরণ | মুহূর্ত এন্টারপ্রাইজ টাকা | মুখর এন্টারপ্রাইজ টাকা |
|---|---|---|
| মোট মুনাফা | ১২,৫০০ | ১৮,৫০০ |
| নিট মুনাফা | ৬,৫০০ | ৫,৭৫০ |
| বিক্রয় | ৮০,০০০ | ১,৩০,৫০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ২,০০০ | ৩,০০০ |
| বিনিয়োজিত মূলধন | ৬৫,০০০ | ৮০,৫০০ |
| চলতি সম্পদ | ১০,০০০ | ১২,০০০ |
| প্রদেয় হিসাব | ৩,২৫০ | ৩,৮৫০ |
| মজুদ পণ্য | ১,৫০০ | ২,০০০ |

ক. দুটি ব্যবসায়ের বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. মুহূর্ত এন্টারপ্রাইজের নিট মুনাফার হার ও বিনিয়োজিত মূলধনের ওপর মুনাফার হার নির্ণয় কর। ৪

গ. মুখর এন্টারপ্রাইজের দায় পরিশোধের ক্ষমতা যাচাই কর। ৪

### খ বিভাগ

৩ ▸ ২০১৯ সালের জানুয়ারি মাসে সাজিদের ব্যবসায়ের কতিপয় ঘটনা নিম্নরূপ :

জানু. ১ নগদ ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করা হলো।
" ৫ মাসিক ৩০,০০০ টাকায় একটি গুদাম ভাড়া নেওয়া হলো।
" ১১ সবুজের নিকট হতে ক্রয় ৪০,০০০ টাকা।
" ১৮ মালিকের ব্যক্তিগত তহবিল হতে ৫,০০০ টাকা হারিয়ে গেল।
" ২১ ব্যবসায়ের প্রচার বাবদ খরচ হলো ৩,০০০ টাকা।
" ২৪ রায়হানের নিকট নগদে পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা, বাট্টা ৬%। চালান নং-৫০। বহন খরচ ২,০০০ টাকা।
" ২৮ কমিশন পাওয়া গেল ৪,০০০ টাকা।

ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে তার পরিমাণ কত? ২

খ. জানুয়ারি ২৪ তারিখের লেনদেনের সাহায্যে একটি ক্যাশমেমো প্রস্তুত কর। ৪

গ. ঘটনাসমূহ সমীকরণ পদ্ধতিতে লেনদেনের কারণ ব্যাখ্যা কর। ৪

৪ ▸ ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে জনাব সেলিম নগদ ১,৪০,০০০ টাকা এবং ৬০,০০০ টাকা মূল্যের আসবাবপত্র নিয়ে সেবাকার্য আরম্ভ করলেন। উক্ত মাসে তার লেনদেনসমূহ নিম্নরূপ :

২০২১

জানু. ২ তিন মাসের ভাড়া প্রদান ৬,০০০ টাকা।
" ৫ নগদে সেবা প্রদান ২০,০০০ টাকা এবং ধারে সেবা প্রদান ১০,০০০ টাকা।
" ৭ ধারে মনিহারি ক্রয় ৫,০০০ টাকা।
" ৮ ১০,০০০ টাকা মাসিক বেতনে ম্যানেজার নিয়োগ।
" ১০ বিমা প্রদান ২,০০০ টাকা।
" ১৫ ৭ তারিখের প্রদেয় অর্ধ পরিশোধ।
" ২০ বিজ্ঞাপন বাবদ প্রদান ৩,০০০ টাকা।
" ৩১ আসবাবপত্রের অবচয় ১,০০০ টাকা।

ক. কোন ঘটনাটি লেনদেন নয় চিহ্নিত কর। ২

খ. ২, ৭, ১৫ ও ২০ তারিখের লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণ তৈরি কর। ৪

৫ ▸ নিলয় একজন ব্যবসায়ী। ২০১৭ সালের ১ জানুয়ারি তার মূলধনের পরিমাণ ৫,৫০,০০০ টাকা। উক্ত বছর তিনি আরও ১,৫০,০০০ টাকা ব্যবসায়ে আনেন। উক্ত বছরে ছেলের পড়ার জন্য ৮০,০০০ টাকা টিউশন ফি দেন। ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে তার মোট সম্পদ ৭,৮০,০০০ টাকা ও দায় ১,২০,০০০ টাকা।

ক. নিলয়ের মোট মূলধনের পরিমাণ কত? ২

খ. নিলয়ের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. বছর শেষে নিলয়ের লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৬ ▸ জনাব কিশোর রংপুর ধাপে ২০১৭ সালের জানুয়ারি মাসে 'থ্রি স্টার' নামে একটি রেস্টুরেন্ট পরিচালনা করেন। তার রেস্টুরেন্টের কতিপয় লেনদেন নিম্নরূপ :

জানু. ১ তৈজসপত্র ক্রয় ১,২৫,০০০ টাকা।
" ৩ সাজসজ্জা সামগ্রী ক্রয় ৪০,০০০ টাকা।
" ৭ প্রচারণা বাবদ ব্যয় করা হলো ৫,০০০ টাকা।
" ১১ মালামাল আনয়নের ভ্যানগাড়ি মেরামত ৩,০০০ টাকা।
" ১৩ রেস্টুরেন্টে জন্মদিনের অনুষ্ঠান আয়োজন বাবদ বিল আদায় হলো ২০,০০০ টাকা।
" ১৫ নষ্ট রেফ্রিজারেটর চালুর জন্য নতুন কমপ্রেসার ক্রয় ১০,০০০ টাকা।
" ১৭ কর্মচারীদের বেতন প্রদান ৮,০০০ টাকা।
" ২৩ গ্রাহকদের সেবা প্রদানের দ্বারা প্রাপ্তি ৩৫,০০০ টাকা।
" ২৫ ভাড়া পরিশোধ ৬০,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যাদি হতে মুনাফাজাতীয় আয়ের মোট পরিমাণ নির্ণয় কর। ২
খ. উক্ত দোকানের জানুয়ারি মাসের মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. উপর্যুক্ত তথ্যাদি হতে মূলধন ও মুনাফাজাতীয় ব্যয়ের পার্থক্য নির্ণয় কর। ৪

৭ ▸ মি. নিপুন ২০১৯ সালের ১ মার্চ নগদ ১,৮০,০০০ টাকা এবং প্রতিটি ৪০,০০০ টাকা দরে ৪টি কম্পিউটার নিয়ে "নিপুন কম্পোজ সেন্টার" নামে একটি ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ের অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

মার্চ ৫ ট্রাস্ট ব্যাংকে ৭০,০০০ টাকা জমা দিয়ে হিসাব খোলা হলো।
" ৮ কম্পিউটার কম্পোজ করার জন্য কাগজ ক্রয় ৩,০০০ টাকা।
" ১০ প্রতিটি ২,৫০০ টাকা করে ৩টি ফ্যান ক্রয় করা হলো।
" ১৪ একটি বিদ্যালয়ের প্রশ্ন কম্পোজ করে নগদ পাওয়া গেল ১০,০০০ টাকা।
" ১৭ দোকানে ব্যবহারের জন্য চেয়ার ও টেবিল ক্রয় ২০,০০০ টাকা।
" ২০ দোকানের প্রচারণা বাবদ ব্যয় হলো ৬,০০০ টাকা।
" ২৫ দোকানের অগ্রিম ভাড়া পরিশোধের জন্য চেক প্রদান ২০,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মার্চ ০১, ০৫, ১৭ ও ২৫ তারিখের লেনদেনের সাথে জড়িত হিসাবের শ্রেণি দেখাও। ৪
গ. মার্চ ৮, ১০, ১৪ ও ২০ তারিখের লেনদেনের ডেবিট ও ক্রেডিট নির্ণয় কর। ৪

৮ ▸ জনাব ইমরান একজন পাইকারি ব্যবসায়ী। তার প্রতিষ্ঠানে ২০১৭ সালের নভেম্বর মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ—

নভে. ৫ সানি স্টোরস, ঢাকা, এর নিকট প্রতি কেজি ২০০ টাকা দরে ১ কুইন্টাল মশুর ডাল বিক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং ২৪৮। শর্ত ২/১০ নিট ৩০।
" ৭ রবি স্টোরস-এর নিকট প্রতি পাউন্ড ২২০ টাকা দরে ২০০ পাউন্ড চা বিক্রয়। বাট্টা ৪%। চালান নং ২৮০।
" ১৫ নিশাত এন্ড সন্স-এর নিকট প্রতি বস্তা ২,০০০ টাকা করে ৩০০ বস্তা আটা বিক্রয়। চালান নং-২৭০।
" ৩০ সানি স্টোরস-এর কাছ থেকে বিনষ্টের কারণে ১০ কেজি ডাল ফেরত আসল।

ক. উপর্যুক্ত লেনদেন দ্বারা একটি ক্রেডিট নোট তৈরি কর। ২
খ. জনাব ইমরান-এর একটি বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
গ. জনাব ইমরান-এর সহকারী খতিয়ান তৈরি কর। ৪

৯ ▸ মি. ফারাবির হিসাব বই হতে নিম্নের হিসাবটি নেওয়া হলো—

ডেবিট **ব্যাংক হিসাব** ক্রেডিট

| তারিখ | বিবরণ | টাকা | তারিখ | বিবরণ | টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৮ | | | ২০১৮ | | |
| জানু. ১ | ব্যালেন্স বি/ডি | ৫,৭০০ | জানু. ৫ | আসবাবপত্র হিসাব | ২,০০০ |
| "২৫ | বিক্রয় হিসাব | ৬,৩০০ | " ৭ | ক্রয় হিসাব | ৩,০০০ |
| "২৭ | সুদ হিসাব | ৭০০ | " ৯ | নগদান হিসাব | ৫,০০০ |
| | | | " ২০ | উত্তোলন হিসাব | ১,৩০০ |

ক. উদ্দীপকের আলোকে ব্যাংক হিসাবের উদ্বৃত্ত নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত হিসাব হতে ৫, ৭, ২৫ ও ২৭ তারিখের লেনদেন দ্বারা জাবেদা দাখিলা প্রস্তুত কর। ৪
গ. T ছক অনুসরণ করে বিক্রয় হিসাব, উত্তোলন হিসাব ও সমাপনী জের নির্ণয় কর। ৪

১০ ▸ মি. রহমানের প্রতিষ্ঠানে ২০১৬ সালের জুন মাসের লেনদেনগুলো নিম্নরূপ—

জুন ১ ফাহিম এন্টারপ্রাইজ, সিলেট এর নিকট প্রতি কেজি ৫০ টাকা দরে ৫০০ কেজি কাটারিভোগ চাল বিক্রয়। কারবারি বাট্টা ৩%, চালান নং ১৫, শর্ত: ৩/১০, নিট ২০।
" ১৭ চট্টগ্রামের রিয়া স্টোরস-এর নিকট প্রতি কেজি ১০০ টাকা দরে ২৫০ লিটার সয়াবিন তৈল বিক্রয়। কারবারি বাট্টা ৫%, চালান নং ২৫, শর্ত: ৫/১৫, নিট ৩০।

ক. ১৫নং চালানটি প্রস্তুত কর। ২
খ. উদ্দীপকের লেনদেনগুলোর ভিত্তিতে বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
গ. বিক্রয় জাবেদার ভিত্তিতে সহকারী খতিয়ান প্রস্তুত কর। ৪

১১ ▸ ফারজানা কবিরের ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ান উদ্বৃত্ত নিম্নরূপ ছিল :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩৫,৮০০ | ব্যাংক জমাতিরিক্ত | ৩৩,০০০ |
| মূলধন | ২,০৫,০০০ | পাওনাদার | ৪২,৫০০ |
| বিক্রয় | ৩,০৭,৮০০ | আমদানি শুল্ক | ৭,২০০ |
| বরাদ্দকৃত বাট্টা | ৮,৫০০ | ক্রয় | ২,০৯,৫৬৫ |
| সুনাম | ২,৩৭,০০০ | প্রদত্ত সুদ | ৩,৫০০ |
| বিমা সেলামি | ২,২৮০ | পাওনাদার বাট্টা সঞ্চিতি | ১,৫২৫ |
| ভাড়া ও কর | ২১,৩৯০ | দেনাদার | ৬২,০১০ |
| প্রাপ্ত কমিশন | ২,৬১০ | সাধারণ সঞ্চিতি | ১,০০০ |
| নগদ তহবিল | ১,১৪০ | অগ্রিম বেতন | ২,০০০ |

ক. ফারজানা কবিরের এন্ড নিয়মিত আয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ফারজানা কবিরের খতিয়ান উদ্বৃত্তগুলোর সাহায্যে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪
গ. উদ্দীপকের আলোকে ফারজানা কবিরের চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় কর। ৪

# ১৫ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫

বিষয় কোড : 1 4 6

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## হিসাববিজ্ঞান ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ হতে **দুটি** ও খ বিভাগ হতে যেকোনো **পাঁচটিসহ** সর্বমোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ নিচের রেওয়ামিলটি রাহাত ট্রেডার্সের হিসাব বহি থেকে নেওয়া হয়েছে—

**রাহাত ট্রেডার্স-এর**
**রেওয়ামিল**
৩০ জুন ২০১৭

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ১,০০,০০০ | ২,৮৫,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৭০,০০০ | ৯০,০০০ |
| উত্তোলন ও মূলধন | ৮০,০০০ | ১,৫০,০০০ |
| ফেরত | ১০,০০০ | ৭,৫০০ |
| বহিঃপরিবহন | ১৬,৫০০ | |
| উত্তোলনের সুদ | | ৫,০০০ |
| ভাড়া | ১২,০০০ | |
| ব্যাংক চার্জ | ৩,০০০ | |
| কুঋণ সঞ্চিতি | | ৪,৫০০ |
| নগদ বাট্টা | ৮,৫০০ | ১০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৫২,০০০ | |
| স্থায়ী সম্পদ | ২,০০,০০০ | |
| | ৫,৫২,০০০ | ৫,৫২,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ২০,০০০ টাকা যার বাজারমূল্য ২২,০০০ টাকা। (২) প্রাপ্য হিসাবের ১০% কুঋণ সঞ্চিতি হিসাবভুক্ত কর। (৩) স্থায়ী সম্পদের ৫% অবচয় ধরতে হবে। (৪) ধারে বিক্রয় ১৫,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি।

ক. নিট প্রাপ্য হিসাবের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে ৩০ জুন ২০১৭ তারিখে সমাপ্ত বছরের মোট মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪

গ. মোট মুনাফা ১,৭২,০০০ টাকা ধরে রাহাত ট্রেডার্সের সমাপ্ত বছরের জন্য নিট মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪

২ ▸

**মেসার্স জনতা ট্রেডার্স**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর ২০২১

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১৩. | প্রাপ্য বিল ও প্রদেয় বিল | | ৪০,০০০ | ২০,০০০ |
| ১৪. | উত্তোলন ও মূলধন | | ২৫,০০০ | ৭৫,০০০ |
| ১৫. | বিজ্ঞাপন | | ১২,০০০ | |
| ১৬. | বেতন (১৫ মাস) | | ১৫,০০০ | |
| ১৭. | ১০% বন্ধকি ঋণ | | | ৩৬,০০০ |
| ১৮. | বকেয়া ভাড়া | | | ২,০০০ |
| ১৯. | বাট্টা | | ৩,০০০ | ২,৫০০ |
| ২০. | হাতে নগদ | | ৩৮,৫০০ | |
| ২১. | শিক্ষানবিশ সেলামি (৫ বছর) | | | ১৫,০০০ |
| ২২. | পাওনাদার | | | ১৩,০০০ |
| ২৩. | দালানকোঠা | | ৫৫,০০০ | |
| ২৪. | অতিরিক্ত মূলধন (১-৭-২১) | | | ২৫,০০০ |
| | | | ১,৮৮,৫০০ | ১,৮৮,৫০০ |

**সমন্বয়সমূহ :** (১) উত্তোলন ও মূলধনের উপর ৫% হারে সুদ ধার্য কর; (২) বিনামূল্যে পণ্য বিতরণ ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (৩) বিজ্ঞাপনের ⅓ অংশ অবলোপন কর; (৪) সমাপনী মজুদ পণ্যের মূল্য ২০,০০০ টাকা।

ক. মূলধনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উক্ত প্রতিষ্ঠানের মোট মুনাফা ৭৫,০০০ টাকা ধরে নিট মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪

গ. মেসার্স জনতা ট্রেডার্সের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

### খ বিভাগ

৩ ▸ জনাব রাসেল একজন দক্ষ ব্যবসায়ী। ২০১৮ সালের ফেব্রুয়ারি মাসে তাঁর নিম্নলিখিত ব্যবসায়িক লেনদেনগুলো সংঘটিত হয়েছিল—

| | | |
|---|---|---|
| ফেব্রু. | ১ | ব্যবসায় বিনিয়োগ করেন ৩০,০০০ টাকা। |
| ” | ৩ | নগদে পণ্য ক্রয় ৫,০০০ টাকা। |
| ” | ৫ | পণ্য বিক্রয় ১০,০০০ টাকা এবং কারবারি বাট্টা ১০%। |
| ” | ১২ | বিনিয়োগের সুদ ৫,০০০ টাকা। |
| ” | ১৫ | আসবাবপত্রের ওপর অবচয় ৩,০০০ টাকা। |
| ” | ৩০ | প্রাপ্ত কমিশন ২,০০০ টাকা। |

ক. ফেব্রুয়ারি ৩ তারিখের সংঘটিত লেনদেন দ্বারা একটি ডেবিট ভাউচার প্রস্তুত কর। ২

খ. উদ্দীপকের ১, ৫, ১৫ ও ৩০ তারিখের লেনদেনগুলোর আলোকে কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় কর। ৪

গ. উদ্দীপকের লেনদেনগুলোর আলোকে হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখাও। ৪

৪ ▸ সাদিয়া এর ব্যবসায়ে ২০১৯ সালের জুন মাসে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয় :

| | | |
|---|---|---|
| জুন | ১ | নগদ ২,০০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসা শুরু করেন। |
| ” | ৪ | ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা। |
| ” | ৯ | মাইশার নিকট হতে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা। |
| ” | ১০ | ফারজানার নিকট ২% বাট্টায় চেকে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা। |
| ” | ১৬ | মালিকের ব্যক্তিগত তহবিল থেকে ছেলের জন্য সাইকেল ক্রয় ৮,০০০ টাকা। |
| ” | ৩০ | অফিস কর্মচারী জনাব আরিফকে বেতন প্রদান ১০,০০০ টাকা। |

ক. ব্যবসায়িক লেনদেন নয়, এমন ঘটনাগুলো চিহ্নিত করে তার মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেন হতে সাদিয়ার স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. বিবরণী ছকে হিসাব সমীকরণের ওপর লেনদেনের উপরে প্রভাব দেখাও। ৪

৫ ▸ জনাব জিসান তার ব্যবসায়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করেন না। নিম্নোক্ত তথ্যসমূহ তার হিসাব বই হতে সংগ্রহ করা হয়েছে—

| | ০১.০১.১৫ | ৩১.১২.১৫ |
|---|---|---|
| নগদ তহবিল | ৩৫,০০০ | ৫০,৫০০ |
| দেনাদার | ৪০,০০০ | ৩৫,৫০০ |
| পাওনাদার | ৩৫,০০০ | ২০,০০০ |
| মজুদ পণ্য | ৭০,০০০ | ১,২০,০০০ |
| ব্যাংক ঋণ | | ১০,০০০ |
| আসবাবপত্র | ২০,০০০ | ৪০,০০০ |

উক্ত বছরে তিনি প্রতি মাসে ৫,০০০ টাকা করে উত্তোলন করেন এবং ব্যবসায়ের প্রয়োজনে আরও ৩০,০০০ টাকা নতুন করে বিনিয়োগ করেন।

ক. জনাব জিসানের ব্যবসায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উদ্দীপকের আলোকে ব্যবসায়ের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. উদ্দীপকের আলোকে উক্ত বছরে ব্যবসায়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৬ ▸ জনাব শাহিনের ব্যবসায়ে ২০১৫ সালের জুন মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়েছে—

| | | |
|---|---|---|
| জুন | ১ | ব্যবসায় স্থানান্তর ব্যয় ৫,০০০ টাকা। |
| ” | ৪ | বিদ্যুৎ বিল প্রদান ৪০০ টাকা। |
| ” | ৮ | একটি নতুন মেশিন ক্রয় ৩০,০০০ টাকা। |
| ” | ১২ | বিজ্ঞাপন বাবদ ব্যয় ৪,০০০ টাকা। |
| ” | ১৬ | নতুন মেশিন সংস্থাপন ব্যয় ৩,৫০০ টাকা। |
| ” | ২০ | ভূমি ক্রয় ২,০০,০০০ টাকা। |
| ” | ৩০ | অফিসের এসি ক্রয় ৭০,০০০ টাকা। |

ক. বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ কত? ২

খ. মূলধনজাতীয় ব্যয়ের পরিমাণ কত? ৪

গ. ৮ তারিখের ক্রয়কৃত মেশিন ৪০,০০০ টাকায় বিক্রয় করা হলে মূলধনজাতীয় প্রাপ্তি ও মূলধনজাতীয় আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৭ ▸ জনাব আদিব ২০১৮ সালের ১ জুন তারিখে নগদ ১,২০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ‘স্বপ্ন লাইব্রেরি’ নামে ব্যবসায় শুরু করেন।

| | | |
|---|---|---|
| জুন | ৬ | প্রতিটি ১৫০ টাকা দরে ২০০টি গল্পের বই ক্রয়। কারবারি বাট্টা ৫% |
| ” | ১০ | শাফির নিকট নগদে ১৮,০০০ টাকার গল্পের বই বিক্রয়। |
| ” | ১২ | গল্পের বই রাখার জন্য বাকিতে রেক ক্রয় ১০,০০০ টাকা। |
| ” | ১৪ | লাইব্রেরির প্রচারের জন্য খরচ হলো ২,০০০ টাকা। |
| ” | ১৮ | রাফি লাইব্রেরি হতে উপন্যাস বই ক্রয় ২০,০০০ টাকা। |
| ” | ২০ | ব্যক্তিগত প্রয়োজনে লাইব্রেরি হতে বই ব্যবহার করেন ৫,০০০ টাকা। |
| ” | ২৫ | জাবেলের নিকট ৫% বাট্টায় ১০,০০০ টাকার উপন্যাস বই বিক্রয়। |

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জুন ১৪ থেকে ২৫ তারিখের লেনদেনের আলোকে হিসাবের শ্রেণিবিন্যাস দেখাও। ৪

গ. জুন ১ হতে ১২ তারিখের লেনদেন দ্বারা বিবরণী ছকে হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখাও। ৪

৮ ▸ অর্পণ কম্পিউটারসের ২০১৮ সালের নভেম্বর মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| নভে. | ৭ | লিটন কম্পিউটারস থেকে প্রতিটি ২৭,০০০ টাকা দরে ৭টি কম্পিউটার ক্রয়। কারবারি বাট্টা ৩%। চালান নং -৩০৪, বহন খরচ ১,৭০০ টাকা। |
| ” | ১৪ | আকাশ কম্পিউটারস থেকে প্রতিটি ৩৫,০০০ টাকা দরে ৫টি কম্পিউটার ক্রয়। চালান নং -২১১, কারবারি বাট্টা ৫%, প্যাকিং খরচ ৭০০ টাকা। |
| ” | ২২ | কম্পিউটার নষ্ট থাকায় ৩টি কম্পিউটার আকাশ কম্পিউটারসকে ফেরত দেওয়া হলো। ডেবিট নোট নং-২২২। |

ক. নভেম্বর মাসে অর্পণ কম্পিউটারসের ক্রয় সংক্রান্ত আনুষঙ্গিক খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. নভেম্বর ২২ তারিখের তথ্য অবলম্বনে একটি ডেবিট নোট তৈরি কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে অর্পণ কম্পিউটারসের একটি ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

৯ ▸ জনাব সাদিব ১ মার্চ ২০১৬ তারিখে নগদ ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার প্রতিষ্ঠানে অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ—

| | | |
|---|---|---|
| মার্চ | ২ | মনিরের নিকট হতে ৫০,০০০ টাকার পণ্য ক্রয় |
| ” | ৫ | জীবন বিমার প্রিমিয়াম প্রদান ৩,০০০ টাকা। |
| ” | ১২ | কমিশন পাওয়া গেল ১,৫০০ টাকা। |
| ” | ২৫ | নগদে ক্রয় ২০,০০০ টাকা। |
| ” | ৩০ | মালিক কর্তৃক পণ্য উত্তোলন ২,৫০০ টাকা। |

ক. জনাব সাদিবের মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জনাব সাদিবের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. জনাব সাদিবের প্রতিষ্ঠানের নগদান হিসাব ও ক্রয় হিসাবের খতিয়ান চলমান জের ছকে প্রস্তুত কর। ৪

১০ ▸ মার্চ ২০১৫ সালে তুহিন অ্যান্ড ব্রাদার্সের ব্যবসায়ের লেনদেনগুলো নিম্নরূপ ছিল—

| | | |
|---|---|---|
| মার্চ | ৫ | খুলনার সুমন ট্রেডার্সের নিকট প্রতি কেজি ৮০ টাকা দরে ২০০ কেজি বাসমতি চাল বিক্রয়। চালান নং ১৮। কারবারি বাট্টা ১০%। |
| ” | ১০ | কুষ্টিয়ার মুন ট্রেডার্সের নিকট প্রতি কেজি ১০০ টাকা দরে ৩০০ কেজি মুগের ডাল বিক্রয়। প্যাকিং ও পরিবহন খরচ ২৫০ টাকা। কারবারি বাট্টা ৭½%। চালান নং ৩০। |

ক. মোট কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. তুহিন অ্যান্ড ব্রাদার্সের বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে সহকারী খতিয়ান প্রস্তুত কর। ৪

১১ ▸ জনি ট্রেডার্সের ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখের উদ্বৃত্তগুলো নিম্নরূপ : মূলধন ৩২,৫০০ টাকা; আসবাবপত্র ২০,০০০ টাকা; পাওনাদার ২৫,০০০ টাকা; উপভাড়া ২,০০০ টাকা; প্রারম্ভিক মজুদ পণ্য ২৫,০০০ টাকা; হাতে নগদ ১০,০০০ টাকা; ট্রেডমার্ক ৫,০০০ টাকা; অগ্রিম শিক্ষানবিশ সেলামি ৪,০০০ টাকা; ক্রয় ৫০,০০০ টাকা; বকেয়া বিনিয়োগের সুদ ২,৫০০ টাকা; প্রদত্ত ঋণ ১০,১২০ টাকা; বকেয়া বেতন ৫,০০০ টাকা; বিক্রয় ৬০,০০০ টাকা; প্রাপ্য কমিশন ২,০০০ টাকা; উত্তোলন ১০,০০০ টাকা; প্রদেয় বিল ১৫,০০০ টাকা; সুনাম ৮,৫০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যাদির ভিত্তিতে জনি ট্রেডার্সের অস্পর্শনীয় সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্যাদির ভিত্তিতে চলতি সম্পত্তি ও চলতি দায়ের পরিমাণ নিরূপণ কর। ৪

গ. বছর শেষে জনি ট্রেডার্সের রেওয়ামিল তৈরি কর। ৪

# মূল বইয়ের বাইরে আরও
# এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ১৬ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬

বিষয় কোড : 1 4 6

সময়– ৩০ মিনিট

**হিসাববিজ্ঞান ▼ বহুনির্বাচনি অভীক্ষা**

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. মুনাফাজাতীয় আয় নয় কোনটি?**
ক) শিক্ষানবিশ সেলামি খ) কমিশন প্রাপ্তি
গ) আসবাবপত্র বিক্রয় ঘ) ব্যাংক জমার সুদ

**২. মুনাফাজাতীয় প্রদানের ক্ষেত্রে বর্তমান বছরের অংশকে কী বলে?**
ক) সম্পদ খ) ব্যয়
গ) দায় ঘ) মালিকানাস্বত্ব

**৩. অগ্রিম শিক্ষানবিশ সেলামি ব্যবসায়ের কী হিসাবে হিসাবভুক্ত হবে?**
ক) দায় খ) মুনাফা
গ) সম্পদ ঘ) ব্যয়

**৪. কুঋণ হওয়ার মূল কারণ–**
i. অসচ্ছল
ii. দেনাদারের মৃত্যু
iii. দেউলিয়া
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৫. হিসাবের মোট ডেবিট টাকার অঙ্ক মোট ক্রেডিট টাকার অঙ্কের সমান হওয়ার কারণ কী?**
ক) মোট দায় = মোট সম্পদ
খ) মোট সম্পদ = মোট মুনাফা
গ) মোট মুনাফা = মোট ক্ষতি
ঘ) মোট দায় = মালিকানাস্বত্ব

**৬. বিক্রয় ফেরত জাবেদা উৎস কোনটি?**
ক) ডেবিট নোট খ) ক্রেডিট নোট
গ) খতিয়ান ঘ) ক্রয়

**৭. প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ করা হয় কোনটি?**
ক) পণ্য ক্রয় খ) পণ্য বিক্রয়
গ) বকেয়া বেতন ঘ) আন্তঃফেরত

**৮. যেসব নামে কোনো হিসাব লেখা হয় না–**
i. পণ্য
ii. মালিক
iii. চেক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৯. জীবন বিমা প্রিমিয়াম প্রদান করা হলে কোন হিসাবটি ক্রেডিট হবে?**
ক) জীবন বিমা খ) উত্তোলন
গ) নগদান ঘ) মূলধন

**১০. C/ D এর অর্থ কোনটি?**
ক) নিচে নীত খ) উপর থেকে আনীত
গ) সম্মুখে নীত ঘ) পেছন থেকে আনীত

**১১. প্রত্যেক দেনাদার ও পাওনাদারের জন্য আলাদা খতিয়ান প্রস্তুত করাকে বলা হয়–**
ক) সাধারণ খতিয়ান খ) সংযুক্ত খতিয়ান
গ) সহকারী খতিয়ান ঘ) সম্পূরক খতিয়ান

**১২. খতিয়ান চলমান জের ছকের উপরে ডান দিকে কী লেখা হয়?**
ক) ডেবিট জের খ) ক্রেডিট জের
গ) পৃষ্ঠা নম্বর ঘ) হিসাবের কোড নম্বর

**১৩. প্রকৃতপক্ষে রেওয়ামিল কী?**
ক) পরিপূর্ণ হিসাব
খ) একটি তালিকা
গ) আর্থিক বিবরণীর প্রথম স্তর
ঘ) লেনদেনের ব্যাখ্যা

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব জনি এন্ড সন্সের হিসাবরক্ষক ৩,০০০ টাকা, ৬,০০০ টাকা ও ৯,০০০ টাকার ৩টি হিসাবের সাথে প্রদত্ত বা প্রাপ্ত লেখা না থাকায় রেওয়ামিলের ক্রেডিট দিকে লিখলেন। ফলে রেওয়ামিল অমিল হয়।

**১৪. জনাব জনি এন্ড সন্সের রেওয়ামিলে অনিশ্চিত হিসাব কত টাকা?**
ক) ৯,০০০ টাকা খ) ১৫,০০০ টাকা
গ) ১৮,০০০ টাকা ঘ) ৩৬,০০০ টাকা

**১৫. হিসাবরক্ষক যে হিসাবগুলো লিখতে ভুল করেছে তার মধ্যে রয়েছে–**
i. বেতন
ii. কমিশন
iii. বাট্টা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৬. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না –**
ক) প্রারম্ভিক মজুদ পণ্য খ) প্রারম্ভিক হাতে নগদ
গ) সমাপনী ব্যাংক জমা ঘ) সমাপনী দেনাদার

**১৭. তারল্য অনুপাতের আদর্শ মান কোনটি?**
ক) ২ : ১ খ) ১ : ২
গ) ১ : ১ ঘ) ১ : ৩

**১৮. চলতি দায়ের উদাহরণ কোনটি?**
ক) ঋণপত্র খ) ঋণ
গ) মূলধন ঘ) প্রদেয় হিসাব

**১৯. বিজ্ঞাপন খরচ ৫ বছরের জন্য ২০,০০০ টাকা পরিশোধ করলে প্রথম বছরের শেষে বিলম্বিত বিজ্ঞাপন কত?**
ক) ৪,০০০ টাকা খ) ১২,০০০ টাকা
গ) ১৬,০০০ টাকা ঘ) ২০,০০০ টাকা

**২০. আসবাবপত্রের অবচয় ৫,০০০ টাকা। এটি কোন ধরনের লেনদেন?**
ক) বকেয়া খ) নগদ
গ) দৃশ্যমান ঘ) অদৃশ্যমান

**২১. ক্রয়-বিক্রয়ের প্রামাণ্য দলিল কোনটি?**
ক) চালান খ) বিল ও ক্যাশমেমো
গ) ডেবিট নোট ঘ) ক্রেডিট নোট

**২২. A = L + E সমীকরণটির E উপাদানটি নির্দেশ করে–**
ক) সম্পদ খ) মালিকানাস্বত্ব
গ) আয় ঘ) দায়

**২৩. হিসাব সমীকরণের মূল উপাদান হলো–**
i. সম্পদ
ii. দায়
iii. মালিকানাস্বত্ব
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৪. একতরফা দাখিলা পদ্ধতিতে কোন হিসাব সংরক্ষণে গুরুত্ব দেওয়া হয় না?**
ক) মূলধন ও উত্তোলন খ) সম্পদ ও দায়
গ) দায় ও মালিকানাস্বত্ব ঘ) আয় ও ব্যয়

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :**
প্রারম্ভিক মূলধন ২,০৫,০০০ টাকা, নিট মুনাফা ৬০,০০০ টাকা, সাধারণ সঞ্চিতি ১২,০০০ টাকা, আয়কর ৩২,০০০ টাকা ও পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।

**২৫. বছর শেষে মালিকানাস্বত্বের পরিমাণ কত?**
ক) ২,৭৫,০০০ টাকা খ) ২,৭২,০০০ টাকা
গ) ২,৪০,০০০ টাকা ঘ) ২,৬৫,০০০ টাকা

**২৬. বছরের শেষে মোট উত্তোলনের পরিমাণ কত?**
ক) ৫,০০০ টাকা খ) ৩২,০০০ টাকা
গ) ৩৭,০০০ টাকা ঘ) ৪৪,০০০ টাকা

**২৭. হিসাবরক্ষণের একমাত্র বিজ্ঞানসম্মত পদ্ধতি কোনটি?**
ক) জাবেদা খ) খতিয়ান
গ) নগদান বই
ঘ) দু'তরফা দাখিলা পদ্ধতি

**২৮. মূলধনজাতীয় ব্যয়ের মাধ্যমে অর্জিত সম্পদ কোনটি?**
ক) ঘড়ি খ) ক্যালকুলেটর
গ) কম্পিউটার ঘ) স্ট্যাপলার

**২৯. ব্যবসায় প্রতিষ্ঠান স্থানান্তর খরচ কোন ধরনের ব্যয়?**
ক) মূলধনজাতীয়
খ) বিলম্বিত মুনাফাজাতীয়
গ) প্রশাসনিক
ঘ) প্রত্যক্ষ

**৩০. মুনাফাজাতীয় ব্যয় হলো –**
i. পণ্য ক্রয়
ii. যন্ত্রপাতি ক্রয়
iii. আমদানি শুল্ক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ |
| ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | খ |

## ১৭ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৭

বিষয় কোড : 1 4 6

### হিসাববিজ্ঞান ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়– ৩০ মিনিট পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. একটি প্রতিষ্ঠানের প্রত্যাশিত মুনাফা অর্জন করা যেতে পারে–**
ক সম্পদ বৃদ্ধি করে খ দায় হ্রাস করে
গ ব্যয় নিয়ন্ত্রণ করে ঘ ব্যয় বৃদ্ধি করে

**২. সেবা প্রদানমূলক প্রতিষ্ঠান হচ্ছে–**
i. শিক্ষাপ্রতিষ্ঠান
ii. অডিট ফার্ম
iii. আইন সেবা ফার্ম
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৩. হিসাববিজ্ঞানের প্রধান উদ্দেশ্যসমূহ হচ্ছে–**
i. আর্থিক ফলাফল নির্ণয়
ii. ব্যয় নিয়ন্ত্রণ
iii. আর্থিক অবস্থা নির্ণয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
১ জানুয়ারি, ২০১৬ খ্রি. হাবিব নগদ ৩,৫০,০০০ টাকা এবং ঋণ বাবদ ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। ৫ জানুয়ারি তিন জনের নিকট চেকের মাধ্যমে ৫০,০০০ টাকার পণ্য বিক্রয় করেন এবং ১০ জানুয়ারি তিনি ব্যবসায় হতে ২,০০০ টাকা উত্তোলন করেন।

**৪. ১ম লেনদেনটি দ্বারা হিসাব সমীকরণের কোন কোন উপাদান প্রভাবিত হবে?**
ক সম্পদ ও মালিকানাস্বত্ব
খ দায় ও মালিকানাস্বত্ব
গ সম্পদ ও দায়
ঘ সম্পদ, দায় ও মালিকানাস্বত্ব

**৫. ১০ জানুয়ারি ২০১৭ তারিখে মালিকানাস্বত্বের পরিমাণ কত টাকা?**
ক ৫০,০০০ খ ৩,০০,০০০
গ ৩,৫০,০০০ ঘ ৩,৯৮,০০০

**৬. কোনটি লেনদেনের দলিল?**
ক পণ্য ক্রয় খ মজুরি প্রদান
গ চালান ঘ বেতন প্রদান

**৭. 'ব্যাংকে জমা দেওয়া হলো' এ লেনদেনটি কোন প্রাথমিক বইতে লিপিবদ্ধ করা হবে?**
ক নগদ প্রাপ্তি জাবেদা খ নগদ প্রদান জাবেদা
গ প্রকৃত জাবেদা ঘ ক্রয় জাবেদা

**৮. একতরফা দাখিলা পদ্ধতিতে, {(সমাপনী মূলধন + উত্তোলন) –(প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)}= ?**
ক মোট লাভ/ক্ষতি খ পরিচালন লাভ/ক্ষতি
গ আয়/ব্যয় ঘ লাভ/ক্ষতি

**৯. মূলধনজাতীয় ব্যয় হচ্ছে–**
i. বিক্রয়ের জন্য আসবাবপত্র ক্রয়
ii. ব্যবসায়ে ব্যবহারের জন্য কম্পিউটার ক্রয়
iii. যন্ত্রপাতির সংস্থাপন ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১০. ব্যাংক হতে ঋণ গ্রহণ এটি ব্যবসায়ের–**
ক মূলধনজাতীয় প্রাপ্তি খ মূলধনজাতীয় আয়
গ মুনাফাজাতীয় আয় ঘ মুনাফাজাতীয় প্রাপ্তি

**১১. ব্যবসায় প্রতিষ্ঠান একস্থান হতে অন্য স্থানে স্থানান্তর ব্যয়–**
ক মুনাফাজাতীয় প্রদান খ মুনাফাজাতীয় ব্যয়
গ মূলধনজাতীয় ব্যয়
ঘ বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়

**১২. কোনটি মুনাফাজাতীয় আয়?**
i. পণ্য বিক্রয়
ii. বাকিতে পণ্য বিক্রয়
iii. প্রাপ্য কমিশন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩. একই শ্রেণিভুক্ত হিসাব কোনটি?**
i. ঋণ হিসাব
ii. প্রাপ্য হিসাব
iii. যন্ত্রপাতি হিসাব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. 'অফিস সাপ্লাইজ হিসাব' কখন ডেবিট হয়?**
ক চেয়ার ক্রয় খ এসি ক্রয়
গ ঘড়ি ক্রয় ঘ কলম ক্রয়

**১৫. মূলধনের সুদ ধার্য–**
ক ব্যাংক হিসাব ক্রেডিট
খ নগদান হিসাব ক্রেডিট
গ মূলধনের সুদ হিসাব ক্রেডিট
ঘ মূলধন হিসাব ক্রেডিট

**১৬. সমাপনী দাখিলার দ্বারা কোন হিসাব খাত বন্ধ করা হয়?**
i. ব্যয়
ii. দায়
iii. আয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৭. কোন লেনদেনটি প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ হবে?**
i. মনিহারি দ্রব্যাদি ক্রয়
ii. উত্তোলনের সুদ ধার্য
iii. বেতন বকেয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৮. কোন হিসাব ডেবিট/ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে?**
ক উত্তোলন হিসাব খ ভাড়া হিসাব
গ ব্যাংক হিসাব ঘ ঋণের সুদ হিসাব

**১৯. কোন হিসাবটি সহকারী খতিয়ান?**
ক মজুরি হিসাব খ প্রদেয় হিসাব
গ রানা হিসাব ঘ বিক্রয় হিসাব

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**
দেনাদার ২০,০০০ টাকা, নতুন কুঋণ ৩,০০০ টাকা, কুঋণ সঞ্চিতি ৫% এবং বাট্টা সঞ্চিতি ২%।

**২০. উপযুক্ত ক্ষেত্রে কুঋণ সঞ্চিতির পরিমাণ কত?**
ক ৫৫০ টাকা খ ৬৫০ টাকা
গ ৫৭০ টাকা ঘ ৮৫০ টাকা

**২১. উপযুক্ত ক্ষেত্রে প্রকৃত দেনাদারের পরিমাণ কত হবে?**
ক ১৫,৮২৭ টাকা খ ১৬,১৫০ টাকা
গ ১৭,০০০ টাকা ঘ ১৮,০০০ টাকা

**২২. মুনাফার উপর একমাত্র দাবি কার?**
ক দেনাদারের খ মালিকের
গ পাওনাদারের ঘ শ্রমিকের

**২৩. মোট মুনাফা ১৬,০০০ টাকা, বিক্রয় ৯০,০০০ টাকা হলে পণ্যের ব্যয় কত?**
ক ১৬,০০০ খ ১০,৬০০
গ ১,৮০,০০০ ঘ ৭৪,০০০

**২৪. অন্যান্য আয়–**
i. বিনিয়োগের সুদ
ii. শিক্ষানবিশ সেলামি
iii. প্রাপ্ত বাট্টা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৫. কোনটিকে প্রদেয় হিসাব বলা হয়?**
ক ক্রয় খতিয়ানের জেরকে
খ বিক্রয় খতিয়ানের জেরকে
গ ঋণ হিসাবের জেরকে
ঘ ক্রয় ও বিক্রয় খতিয়ানের জেরের পার্থক্যকে

**২৬. প্রাপ্ত বা প্রদত্ত উল্লেখ না থাকলে প্রদত্ত হিসাবে ধরতে হবে–**
i. সুদ
ii. বাট্টা
iii. কমিশন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৭. কোনটি সঠিক?**
ক A = L – E খ E = A – L
গ E = A + L ঘ A + L = E

**২৮. সংশ্লিষ্ট হিসাবখাত ক্রেডিট হয়–**
i. খরচ হ্রাস পেলে
ii. সম্পদ বৃদ্ধি পেলে
iii. দায় বৃদ্ধি পেলে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৯. একতরফা দাখিলা পদ্ধতিতে কোন হিসাব সংরক্ষণ করা বাধ্যতামূলক নয়?**
i. আয়বাচক হিসাব
ii. ব্যয়বাচক হিসাব
iii. সম্পত্তিবাচক হিসাব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৩০. প্রকৃত জাবেদা কত প্রকার?**
ক ৪ প্রকার খ ৫ প্রকার
গ ৬ প্রকার ঘ ২ প্রকার

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ঘ |
| ১৬ | খ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | খ |

## ১৮ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৮

বিষয় কোড : 1 4 6

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বিক্রেতা কর্তৃক ক্রেতাকে প্রেরিত লিখিত দলিল কোনটি?**
ⓚ ভাউচার ⓦ দেনালিপি
ⓖ স্মারকলিপি ⓘ চালান

**২. ব্যবসায়ের প্রকৃত আর্থিক অবস্থা জানার জন্য কোনটি তৈরি করতে হবে?**
ⓚ সংশোধনী দাখিলা ⓦ প্রারম্ভিক দাখিলা
ⓖ সমন্বয় দাখিলা ⓘ সমাপনী দাখিলা

**৩. কোনটি মুনাফাজাতীয় লেনদেনের বৈশিষ্ট্যের বহির্ভূত?**
ⓚ স্বল্পমেয়াদি সুবিধা
ⓦ ছোট অঙ্কের লেনদেন
ⓖ অনিয়মিত লেনদেন
ⓘ নির্দিষ্ট সময় পরপর সংগঠন

**৪. ব্যক্তিগত অর্থ হারিয়ে গেলে ব্যবসায়ে কী প্রভাব পড়ে?**
ⓚ আর্থিক ক্ষতি হয়
ⓦ সম্পদ হ্রাস পায়
ⓖ আর্থিক অবস্থার পরিবর্তন হয়
ⓘ লেনদেন হয় না

**৫. মি. আব্দুল্লাহ একটি বহুজাতিক প্রতিষ্ঠানের হিসাবরক্ষক। তার প্রতিষ্ঠানের লেনদেনগুলোর ধরন সাধারণত কীরূপ?**
ⓚ স্বয়ংসম্পূর্ণ ও স্বতন্ত্র ⓦ স্বতন্ত্র নয়
ⓖ সর্বদা অদৃশ্যমান ⓘ সর্বদা দৃশ্যমান

**৬. কোন লেনদেনটি A ও E উভয় উপাদানের বৃদ্ধি ঘটায়?**
ⓚ নগদ বিক্রয় ⓦ নগদ ক্রয়
ⓖ আসবাবপত্র ক্রয় ⓘ ঋণ গ্রহণ

**৭. মালিকানাস্বত্ব প্রতিষ্ঠানের জন্য কী?**
ⓚ আয় ⓦ সম্পদ
ⓖ দায় ⓘ পাওনা

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আমান ২০২০ সালের ১ জানুয়ারি নগদ ২,০০,০০০ টাকা ও ২০,০০০ টাকার প্রাইজবন্ড নিয়ে ব্যবসায় শুরু করেন। জানুয়ারি ১০ তারিখে মি. আমানের কাছ থেকে ২৫,০০০ টাকার পণ্য ক্রয় করেন।

**৮. মি. আমানের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত?**
ⓚ ২,৪৫,০০০ টাকা ⓦ ২,২০,০০০ টাকা
ⓖ ২,০০,০০০ টাকা ⓘ ১,৮০,০০০ টাকা

**৯. প্রতিষ্ঠানের ২৫,০০০ টাকার লেনদেনের ফলে হিসাব সমীকরণের–**
i. A উপাদান হ্রাস পাবে
ii. L উপাদান বৃদ্ধি পাবে
iii. E উপাদানের হ্রাস ঘটবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓦ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১০. নিপু বিক্রয়ের উদ্দেশ্যে একটি গাড়ি ক্রয় করলেন। এটি কোন জাতীয় ব্যয়?**
ⓚ মুনাফাজাতীয় ⓦ মূলধনজাতীয়
ⓖ বিলম্বিত মুনাফাজাতীয়
ⓘ বিলম্বিত মূলধনজাতীয়

**১১. 'মূলধনের সুদ' কোন ব্যয়ের অন্তর্গত?**
ⓚ মূলধনজাতীয়
ⓦ মুনাফাজাতীয়
ⓖ পরিচালন
ⓘ বিলম্বিত মুনাফাজাতীয়

**১২. কোনটি মুনাফাজাতীয় আয়?**
ⓚ বিমা প্রিমিয়াম পরিশোধ
ⓦ পণ্য ক্রয়
ⓖ বিনিয়োগের সুদ
ⓘ গাড়ি বিক্রয়

**১৩. চেক মারফত পাওনা আদায় হয়ে ডেবিট হবে কোনটি?**
ⓚ ব্যাংক হিসাব ⓦ চেক হিসাব
ⓖ পাওনাদার হিসাব ⓘ নগদান হিসাব

**১৪. মালিকের পাওনা হলো–**
i. মূলধন
ii. মুনাফা
iii. সঞ্চিতি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১৫. মি. আলিফ তার ব্যবসায়ে ব্যবহৃত ১৫,০০০ টাকার আসবাবপত্র বিক্রয় করলেন। এ বিক্রয়ের ফলে হিসাব সমীকরণের–**
i. সম্পদ বৃদ্ধি পায়
ii. আয় বৃদ্ধি পায়
iii. সম্পদ হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
জীবন সু কোম্পানি লি. ২০১৯ সালের জানুয়ারি ১০ তারিখে চেকের মাধ্যমে ১০,০০০ টাকার পণ্যদ্রব্য বিক্রয় করে। জানুয়ারি ২০ তারিখে ব্যবসায়ে ব্যবহারের জন্য ৩০,০০০ টাকা দিয়ে একটি কম্পিউটার ক্রয় করে। উক্ত লেনদেনগুলো সংঘটিত হওয়ার পর তা প্রাথমিক হিসাবের বইতে লিপিবদ্ধ করে।

**১৬. ৩০,০০০ টাকার লেনদেনটির ফলে কোনটি বৃদ্ধি পাবে?**
ⓚ আয় ⓦ ব্যয়
ⓖ সম্পদ ⓘ দায়

**১৭. ১০ তারিখের লেনদেনটি অন্তর্ভুক্ত হয়–**
i. নগদান হিসাবে
ii. ব্যাংক হিসাবে
iii. বিক্রয় হিসাবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১৮. কোনটি নগদ বাট্টার আওতাভুক্ত?**
ⓚ কারবারি বাট্টা ⓦ ক্রয় বাট্টা
ⓖ বিক্রয় বাট্টা ⓘ প্রাপ্ত বাট্টা

**১৯. খতিয়ান হিসাবের দুদিকের যোগফলের পার্থক্য নির্ণয় করাকে বলা হয়–**
i. জের টানা
ii. ব্যালেন্সিং
iii. সমতাপ্রাপ্ত
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓦ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**২০. মি. ইমন ২০,০০০ টাকা মূলধন বাবদ আনল। এক্ষেত্রে তার প্রতিষ্ঠানে বৃদ্ধি পাবে–**
i. নগদ ii. মালিকানাস্বত্ব
iii. দায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓦ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**২১. চলমান জের ছকে নিচের কোনটি থাকে?**
ⓚ ব্যালেন্স C/D ⓦ ব্যালেন্স B/D
ⓖ উদ্বৃত্ত লেখার পৃথক কলাম
ⓘ ডেবিট ও ক্রেডিট পার্শ্বের যোগফল

**২২. নষ্ট পণ্য কোন হিসাবে লেখা হয়?**
ⓚ দেনাদার হিসাবে ⓦ মনিহারি হিসাবে
ⓖ ক্রয় হিসাবে ⓘ পণ্য হিসাবে

**২৩. প্রদেয় বিলের সাথে সম্পর্ক হতে পারে–**
i. ধারে ক্রয় ii. পাওনাদার
iii. দেনাদার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓦ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**২৪. উদ্বৃত্ত বা ব্যালেন্স কী অর্থে ব্যবহৃত হয়?**
ⓚ পোস্টিং ⓦ অন্তর্ভুক্তিকরণ
ⓖ পার্থক্যকরণ ⓘ অবশিষ্ট

**২৫. রেওয়ামিলের ডেবিট পার্শ্বে বসে কোনটি?**
ⓚ ঋণ হিসাব ⓦ মনিহারি
ⓖ প্রদেয় বিল ⓘ পাওনাদার

**২৬. রেওয়ামিলের ক্রেডিট দিকে লেখা হবে–**
i. যাবতীয় দায়সমূহ
ii. যাবতীয় আয়সমূহ
iii. অনুপার্জিত আয়সমূহ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**২৭. খতিয়ানের উদ্বৃত্ত ৭৫,০০০ টাকা কিন্তু ভুলবশত ৬৫,০০০ টাকা লেখা হলো। এটি কোন ধরনের ভুল?**
ⓚ খতিয়ানের উদ্বৃত্ত নির্ণয়ে ভুল
ⓦ লেখার ভুল
ⓖ টাকার অঙ্কে ভুল ⓘ বাদ পড়ার ভুল

**২৮. কোনটি অন্যান্য আয়?**
ⓚ উপভাড়া ⓦ পণ্য বিক্রয়
ⓖ বাট্টা ⓘ সেবা রাজস্ব

**২৯. সম্ভাব্য ক্ষতি কোনটি?**
ⓚ নিট ক্ষতি ⓦ আগুনে বিনষ্ট পণ্য
ⓖ কুঋণ সঞ্চিতি ⓘ কুঋণ

**৩০. বাট্টা প্রদান কী ধরনের ব্যয়?**
ⓚ অপরিচালন ⓦ বিক্রীত পণ্যের ব্যয়
ⓖ পরিচালন ব্যয় ⓘ দীর্ঘমেয়াদি ব্যয়

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ⓘ | ২ | ⓖ | ৩ | ⓖ | ৪ | ⓘ | ৫ | ⓚ | ৬ | ⓚ | ৭ | ⓖ | ৮ | ⓦ | ৯ | ⓖ | ১০ | ⓚ | ১১ | ⓦ | ১২ | ⓖ | ১৩ | ⓚ | ১৪ | ⓘ | ১৫ | ⓦ |
| ১৬ | ⓖ | ১৭ | ⓖ | ১৮ | ⓘ | ১৯ | ⓚ | ২০ | ⓚ | ২১ | ⓖ | ২২ | ⓖ | ২৩ | ⓚ | ২৪ | ⓘ | ২৫ | ⓦ | ২৬ | ⓘ | ২৭ | ⓚ | ২৮ | ⓚ | ২৯ | ⓖ | ৩০ | ⓖ |

## ১৯ ✓ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৯

বিষয় কোড : 1 4 6

### হিসাববিজ্ঞান ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়– ৩০ মিনিট পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. নিচের কোনটি অন্যগুলো হতে আলাদা?**
ক প্রাপ্য বিল খ প্রাপ্য হিসাব
গ প্রদেয় বিল ঘ অগ্রিম বেতন

**২. বিশদ আয় বিবরণীতে নিচের কোন হিসাব অন্তর্ভুক্ত হয় না?**
ক মুনাফাজাতীয় আয় খ মুনাফাজাতীয় ব্যয়
গ মূলধনজাতীয় প্রাপ্তি ঘ পণ্য বিক্রয়

**৩. ব্যবসায় প্রতিষ্ঠানে ব্যবহৃত চেকটি হলো–**
ক হুকুম চেক খ দাগ কাটা চেক
গ খোলা চেক ঘ বাহক চেক

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
দেনাদার হতে ১০% বাট্টা বাদে ৯,০০০ টাকা পাওয়া গেল।

**৪. লেনদেনে নগদ বাট্টার পরিমাণ কত টাকা?**
ক ১০০ টাকা খ ২০০ টাকা
গ ৯০০ টাকা ঘ ১,০০০ টাকা

**৫. মোট দেনাদারের পরিমাণ কত টাকা ছিল?**
ক ৮,৯০০ টাকা খ ৯,০০০ টাকা
গ ৯,৯০০ টাকা ঘ ১০,০০০ টাকা

**৬. জনাব আলম ৫০,০০০ টাকার যন্ত্রপাতি ক্রয় করেন এবং যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় বাবদ ৬,০০০ টাকা পরিশোধ করেন। যন্ত্রপাতির অবচয় ধরা হয় ১০%। জনাব আলমের যন্ত্রপাতির অবচয় কত?**
ক ৪,৪০০ টাকা খ ৫,০০০ টাকা
গ ৫,৬০০ টাকা ঘ ৬,০০০ টাকা

**৭. বিল বাট্টাজনিত জাবেদা কোথায় লেখা হয়?**
ক নগদ প্রদান জাবেদায় খ প্রকৃত জাবেদায়
গ ক্রয় জাবেদায় ঘ বিক্রয় জাবেদায়

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মাহাদির ব্যবসায়ের ১-১-১৮ তারিখের সম্পদ ও দায় যথাক্রমে ৫,০০,০০০ টাকা ও ৩,০০,০০০ টাকা এবং ৩১-১২-১৮ তারিখের সম্পদ ও দায় যথাক্রমে ৭,০০,০০০ টাকা ও ৩,৫০,০০০ টাকা।

**৮. জনাব মাহাদির প্রারম্ভিক মূলধন কত?**
ক ২,০০,০০০ টাকা খ ৩,০০,০০০ টাকা
গ ৫,০০,০০০ টাকা ঘ ৮,০০,০০০ টাকা

**৯. সমাপনী মূলধন প্রারম্ভিক মূলধনের চেয়ে কত বেশি?**
ক ৫০,০০০ টাকা খ ১,০০,০০০ টাকা
গ ১,৫০,০০০ টাকা ঘ ২,০০,০০০ টাকা

**১০. সাধারণ সঞ্চিতি কোন ধরনের হিসাব?**
ক সম্পদ খ দায়
গ আয়
ঘ মালিকানাস্বত্ব হিসাব

**১১. কোনটির নামে সহকারী খতিয়ান খোলা হয়?**
ক ব্যাংক হিসাব খ আসবাবপত্র হিসাব
গ মারুফ হিসাব ঘ নগদান হিসাব

**১২. রেওয়ামিলের ক্রেডিট দিকে বসে–**
i. সাধারণ সঞ্চিতি
ii. দেনাদার বাট্টা সঞ্চিতি
iii. অনুপার্জিত আয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩. কোনটি অন্য তিনটি থেকে ভিন্ন?**
ক মূলধনের সুদ খ উত্তোলনের সুদ
গ ব্যাংক জমাতিরিক্তের সুদ
ঘ গৃহীত ঋণের সুদ

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
২০১৮ সালের মাহিন ট্রেডার্সের প্রারম্ভিক মনিহারি ১,০০০ টাকা, মনিহারি ক্রয় ২,৫০০ টাকা। বছর শেষে অব্যবহৃত মনিহারি ছিল ৫০০ টাকা।

**১৪. সংশ্লিষ্ট বছরে মাহিন ট্রেডার্সের মনিহারি খরচের পরিমাণ কত টাকা?**
ক ৩,০০০ খ ২,৫০০
গ ২,০০০ ঘ ১,৫০০

**১৫. মাহিন ট্রেডার্সের হিসাবে অব্যবহৃত মনিহারি হিসাবভুক্তির ফলে কী হবে?**
ক মোট লাভ বৃদ্ধি খ মোট লাভ হ্রাস
গ নিট লাভ বৃদ্ধি ঘ নিট লাভ হ্রাস

**১৬. মজুরি প্রদান ১০,০০০ টাকা বেতন হিসাবে লেখা হলে, এটি কোন ধরনের ভুল?**
ক লেখার ভুল খ নীতিগত ভুল
গ বাদপড়ার ভুল ঘ বেদাখিলার ভুল

**১৭. কোনো প্রতিষ্ঠানের প্রারম্ভিক মজুদ ৫০,০০০ টাকা, ক্রয় ২০,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ৪০,০০০ টাকা হলে সমাপনী মজুদ কত?**
ক ২০,০০০ টাকা খ ২৫,০০০ টাকা
গ ৩০,০০০ টাকা ঘ ৪০,০০০ টাকা

**১৮. বিক্রেতা কোনটি প্রস্তুত করেন–**
i. ক্যাশমেমো
ii. ডেবিট নোট
iii. ক্রেডিট নোট
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৯. B/F শব্দের অর্থ কী?**
ক নিচে নীত খ স্থানান্তরিত হয়েছে
গ সম্মুখে নীত ঘ পেছন থেকে আনীত

**২০. খতিয়ান প্রস্তুতকরণের ধাপ কতটি?**
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি

**২১. আর্থিক অবস্থার বিবরণীর ইংরেজি রূপ কী?**
ক Balance sheet
খ Financial Statement
গ Statement of Financial position
ঘ Statement of Comprehensive Income

**২২. মোট মুনাফা হলো–**
ক পরিচালন মুনাফা + পরিচালন ব্যয়
খ বিক্রয়–ক্রয়
গ বিক্রীত পণ্যের ব্যয়+প্রারম্ভিক মজুদ পণ্য
ঘ নিট মুনাফা–পরিচালন ব্যয়

**২৩. দেনাদার ও পাওনাদারের জন্য প্রস্তুতকৃত আলাদা খতিয়ানকে কী বলা হয়?**
ক সাধারণ খতিয়ান খ সংযুক্ত খতিয়ান
গ সহকারী খতিয়ান ঘ মূল খতিয়ান

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
বিনিয়োগ ৩,০০,০০০ টাকা, চলতি সম্পদ ৬০,০০০ টাকা, চলতি দায় ৪০,০০০ টাকা এবং মজুদ পণ্য ১০,০০০ টাকা। সংশ্লিষ্ট বছরে তাদের মুনাফা (নিট) ৪৫,০০০ টাকা।

**২৪. বিনিয়োজিত মূলধনের উপর মুনাফার হার কত?**
ক ৩০% খ ২৫%
গ ২০% ঘ ১৫%

**২৫. তারল্য অনুপাত কত?**
ক ১.২৫ : ১ খ ১.৫ : ১
গ ১.৭৫ : ১ ঘ ২ : ১

**২৬. পণ্য আগুনে বিনষ্ট হলে কোন হিসাব ক্রেডিট হবে?**
ক বিবিধ ক্ষতি হিসাব
খ আগুনে বিনষ্ট পণ্য হিসাব
গ ক্রয় হিসাব
ঘ সমাপনী মজুদ পণ্য হিসাব

**২৭. হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাইয়ের তালিকাকে কী বলে?**
ক জাবেদা খ খতিয়ান
গ রেওয়ামিল ঘ আর্থিক বিবরণী

■ **উদ্দীপকটি পড়ে ২৮, ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
মে-০১ কবিরের নিকট ৫% বাট্টায় ২০,০০০ টাকার পণ্য বিক্রয় করা হলো। শর্ত ৫/১০, নিট ৩০।

**২৮. কারবারি বাট্টার পরিমাণ কত টাকা?**
ক ৫০০ টাকা খ ১,০০০ টাকা
গ ১,৫০০ টাকা ঘ ২,০০০ টাকা

**২৯. কবির ১০ তারিখে টাকা পরিশোধ করলে নগদ বাট্টা কত টাকা?**
ক ৯০০ টাকা খ ৯৫০ টাকা
গ ১১,০০০ টাকা ঘ ১,২০০ টাকা

**৩০. ৩০ তারিখে টাকা পরিশোধ করলে কবির কত টাকা দিবে?**
ক ১৮,০০০ টাকা খ ১৭,০০০ টাকা
গ ১৬,০০০ টাকা ঘ ১৯,০০০ টাকা

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | খ | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | * | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ঘ |

## ২০ এক্সক্লুসিভ মডেল টেস্ট ১০

বিষয় কোড : 1 4 6

সময়– ৩০ মিনিট

### হিসাববিজ্ঞান ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বাকিতে পণ্য বিক্রয় কোন জাতীয় লেনদেন?**
ক অভ্যন্তরীণ খ নগদ
গ অদৃশ্যমান ঘ বাহ্যিক

**২. আসবাবপত্রের অবচয় কোন জাতীয় লেনদেন?**
ক অভ্যন্তরীণ খ নগদ
গ দৃশ্যমান ঘ বাহ্যিক

**৩. নিচের কোনটি মালিকানাস্বত্বের বিপরীত উপাদান?**
ক উপভাড়া খ বাকিতে পণ্য বিক্রয়
গ আয়কর ঘ ব্যাংক জমাতিরিক্ত

**৪. A = L + E সমীকরণটির E উপাদানটি কী নির্দেশ করে?**
ক সম্পদ খ দায়
গ মালিকানাস্বত্ব ঘ মুনাফা

**৫. কোন ধরনের প্রতিষ্ঠানে দুতরফা দাখিলা পদ্ধতি সর্বাধিক জনপ্রিয়?**
ক একমালিকানা খ অংশীদারি
গ ক্ষুদ্র ও মাঝারি ঘ যৌথমূলধনী

**৬. দুতরফা দাখিলা পদ্ধতির সুবিধা কোনটি?**
ক দ্বৈতসত্তা খ ব্যয় নিয়ন্ত্রণ
গ ডেবিট ও ক্রেডিট করা
ঘ দাতা ও গ্রহীতা

**৭. কোনটি দুতরফা পদ্ধতির বৈশিষ্ট্য?**
ক দ্বৈতসত্তা
খ গাণিতিক শুদ্ধতা যাচাই
গ আর্থিক অবস্থা নিরূপণ
ঘ পরিপূর্ণ হিসাব সংরক্ষণ

**৮. ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন করা হলে–**
i. ব্যাংক হিসাব ক্রেডিট হবে
ii. নগদান হিসাব ডেবিট হবে
iii. উত্তোলন হিসাব ডেবিট হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৯. যন্ত্রপাতির পরিবহন খরচ কী জাতীয় লেনদেন?**
ক মুনাফাজাতীয় ব্যয়
খ বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়
গ মূলধনজাতীয় ব্যয়
ঘ মুনাফাজাতীয় প্রদান

**১০. পেটেন্ট ও ট্রেডমার্ক কোন শ্রেণির ব্যয়?**
ক মূলধনজাতীয় ব্যয় খ মুনাফাজাতীয় ব্যয়
গ বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়
ঘ পরিচালন ব্যয়

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
মি. মিরন জার্মান থেকে ৫,০০,০০০ টাকা মূল্যের যন্ত্রপাতি আমদানি করেন, এজন্য তাকে জাহাজ ভাড়া ২০,০০০ টাকা এবং আমদানি শুল্ক ১০,০০০ টাকা প্রদান করতে হয়। পরবর্তীতে তিনি উক্ত যন্ত্রপাতি ৬,০০,০০০ টাকায় বিক্রয় করেন।

**১১. মি. মিরনের মূলধনজাতীয় ব্যয় কত?**
ক ৫,২০,০০০ টাকা খ ৫,৩০,০০০ টাকা
গ ৫,০০,০০০ টাকা ঘ ৬,০০,০০০ টাকা

**১২. মি. মিরনের মূলধনজাতীয় আয় কত?**
ক ১,০০,০০০ টাকা খ ৮০,০০০ টাকা
গ ৭০,০০০ টাকা ঘ ৬,০০,০০০ টাকা

**১৩. উত্তোলন কোন শ্রেণির হিসাব?**
ক আয় খ ব্যয়
গ দায় ঘ মালিকানাস্বত্ব

**১৪. পাওনাদার কোন শ্রেণির হিসাব?**
ক আয় খ ব্যয়
গ দায় ঘ সম্পদ

**১৫. বাট্টা প্রাপ্তির জন্য কোন হিসাবকে ডেবিট করা হয়?**
ক নগদান খ ব্যাংক
গ দেনাদার ঘ পাওনাদার

**১৬. অগ্রিম প্রাপ্ত আয় কী নির্দেশ করে?**
ক সম্পদ খ দায়
গ আয় ঘ নিট লাভ

**১৭. প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ করতে হয় কোনটি?**
ক পণ্য ক্রয় খ পণ্য বিক্রয়
গ বকেয়া বেতন ঘ আন্তঃফেরত

**১৮. কখন সমন্বয় দাখিলা প্রস্তুত করতে হয়?**
ক হিসাবকালের শুরুতে
খ আর্থিক বিবরণী তৈরির সময়
গ আর্থিক বিবরণী তৈরির পর
ঘ হিসাবকালের মাঝামাঝি সময়

**১৯. ব্যাংক চার্জ ধার্য হলে ডেবিট হবে কোন হিসাব?**
ক ব্যাংক খ ব্যাংক চার্জ
গ নগদান ঘ ব্যাংক সুদ

**২০. প্রতিষ্ঠানকে কেমন চেক প্রদান করা হয়?**
ক দেয় চেক খ প্রদেয় চেক
গ দাগকাটা চেক ঘ নির্দিষ্ট পরিমাণ

**২১. খতিয়ান থেকে জানা যায়–**
i. মোট আয়
ii. মোট ব্যয়
iii. মোট সম্পদ ও মোট দায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২২. ঐচ্ছিকভাবে সংরক্ষণ করা হয় কোনটি?**
ক জাবেদা খ খতিয়ান
গ আর্থিক বিবরণী ঘ সমন্বয় দাখিলা

**২৩. শূন্য উদ্বৃত্তের হিসাবকে কী বলে?**
ক জের টানা খ পোস্টিং
গ সমান হিসাব ঘ সমতাপ্রাপ্ত

**২৪. যখন ত্রুটি ভুল অন্য একটি ভুলের দ্বারা সংশোধিত হয়ে যায় তখন তাকে কী বলে?**
ক নীতিগত ভুল খ পরিপূরক ভুল
গ লেখার ভুল ঘ বাদ পড়ার ভুল

**২৫. হিসাববিজ্ঞানের জ্ঞানের অভাবে যেসব ভুলের সৃষ্টি হয় তাকে কী বলে?**
ক লেখার ভুল খ নীতিগত ভুল
গ পরিপূরক ভুল ঘ বেদাখিলার ভুল

**২৬. মূলধনজাতীয় ব্যয়কে মুনাফাজাতীয় ব্যয় হিসাবে লিপিবদ্ধ করলে কোন ধরনের ভুল হয়?**
ক লেখার ভুল খ বেদাখিলার ভুল
গ পরিপূরক ভুল ঘ নীতিগত ভুল

**২৭. পরিপূরক ভুলের অপর নাম কী?**
ক বেদাখিলার ভুল খ লেখার ভুল
গ নীতিগত ভুল
ঘ স্বয়ংসংশোধিত ভুল

**২৮. চলতি বছরের আয় থেকে চলতি বছরের ব্যয়গুলো বাদ দিলে কী পাওয়া যায়?**
ক নিট আয় খ মোট আয়
গ লাভ ঘ ক্ষতি

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
মিলন ট্রেডার্সের হিসাব বই থেকে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিম্নোক্ত তথ্যাদি সংগৃহীত হয়েছে–
ক্রয় ১,২০,০০০ টাকা; ক্রয় বাট্টা ৬,০০০ টাকা; সাধারণ খরচ ১২,০০০ টাকা; বহিঃফেরত ৪,০০০ টাকা; আমদানি শুল্ক ৫,০০০ টাকা; আসবাবপত্র ক্রয় ৪০,০০০ টাকা।

**২৯. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে নিট ক্রয়ের পরিমাণ কত?**
ক ১,৫০,০০০ টাকা খ ১,৩০,০০০ টাকা
গ ১,৩২,০০০ টাকা ঘ ১,১০,০০০ টাকা

**৩০. উদ্দীপকে পরোক্ষ খরচ কোনটি?**
ক পণ্য ক্রয় খ আসবাবপত্র ক্রয়
গ আমদানি শুল্ক ঘ সাধারণ খরচ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ক | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ক | ৮ | ক | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ঘ |
| ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ঘ |

5242011